শ্রীশ্রীগুরুগোরাঙ্গে জয়তঃ

"আদদানস্তৃণং দন্তিরিদং যাচে পুনঃ পুনঃ। শ্রীমদ্রেপ-পদান্তোজ-ধূলিঃ স্থাং জন্মজন্মনি॥"

নিবেদন

পরমপূজনীয় শ্রীশ্রীরূপানুগভক্তবৃন্দের শ্রীচরণকমলে সাষ্টাঙ্গদণ্ডবংপ্রণতিপূর্বক নম্র নিবেদন,—

আমার নিত্যমঙ্গল বিধানের নিমিত্ত পতিতপাবন পরম করুণাময় শ্রীশ্রীগুরু-বিষ্ণবর্গণ কতিপয় বর্ষ পূর্বে আমাকে পরমারাধ্যতম শ্রীশ্রীল রূপগোস্থামিপ্রভূপাদ-বিরচিত শ্রীশ্রীস্তবমালার পতাত্ত্বাদ করিয়া গ্রন্থাকারে প্রকাশের জন্ম রূপাদেশ প্রদান করিয়াছিলেন। অত্যন্ত তৃঃথের সহিত নিবেদন করিতেছি যে, শ্রীশ্রীলরূপগোস্থামিপাদের অপ্রাকৃত কাব্যের রসাস্থাদনে আমি সম্পূর্ণ বঞ্চিতা, আপন অনন্ত অযোগ্যতা-বশতঃ আমি হৃদয়ে অতিশয় বেদনা বোধ করিয়া থাকি। নিজকে এই সেবাকার্যের একান্ত অসমর্থ জানিয়াও কেবলমাত্র শ্রীশ্রগুরুবৈষ্ণবর্দের কুপাজ্ঞাপাদনের জন্মই আমার এই ক্ষুদ্র প্রয়াস।

পরমকরুণ অদোষদরশী শ্রীশ্রীগুরুবৈষ্ণববর্গের শুভাশীর্বাদই এই সেবাকার্যে একমাত্র সম্বল। পরমপূজ্যপাদ শ্রীল ক্ষুদাস কবিরাজ গোস্বামিপ্রভুক্বত শ্রীশ্রীচৈতন্ত্রচরিতামূতের নিম্নোক্ত পংক্তি কয়টি বারংবার শ্বতিপটে উদিত হইতেছে।

"মূর্য, নীচ, ক্ষুদ্র মুঞি বিষয়-লালস। (শ্রীগুরু-) বৈষ্ণব-আজ্ঞাবলে করি এতেক সাহস॥ শ্রীরূপ-রঘুনাথ চরণের এই বল। যাঁর স্মৃতে সিদ্ধ হয় বাঞ্চিত সকল॥" পরমোদার, রূপাসিরু গুরুবৈষ্ণবগণ এই পতিতাধমার অশেষ অপরাধ ক্ষমা করিয়া এই পতাত্মবাদের ভ্রম-প্রমাদাদি সংশোধনান্তে পাঠ করিবেন, এই বিনীত প্রার্থনা।

শ্রীমং স্থলরানন্দ বিভাবিনোদ মহোদয় বিশেষ রূপাপূর্বক এই শ্রীগ্রের ভূমিক। লিখিয়া আমাকে কৃতক্বতার্থা করিয়াছেন। পরম করুণাকন্দ শ্রীশ্রীমদ্ গৌর-নিত্যানন্দ তাঁহাকে সেবানন্দময় স্থদীর্ঘ জীবন প্রদান করুন,—সকাতরে এই ক্রপাভিক্ষা করিতেছি।

শ্রীণামবৃন্দাবনস্থ শ্রীমদনমোহনঘেরানিবাসী পণ্ডিত শ্রীহরিজনানন্দ বন্দারীজী এই শ্রীগ্রন্থের পাণ্ড্লিপি প্রস্তুতকরণে ও প্রফল্ দেখার কার্যে প্রচুর পরিশ্রম করিয়াছেন। এই গ্রন্থথানির ষষ্ঠ ফর্মা ছাপার পর বন্দাচারীজী তাঁহার চিরপ্রাথিত শ্রীব্রজরজঃ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার অকপট সাহায্য না পাইলে শ্রীগ্রন্থিতির প্রকাশই অসম্ভব হইত বলিয়া মনে হয়। পরম করুণাবরুণালয় শ্রীশ্রীপ্রারাঙ্গ-নিত্যানন্দ-পাদপদ্মে শ্রীহরিজনানন্দজীর নিত্যকল্যাণ বিধানের নিমিত্ত আন্তরিক প্রার্থনা জানাইতেছি। ভগবদিচ্ছায় নানা অনিবার্য কারণে এই ধ্রন্থ্যপূদ্রণাদি কার্য শেষ করিতে বংসরাধিক কাল কাটিয়া গেল।

আমার অযোগ্যতার কোনও সীমা নাই। অপ্রাক্কত রসিককুলমুকুটমণি শ্রীশ্রীল রূপপাদের অষ্টকাবলীর পতান্ত্বাদে অসংখ্য ভূলক্রটি সংঘটিত হইয়াছে; পরিশেষে তজ্জ্য শ্রীশ্রীরূপান্ত্রগ গুরুবৈষ্ণবঠাকুরবুন্দের শ্রীপদারবিন্দে অবনতমস্তকে মার্জনা যাজ্জা করিতেছি। যদি এই পতান্ত্বাদ পাঠে কাহারও হৃদ্যে পরানন্দ-রসের এক কণিকাও সঞ্চারিত হয়, তাহা হইলেই আপনাকে ধতাতিধতাঃ জ্ঞান করিব। ইতি—

শ্রীধাম বৃন্দাবন শ্রীশ্রীরূপ-পাদের বিরহ-তিথি ১৯ শ্রাবণ, ১৩৬৭ বঙ্গাদ।

শ্রীশ্রীরূপান্থগভক্তবৃন্দের শ্রীপাদপদ্মরেণুভিথারিণী দীনাতিদীন। অপর্ণা দেবী।

অন্পিত্চরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলো

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

আশীর্বাণী-বন্দনা

মৃকং করোতি বাচালং পঙ্গুং লজ্যয়তে গিরিম্।
কৃষ্ণপ্রিয়তমং বন্দে তং গুরুং করুণাময়ম্॥
"শ্রীমদ্রপদান্তোজ-দ্বন্ধং বন্দে মৃহ্যু হাঃ।
যশ্য প্রসাদাদ্রজোহিপি তন্মতজ্ঞানভাগ্ ভবেং॥"
"সমস্তজনমঙ্গল-প্রভব-নামর্ত্রামুধে
শচীস্ত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে রুপাম।"

শ্রীমন্ত ক্রিরাম্ত দির্কার শ্রীশ্রীল রূপগোস্বামিপাদ স্থাদয়-ব্রজ্বনজাত বিচিত্র-বর্ণ-গন্ধ-মকরন্দময় ভাব-স্থব-কুস্থম-স্থবকে প্রাণপ্রেষ্ঠ শ্রীশ্রীরাধাগোবিন্দের নিগৃঢ়-নিকুঞ্জদোবা করিয়াছিলেন। তাঁহার সহাদয় অনুগবর শ্রীশ্রীল শ্রীজীবগোস্বামিপাদ সেই সকল নির্মাল্যস্থবক একত্র আহরণ করিয়া শ্রীরূপান্থগ রিসকজনগণের জন্য যে নির্মাল্য-মাল্য-কণ্ঠাভরণ গুল্ফন করিয়াছেন, তাহাই শ্রীশ্রীস্থবমালা। ইহাই শ্রীজীবপাদ শ্রীস্থবমালার প্রারম্ভে ব্যক্ত করিয়াছেন—

শ্রীমদীশ্বর-রূপেণ রসামৃত-কৃতা কৃতা। স্তব্মালাকুজীবেন জীবেন সমগৃহতে॥

শ্রীজীব স্বীয় উপজীব্যচরণ শ্রীগুরুপাদপদ্মের পরিচয় দিয়াছেন—"রসামৃত্রুৎ।" এই এক টি শব্দের রসধ্বত্যালোকেই শ্রীরূপপাদপদ্মের দর্শন হয়। শ্রীরূপ শ্রীচৈতত্যের রসশিল্লাচার্য। শ্রীকবিরাজ গোস্বামিপাদও বলিয়াছেন,—"শ্রীরূপ-রূপায় পাই ফু ভক্তিরস-প্রান্ত" (চৈ চ ১।৫।২০০)।

শ্রীন্তবমালা শ্রীরূপানুগ ভজনরহস্থারত্বের সম্পুট। শ্রীনামকীত নমুথে লীলা-স্মারণমঙ্গল-পদ্ধতি-স্বরূপা এই স্তবমালা শ্রীরূপের ও শ্রীজীবের অসমোধ্ব অবদান। ইহাতে শ্রীমন্তাগবতরস-মৃতিধর শ্রীচৈত্যপাদাক্তসভূত ও শ্রীমন্তাগবত-রসিদ্ধৃ-মথিত শ্রীরপকৃত ভিজিসিদ্ধান্তামৃত রসগ্রন্থসমূহের নির্যাস নিহিত রহিয়াছে। রসিদিল্লগুরু শ্রীরপ তাঁহার নিকুঞ্জেশ্বরী শ্রীকবিতাস্থানরীকে মনের সাধে নিকুঞ্জনায়কের নয়ন-মনোরম বিচিত্র চন্দে অলঙ্কারে সঙ্গাতে ভঙ্গীতে মণ্ডিত করিয়া শ্রীয় নিত্যসিদ্ধসেবা করিয়াছেন। শ্রীরপের এক একটি বাক্যের ও শব্দের ধ্বনিভেদ পরমরসজ্জগণও সম্পূর্ণ নিরূপণ করিত্তে অসমর্থ। টীকাচার্য শ্রীবিত্যাভূষণপাদ যথার্থই বলিয়াছেন, কর্কণেকসিন্ধু শ্রীরপদেব যদি এই সকল স্থব রচনা না করিতেন, তবে ভক্তগণ শ্রীব্রজরাজস্থতের গুণরপলীলাদি বিষয়ে কিছুই যথায়থ জানিতে পারিতেন না। শ্রীরূপ শ্রীকৈত্যাষ্টকে (২।৬) বর্ণনা করিয়াছেন—

মুখেনাত্রে পীত্বা মধুরমিহ নামামৃতরসং
দৃশোদ্বিরা যন্তং বমতি ঘনবাপ্পামৃমিষতঃ।
ভূবি প্রেমন্তন্তং প্রকটিয়িতুম্লাসিত-তন্তঃ
স দেবশৈচতন্তাকৃতিরতিতরাং নঃ কুপয়তু।

যিনি ভূলোকে গোলোকের প্রেমের স্বরূপ জ্ঞাপন করিবার জন্য—ভগবন্নাম-কীতনিই হইতেছে, সেই ব্রজপ্রেমের হরূপ, ইহা লোকে বুঝাইবার জন্য (ভগবন্নামকীতনিমেব তৎপ্রেমা ভবেদিতি বোধনায়েত্যর্থ: —শ্রীবলদেবভায়) প্রথমে শ্রীম্থের দ্বারা শ্রীনামামৃতরস পান করিয়া (পশ্চাৎ) নয়নযুগলের দ্বারা নিবিড় অশ্রুমোচনছলে সেই নামামৃতরস উদগীরণ করিতেছেন, সেই উল্লসিত-তন্ত্ব শ্রীচৈতন্যাকৃতিদেব আমাদিগকে প্রচুরভাবে রূপা কর্জন।

অপ্রাক্কত-রসাত্তবী লীলাপরিকরণণ স্বতঃই রসের সার অন্তত্তব করেন, আর সকলে যংকিঞানি রসসার আস্বাদন করেন। এই ছইশ্রেণী যথাক্রমে অন্তরঙ্গ ও বহিরঙ্গ নামে ভাগবতে কথিত (প্রীতিসন্দর্ভ ১১০)। শ্রীশ্রীগৌরক্লফ্ষ সর্বকারণকারণ প্রতত্ত্বসীমা বলিয়া তাঁহাতে সমস্ত ভগবল্লীলারসের পরিপূর্ণ সমাবেশ দৃষ্ট হয়। যাঁহাদের রসাস্বাদন-সংস্কার নাই, তাঁহারা কিন্তু শ্রীকৃষ্ণকে শ্রীগীতার তত্ত্বোপদেষ্টানাত্র বা শ্রীগৌরকে বর্ণাশ্রমধর্মের পালক বা ধর্মসংস্কারক, অথবা গৌরনারায়ণরূপে

বিচার করেন। বস্ততঃ বর্ণাশ্রমাদি ধর্মস্থাপন বা নারায়ণরূপে পঞ্চবিধা মৃক্তিদান, কিংবা শুদ্ধভক্তির পুনরুজ্জীবন কার্যের জন্ম সর্বরস রিসকশেখরের প্রপঞ্চে লীলা প্রকটনের প্রয়োজনীয়তা নাই। "শ্রিক্লফটেততা গোসাঞি রসের নিদান। অশেষ বিশেষে কৈল রস আস্থাদন॥ সেই দ্বারে প্রবর্তাইল কলিযুগধর্ম। চৈততাের দাসে জানে এই সব মর্ম॥ (চৈ চ ১।৪।২২৫-২৬)। এই শ্রীরূপাত্মগ সিদ্ধান্ত বাঁহাদের অন্তভ্ত হয় নাই, তাঁহারা শ্রীগৌরাঙ্গকে ন্যনাধিক পূর্বোক্ত বিচারেই পূজা করেন এবং যথার্থ শ্রীরূপাত্মগ রিসকগণকেও 'সহজিয়া' বলিয়া কল্পনা করেন। "প্রাকৃতে রস এব নাস্তি" ইহাই শ্রীরূপাত্মগগণের পরিভাষা-বাক্য।

অপরপক্ষে বৃক্ষন্থিত দ্রাক্ষাফলের রসাস্বাদন দূরে থাকুক, স্পর্শলাভেও বঞ্চিত হইয়া অপ্রাকৃত রসসংস্কারহীন কুতার্কিকগণের স্থমধুর রসময় ফলের প্রতি অম্লবের আরোপ ও অভিযোগ-নীতি তাঁহাদের হৃদয়ে শৈল্যের গ্রায় অবস্থান করে।

প্রীভগবন্নাম-রূপ-গুণ-লীলা-পরিকরাদি সমস্তই হেয়াংশরহিত চৈতন্তরস-স্বরূপ।
এই নামাদিরস-সার যাঁহারা স্বভঃই আস্বাদন করেন, তাঁহারা শ্রীরূপের ও শ্রীজীবের
কথিত নামারুষ্ট্রসজ্ঞ অন্তরঙ্গলীলাপরিকর। শ্রীরূপ ও তদন্তগবর শ্রীজীব সেই লীলা-পরিকরগণেরই অন্তর্ভুক্ত। এই ত্ই মহাজন তাঁহাদের জীবিতেশ্বরী শ্রীরাধারাণীর 'রুষ্ণ' নামাক্ষর আস্বাদনের তুইটি সম্জ্জল চিত্র যথাক্রমে শ্রীবিদগ্ধমাধ্বে (১০০)
ও শ্রীগোপালচম্পৃতে (পূর্ব ১৫।২২) অন্ধন করিয়াছেন। শ্রীরূপের বিদগ্ধমাধ্বে
শ্রীপৌর্ণমাসীর কথিত "তুণ্ডে তাণ্ডবিনী রভিং" ইত্যাদি শ্লোকটির জান্তরপ
শ্রীজীবপাদের শ্লোকটির নিমে দিগ্দর্শন করা হইতেছে—

শ্রব্যাণাং স্বাদসারং শ্রুতিরন্থমন্থতে যত্তু যদা স্থধান্ধে-র্মন্থাল্লবং রসজ্ঞা স্থক্ষদিজস্থথং চিত্তবৃত্তির্ঘদেব ! কিন্তং ক্ষণ্ডেতি বর্ণদ্বয়ময়মথবা ক্ষণ্ডবর্ণচ্যুতীনা-মাজীব্যঃ কোহপি শশ্বংস্কুরতি নবযুবেত্যুহয়া মোহিতাশ্মি॥

শ্রীরাধা স্বগত বলিতেছেন—'কুষ্ণ' এই বর্ণদ্বয়াত্মক নাম আমার কর্ণে, জিহ্বায় ও চিত্তবৃত্তিতে স্ফুরিত হইয়া নিরন্তর পরমানন্দসার বিস্তার করিতেছেন ? অথবা কৃষ্ণবর্ণ হ্যতিবিশিষ্ট (নীলকান্তমণিময়বিগ্রহধারী) কোন নবকিশোর নটবর নিরন্তর স্ফুরিত হইয়া আমাকে এরপ আনন্দ দান করিতেছেন ? তাহা আমি বিশেষরূপে অনুসন্ধান করিয়াও স্থির করিতে না পারিয়া মোহিত হইতেছি।

শ্রুভি—(১) কর্ণ ও (২) বেদ। [১] কর্ণ যাঁহাকে শ্রব্যরসকাব্যের রসনির্যাসরূপে নিরন্তর (অনু) অনুভব বা আস্বাদন করে (মনুভে); [২] বেদ যাঁহাকে শ্রবণীয় মন্ত্রসমূহের মধ্যে দ্র্শেষ্ঠ আস্থাদনীয় মহামন্ত্রপে নিরন্তর অঙ্গীকার করেন; রঙ্গজা—(১) জিহ্বা ও (২) রসিকগণ। [১] জিহ্বা যাহাকে মধুরতা, মাদকতা, সঞ্জীবকতা, সৌরভময়তা ইত্যাদি গুণযুক্ত অমৃত-সমুদ্রের মন্থনোডুত সাররূপে নিরন্তর আস্বাদন করে; [২] রসকলাবিদ্পণ যাঁহাকে প্রেমামৃতসমুদ্রের মন্থনোডুত নবনীতরূপে নিরস্তর আস্বাদন করেন। চিত্তরতি—(১) অন্তঃকরণের অনুসন্ধানা আিকাবৃত্তি ও [২] নায়িকাদির চেষ্টা (সাহিত্যদর্পণ ৬।১৪০ ; নাটকচন্দ্রিকা ৪৪৩, ৪৬৮, ৫০০)। [১] অন্তঃকরণের অহুসন্ধানাত্মিকাবৃত্তি যাহাকে নিঃশেষরূপে অহুসন্ধান করিয়া হর্ষযুক্ত হৃদয়োখ স্থ্যাররপে (স্বর্পশক্ত্যানন্দোখিত প্রমানন্দরপে) নিরন্তর অমুভ্ব করে। [২] চিত্তকে রসভাবনায় বিভাবিত করিবার উপজীব্যরূপা এরং নৃত্যগীতবিলাস-মূত্-শূঙ্গারাদি সমন্বিতা যে কৈশিকী বুত্তি (যাহা শৃঙ্গাররসময়ী নায়িকাদির চেষ্টা) যাঁহাকে প্রেমানন্দসাররূপে নিরন্তর আস্বাদন করেন, তাহা কি বস্তু? 'কুষ্ণ'— এই তুইটি অক্ষর (বর্ণদ্বয়াত্মক নাম)? অথবা, 'ক্লফ্ট' এই তুইটি অক্ষরের (নামের) এবং ক্লফ্ড্যুতিকদম্বের (বিগ্রহের) উপজীব্য কোন নবকিশোর নটবর (স্বরূপ) — যিনি নিরন্তর স্ফুতিপ্রাপ্ত হইতেছেন, তাহা বিতর্কের দারা ব্ঝিতে না পারিয়া আমি মোহিত হইতেছি। তাৎপর্য এই—কর্ণে, জিহ্বায় ও চিত্তবৃত্তিতে কৃষ্ণনামাক্ষরদ্বয়ের শ্রবণকীর্তনরূপ বিলাসজাত যে প্রমানন্দ স্ঞারিত হয়, তাহাতে কৃষ্ণস্বরূপ-রূপগুণলীলাদির পরিপূর্ণ স্ফৃতি হইয়া থাকে। কৃষ্ণনামাক্ষরের বিলাসের সহিত সাক্ষাৎ নামী ক্লফের বিলাসের কোনই পার্থক্য নাই। শ্রীরাধাকে প্রীক্লফনাম নামীরই স্থায় সম্পূর্ণ মুগ্ধ করেন।

শ্রীনামের তার মংস্তা-কুর্যাদি ভগবদ্রপও অপ্রাক্তরদের মূর্ত্তবি গ্রহ (সিরু ২।৫।১১ । এক্রিফরেপ অখিলরসামৃতমূর্তি—শৃঙ্গাররসময়। রূপের ভায় গুণও চৈতন্ত-রসময়। শ্রীব্রজেন্সেনের লাম্পট্যাদি 'দোষ' নহে, তাহা শ্রীনারদ, শ্রীউদ্ধব, শ্রীশুকাদি মহদ্গণের প্রশংসিত পরমগুণ এবং তাহাতে অপ্রাকৃত রসোল্লাস-চর্বণার পরাকাষ্ঠা অপ্রাকৃত-রসিক্পণ অনুভব করেন 💥 যাদবাদি পরিকরবৃন্দ চন্দ্রের সহিত যুক্ত তারকারাজির ন্যায় রসস্থাকর শ্রীক্লফের সহিত সতত সংযুক্ত (ভঃ ১০।৭০,১৮)। স্থতরাং সেই সকল পরিকরের মধ্যে কোন প্রকার হেয়তা বা তাঁহাদের পাতিত্যাদি দোষ কল্পনাকারী স্বয়ংভগবানেরই পাতিত্য (!) কল্পনা করেন (শ্রীক্লফসন্দর্ভ ১২২)। ভগবানের স্প্রাদি नौना इटेए लोकिको नौना (नत्रवर नौना) প্রমরসম্যী এবং বাল্যাদি লীলা প্রবাহরপে নিত্য ও সচ্চিদানন্দ স্বরূপ। জন্মলীলা গোলোকে প্রকাশিত হয় না বলিয়া গোলোক হইতে মাথুর মণ্ডলস্থিত গোক্লের (মাথুরঞ্ছিধা প্রাহুর্গোকুলং প্রমেব চ) শ্রেষ্ঠতা (গোলোক গোকুলের বৈভব) এবং সর্বলীলা-প্রকাশিত বলিয়া গোকুল হইতেও বৃন্দাবনের শ্রেষ্ঠতা। "বৈক্ঠাজ্জনিতো বরা মধুপুরী" ইত্যাদি শ্লোকে (উপদেশামৃত ১) উত্তরোত্তর রসপ্লাবনের চমৎকারিতা-হেতু গোলোক হইতে গোকুল, তাহা হইতে বৃন্দাবন, তাহা হইতে গোবৰ্দ্ধন ও তাহা হইতে রাধাকুণ্ডের সর্বশ্রেইতা শ্রীরূপপাদ প্রদর্শন করিয়াছেন। বৈকুণ্ঠ-শব্দে গোলোক (পদ্মপুরাণ, পাতাল ৪৫ অধ্যায় ও স্তবমালা, নন্দাপহরণ দ্রষ্টব্য)। ভগবানের জন্মলীলা রসময়ী ও তাঁহার উপাসক-সম্প্রদায় আছেন। কিন্তু ভগবানের অন্তর্ধান-লীলার উপাদক নাই। এজগুই শ্রীচৈতগুলীলা-রসিকগণ শ্রীমন্মহাপ্রভুর জন্মলীলা সবিস্তারে বর্ণন করিয়াছেন, কিন্তু অন্তর্ধান-नीनांत कांन वर्गन करतन नारे। बीक्रस्थित योघननीना रेखकारनत गांग মায়িক। লীলান্তরের নিত্যত্ব গোপন করিবার নিমিত্তই লীলাশক্তির ইচ্ছায় মায়িকী লীলার প্রকাশ। অরসিক ও কুরসিক সম্প্রদায়ের মায়াময় বস্তুতে কৌতৃহলের উদ্রেক হয়, এজন্য তাহারা অপ্রাক্ত লীলারসাম্বাদনে বঞ্চিত।

শ্রীজীব যে ক্রমান্থপারে স্থবমালা গ্রন্থন করিয়াছেন, সেই ক্রম ও গুম্ফনশৈলীর মধ্যেই শ্রীরূপান্থপভজনপদ্ধতির বৈজ্ঞানিক ক্রম ও রূপরিপাটী নিহিত রহিয়াছে।

^{*} অতস্তাসাং স্বরূপশক্তিতাদেৰ শ্রীভগবতস্তাভিঃ সহ বিরংসা জাতা (শ্রীরাধাকৃষ্ণার্চন ৮৩, শ্রীজীব)।

বতিমান গ্রন্থের প্রবীণা সম্পাদিকা একান্ত ভজননিষ্ঠা হইয়া শ্রীবৃদাবনধাম আশ্রেয়ে শ্রীশ্রীগুরুবৈষ্ণববর্ণের ক্বপাদেশে শ্রীক্রপপাদের শ্রীন্তবমালা হইতে কেবল অষ্টকাবলীর (শ্রীমথুরাষ্টক ব্যতীত) প্যান্তবাদ রচনা করিয়া ভক্ত-সমাজে শ্রন্ধামাত্র-মূল্যে বিতরণার্থ প্রকাশ করিয়াছেন। শুনিয়াছি, তিনি শ্রীক্রপের সমগ্র গীতাবলীরও প্যান্তবাদ করিয়াছেন। এই সকল ভাঁহার প্রায় অর্দ্ধশতাব্দীকালব্যাপী ভক্তিসাহিত্যসাধনার ফলস্বরূগ। পূজনীয়া সম্পাদিকা শ্রীধাম হইতে এই পতিতাধমকে অনেকদিন যাবং একটি "ভূমিকা" লিথিয়া দিবার জন্ম সনির্বন্ধ অন্থরোধ জ্ঞাপন করিতেছিলেন। বৃদ্ধা মাতৃদেবীর আজ্ঞার গ্রাহার উক্ত আদেশ লজ্মন করিতে না পারিয়া এবং অষ্টকপাঠকের প্রতি শ্রীক্রপপাদের অইতুক পরম আশ্রিবাদ্দমূহ শ্বরণ করিয়া শ্রীক্রপপাদের ব্যতি ছইটি প্রথ্যাত জগনঙ্গলাশীর্বাদকেই ভূমিকার্গপে অবলম্বনপূর্বক "শ্রীক্রপের রসপ্রস্থানের ভূমিকা" রচিত ও এতৎসহ সংযুক্ত হইল।

শ্রীরপের "অনপিত্চরীং চিরাৎ" এবং "শ্রীচৈত্ত্যমুখোদনীর্ণা হরে-কৃষণেতি-বর্ণকাঃ" ইত্যাদি আশীর্বাদ-শ্লোকদ্বয় যে বেদসার পরমবাস্তব সত্য উহার কোনও অংশই বা একটি শব্দও অতিরঞ্জিত বা নিরর্থক নহে, তাহাই অলৌকিক ও লৌকিক রসজ্ঞগণের রসবিচার-ধারা, বিভিন্ন তথ্যরাজি ও শ্রীমন্তাগবত্তিদিদ্ধান্তের সাহায্যে তুলনামূলক আলোচনা দ্বারা প্রদর্শন করিবার এবং তদ্বারা শ্রীরপের রসপ্রস্থানের অসমোধ্ব ও অতুলনীয় উৎকর্ষ-চমৎকারিতার দিগ্দর্শন করিবার প্রবল প্রেরণাই এই স্বত্বঃসাহিদিক কার্য্যে প্রবৃত্ত করাইয়াছে। এজন্য সগণশ্রীরপপাদ ও শ্রীরূপান্থগ বৈষ্ণবর্দদের চরণে ক্ষমা-প্রার্থনা করিতেছি।

শ্রীরূপামুগ-গণের শ্রীপাদপদ্মে প্রণত হইয়া যেন অকপটে প্রার্থনা করিতে পারি—

"যদি জন্ম হ্নেকং স্থাৎ শ্রীরূপচরণাশয়।
তচ্চ স্বীকৃত্মস্মাভিনান্তৎ শীঘ্রমিহাপি চ॥"
"শ্রীরূপেণ প্রবলকরুণাশালিনা দশিতং ঘনাদৃঙ্ম্প্রপ্রকৃতি-জনতা-শ্রেয়সে রাগবর্জ।
তিস্মিন্ যেষাং রতিরতিতরাং বর্ততে সারভাজাং
তেষাং পাদাসুজনতিমতী কোটিশঃ স্থাজ্জনির্মে॥"

শ্রীপুরুষোত্তমধাম, শ্রীস্নান্যাত্রা, ৫ আষাঢ়, ১৩৬৬ শ্রীমদ্বৈষ্ণবদাসাত্মদাসাভাস শ্রীস্কলরানন্দ দাস (বিতাবিনোদ) ।

শ্রীশ্রীগুরুগোরাঙ্গো জয়তঃ

গ্রীরূপের রসপ্রস্থানের ভূমিকা

শ্রীচৈতন্ত্রনভিত্তিস্থাপক শ্রীরূপ

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুনীলিতং যেন তাম্মে শ্রীগুরবে নমঃ॥

(প্রীগোতমীয়তন্ত্র ৭ম অঃ)

শ্রীচৈতন্তমনোইভীষ্টং স্থাপিতং যেন ভূতলে।
সোইয়ং রূপঃ কদা মহৃং দদাতি স্বপদান্তিকম্॥
(শ্রীপ্রেমভক্তিচন্দ্রিকা)

শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের ক্বত উপরি-উক্ত শ্রীশ্রীরূপ-পাদপদ্ম-বন্দনার প্রসাদী ধ্বক্তালোক আমাদের চিত্তগুহার অন্ধকার বিনাশ করুন। বন্দনার প্রত্যেকটি শব্দ বিবিধ রস্ধ্বনিতে পরিপূর্ণ। শ্রীকৃষ্ণরস্তত্ত্ববিৎ শ্রীমন্ত্রগুরুদেবের ক্রপায় অনাদি-অজ্ঞানান্ধ জীবের চক্ষ্ উন্মীলিত হইলে সেই চক্ষ্র যে শ্রীচৈতন্তরূপ-সংসর্গের জন্ম স্বাভাবিক সাতিশয় তৃষ্ণা, তাহাই 'রাগ' (শ্রীভক্তিসঃ ৩১০)।

শ্রীরপ শ্রীচৈতন্মের মনোভীষ্টের স্থাপক। সর্বতোভাবে পৃজিত, অভিপ্রেত (শ্রীশ্রীধর ভা ১০।১৪।৪১) বা প্রিয়তম (শ্রীসনাতন-ঐ) বস্তুকে অভীষ্ট বলে। রসশাস্ত্রান্থপারে (শ্রীনাটকচন্দ্রিকা ৩১১) রসাস্থাদনের ইচ্ছাবশতঃ হৃত্যবস্তুতে যে মমতা তাহা অভিপ্রায় বা অভীষ্ট নামে কথিত।—"অভিপ্রায়ং পরে প্রাহর্মমতাং হৃত্যবস্তুনি"। "শ্রীকৃষ্ণচৈতন্ত গোসাঞি ব্রজেন্দ্রক্মার। রসময়মূর্ত্তি কৃষ্ণ সাক্ষাং শৃঙ্গার॥ সেই রস আস্বাদিতে কৈল অবতার। আনুষঙ্গে কৈল সব রসের প্রচার॥" (চৈ চ ১।৪।২২২-২২৩)। স্বমাধুর্য রসাস্বাদনই শ্রীব্রজেন্দ্রক্মারের হৃত্য। শ্রীরাধার প্রেট্-নির্মল-ভাবরূপ সর্বোত্তম প্রেম শ্রীব্রজেন্দ্রক্

সেই স্বমাধ্র্বরস আস্বাদনের একমাত্র কারণ। সেই শ্রীরাধার ভাবকান্তি-বিমণ্ডিভ হইয়া শ্রীব্রজেন্দ্রকুমার শ্রীকৃষ্ণচৈতন্তরপে সপরিকরে সেই উন্নত উজ্জ্বল রস আস্বাদন করিয়া প্রকটলীলা-কালে সেই রস ক্রপাসিদ্ধের রীতিতে আপামর সকলকে আস্বাদন করাইলেন এবং যাহাতে পরবর্তিকালেও সেই রস আপামর সাধারণ সাধনসিদ্ধের রীতিতে আস্বাদনের অধিকারী হইতে পারেন তজ্জ্য ফে শ্রীচৈতন্তরক্ষেরে নিজান্তর্রপ শ্রীরূপের দারা তাহা পরিবেষণ করাইবার অভিলাষ, তাহাই শ্রীচৈতন্তমনোভীষ্ট।

'স্থাপক' শক্টিও রসশান্ত্রীয় পরিভাষা। প্রধান নটকর্ত্ব পূর্বরঙ্গের (মঙ্গলাচরণের) পরে যিনি রঙ্গে প্রবেশ করিয়া কাব্যার্থ স্থাপন করেন, তাঁহাকে স্থাপক বলে। স্থাপক নাটকীয় বস্তুবীজের স্ট্রনা করেন। স্থাপক প্রধান নটের (স্ত্রধারের) তুল্যগুণ্যুক্ত প্রধান নট বলিয়া 'স্ত্রধার' পদেও উক্ত হয়েন (সাহিত্যদর্পণ ৬।১২)। মহাভাব-রসরাজ-একীভূত-তন্ত্র শ্রীগোর হইলেন স্ত্রধার বা প্রধান নট আর তাঁহারই 'একরূপ' 'যুগল-উজ্জ্ল-রস-তন্ত্র' শ্রীরূপণ লীলারস-কাব্যার্থের স্থাপক।

শ্রীমন্তাগবতে (১০।১৩।৫৪) "সত্যজ্ঞানানস্তানন্দ-মাত্রৈকরসমূর্ত্রয়ঃ" ইত্যাদি উক্তি হইতে জানা যায়, শ্রীবৃন্দাবনে রসসমূহ মূর্ত্তিমান হইয়া অবস্থিত। শ্রীচৈতন্ত্র —রসাস্থিস্বরূপ। শ্রীরূপ সেই রসময়মূর্ত্তি অভীষ্টদেবের প্রতিষ্ঠাপক।

'রপ' শকটিরও নানা রসধানি আছে। যে সৌন্দর্য-কান্তি-প্রভৃতির সমবায়-বিশেষে অলঙ্কারসমূহ পরম শোভিত হয় (ভঃ রঃ সিঃ ২।১।৩৩৮), শরীরে কোন ভ্ষণাদির পরিধান ব্যতীতও যে অঙ্গপ্রত্যঙ্গ ভৃষিতের ন্যায় প্রকাশিত হয় (উজ্জ্ল ১০।২৫) ইত্যাদি অর্থে অলঙ্কার শাস্ত্রে 'রূপ' শব্দের প্রয়োগ হয়। বিবিধ রসধানির ঐক্যতানে রসিক্গণ শ্রীরূপের বন্দনা আস্বাদন করেন।

শ্রীঅলম্বার-কৌস্তভকার শ্রীকবিকর্ণপূর বলেন,—শ্রীরপ—শ্রীমহাপ্রভুর প্রিয়-স্বরূপ—শ্রীম্বরূপদামোদরের প্রিয় ও স্বয়ংরূপ-তত্ত্বে সর্বোৎকর্ষ-নিরূপক। শ্রীমন্মহাপ্রভুর দয়িতম্বরূপ। প্রেমম্বরূপ—মূর্তিমান্ শ্রীগৌর-কৃষ্ণপ্রেম। সহজাভিরূপ —স্বভাবতঃই মনোরম। শ্রীমহাপ্রভুর নিজানুরপ—প্রেম-প্রচার-বিষয়ে স্বয়ং মহাপ্রভুরই তুল্য। রূপেও (সৌন্দর্যেও) মহাপ্রভুরই তায়। শ্রীমন্মহাপ্রভু সেই শ্রীরূপে স্ববিলাস (নিজ ব্রজ ও নবদীপ-লীলা) ও স্ব-রূপ (রসতত্ত্ব) সঞ্চার করিয়াছেন। (শ্রীচৈততাচন্দ্রোদ্য ১০০০)

শ্রীচৈতশুকৃষ্ণ কর্তৃক আদিকবিতে শক্তিসঞ্চার-লীলা

শ্রীকবিরাজ গোস্বামিপাদ "বুন্দাবনীয়াং রসকেলিবার্ত্তাং" ইত্যাদি শ্লোকে (চৈ: চ: ২।১৯।১) বলিয়াছেন, শ্রীগৌরহরি পূর্বকল্পের লীলায় জগতে যে ব্রজরস-কেলি-বার্তার প্রচার করিয়াছিলেন, তাহা এই স্থদীর্ঘ-কাল-মধ্যে লুপ্ত হওয়ায় শ্রীমনহাপ্রভু উৎকণ্ঠিত হইয়া শ্রীরূপে শক্তিসঞ্চারপূর্বক সেই রসকেলিবার্ত্তা পুনরায় বিস্তার করেন, যেরূপ কল্লারন্তে বন্ধাতে শক্তিসঞ্চার করিয়া লোকস্ষ্ট বিস্তার করিয়াছিলেন। শ্রীমদ্তাগবত (১।১।১) হইতে জানা যায়, কল্পারম্ভে শ্রীক্লফ্র আদিকবি শ্রীব্রন্ধাতে (বা আদিরসের কবিতে) সম্বল্পমাত্রেই স্ব-তত্ত্ব (বা আদিরস-তত্ত্ব) বিস্তার করিয়াছিলেন (তেনে ব্রহ্ম হাদা য আদিকবয়ে)। শ্রীব্রহ্ম-শংহিতা (৫।২৩-২৪) হইতে জানা যায়, আদিগুরু শ্রীকৃষ্ণ-কর্তৃক সংস্কৃত ব্রহ্মা বেদসার স্তবের দারা শ্রীকৃষ্ণের স্ততি এবং পূর্বসংস্কারবশতঃ শ্রীকৃষ্ণের আদিষ্ট সেবা করিয়াছিলেন। "ততান রূপে স্ববিলাসরূপে" (প্রীচৈতক্সচন্দ্রোদয় নাত॰) এবং "হাদি যস্ত্র প্রেরণয়া প্রবর্ত্তিতোহহং" (ভঃ রঃ সিঃ ১।১।২) এই উক্তি হইতেও তদ্রপ জানা যায়, বর্ত্তমান কল্পের লীলায় আগুহরি শ্রীগোরহরি শ্রীরূপ গোস্বামীতে সর্বতত্ত্ব বিস্তার করেন এবং শ্রীগৌরশক্তিসঞ্চারিত শ্রীরূপ বেদসার "অনপিতচরীং চিরাৎ" ইত্যাদি শ্লোকের দারা শ্রীগৌরাঙ্গের স্তব করেন। পূর্বসংস্কারবশতঃ (পূর্বকল্পে শ্রীগোরাঙ্গলীলার রসাচার্যত্ব-হেতু) শ্রীরূপ শ্রীচৈত্যাদিষ্ট মনোহভীষ্ট ব্রজরদের স্থাপনা করেন। অতএব প্রতি কল্পেই শ্রীরূপ শ্রীগৌরক্ষণের রস-প্রস্থানের শিল্প-প্রজাপতি বা আদিকবি (আদি বা উজ্জ্ল-রসের কবি)।

শ্রীম্বরূপ-শ্রীরাম রায়-প্রমুখ আরও বহু অন্তরঙ্গ ভক্ত থাকিতে শ্রীমন্মহাপ্রভুর শ্রীরূপে শক্তিসঞ্চারের কারণ কি? শ্রীবিশ্বনাথ চক্রবর্তিপাদ বলেন, শ্রীরাধারাণী যেরপ পৌর্ণমাসী বৃন্দাদির প্রতি এবং জ্যেষ্ঠাকল্পা ললিতা বিশাখাদির প্রতি গৌরববুদ্ধিবশতঃ শ্রীকৃষ্ণসহ নিজ রহংলীলার সমস্ত কথা শ্রীরূপ-মঞ্জরীর নিকটই নিঃসঙ্কোচে ব্যক্ত করেন, সেইরূপ শ্রীরাধাভাবাঢ্য প্রভূ সম্পূর্ণ নিঃসঙ্কোচ স্থানে—শ্রীরূপহৃদয়েই শ্রীশ্রীরাধাকৃষ্ণলীলার রহস্যোদ্ঘাটন-সিদ্ধান্ত-শাস্ত্র-বর্ণনার্থ শক্তিসঞ্চার করেন।

"যঃ কৌমারহরঃ" ইত্যাদি লৌকিক কবির শ্লোকটি, যাহা শ্রীমন্মহাপ্রভু কীর্ত্তন ও আস্বাদন করিতেন, সেই শ্লোকের মহাপ্রভুর হালত গৃঢ় ভাবান্থযায়ী রসধ্বনি নীলাচলে শ্রীশ্রীস্বরূপ-রামরায়াদির অবস্থানকালে শ্রীরূপই "প্রিয়ঃ সোহয়ং রুষ্ণঃ" ইত্যাদি সকৃত শ্লোকে ব্যক্ত করিয়া শ্রীমন্মহাপ্রভুর অশেষ প্রীতিভাজন হইয়াছেন। ইহাতেও শ্রীরূপের সহদয়তা ও শ্রীচৈতত্যের রসধ্বনিপ্রস্থানের নিত্যসিদ্ধ আচার্যাত্ব প্রমাণিত হয়। শ্রীমন্মহাপ্রভু রামকেলিতে শ্রীশ্রীরূপননাত্মকে "পুরাতন দাস" (চৈঃ চঃ ২৷১৷২০৭) বলিয়াছিলেন। অতএব স্বীয় নিত্যসিদ্ধ অস্তরঙ্গ ভক্তকে ব্যক্ত করিবার উদ্দেশ্যেই শ্রীমনহাপ্রভু কর্তৃক আধুনিকবৎ শক্তিসঞ্চার-লীলা (শ্রীচরিতামৃত-টীকা, ২৷১৯৷১২১)।

প্রীভগবান্ নিজ নিত্যলীলাপরিকরগণকেই উপলক্ষ করিয়া অপরকে শিক্ষা প্রদান করেন। লীলাপরিকরগণের সর্বক্ষেত্রেই ইহা জানিতে হইবে।
—(প্রীভক্তিসন্দর্ভ ৬৬)। প্রীচক্রবর্তিপাদও (সারার্থদর্শিনী ১২।১৩।২১) বলেন,
যাঁহারা জীবকুলকে মঙ্গল গ্রহণ করাইবার কৌশল-বিষয়ে পরম নিপুণ, সেই
সকল মহারূপালু মহদ্গণ কোন মহাপ্রসিদ্ধ (নিজপ্রিয় ও স্থবিখ্যাত)
ব্যক্তিকে উপলক্ষ করিয়াই জগতে হিতোপদেশপরপরা দানের নীতি অবলম্বন
করেন। প্রীকৃষ্ণলীলায় প্রীমজুনের ও প্রীউদ্ধরের মোহ ও অন্তাবেশ, প্রীমজ্রুরের
ও প্রীমাদবগণের নানাপ্রকার ব্যবহার ও পরস্পর কলহাদি, শিশুপাল দন্তবক্রের
রুষ্ণবিরোধ (ক্রমসন্দর্ভ ৭।১।৩২ ও মাধুর্যকাদম্বিনী ৪ অমু), জগদ্গুরু প্রীমহাদেবের
মোহিনীরূপ দর্শনে মোহ ইত্যাদি এবং প্রীগোরকৃষ্ণলীলায় জগাই-মাধাই,
চোট প্রীহরিদাস, প্রীকালাকৃষ্ণ দাস, প্রীবলভন্ত ভট্টাচার্য, প্রীদেবানন্দ পণ্ডিত

প্রীরামচন্দ্র প্রী, প্রীত্রন্ধানন্দ ভারতী প্রমুথ লীলাসঙ্গিগণের নানা ব্যবহার কিংবা শ্রীশ্রীরূপ-সনাতন-রঘুনাথাদির পূর্বে বিষয়ীর সঙ্গে অবস্থিতি ও সাধকবৎ আচরণ কোনটিই সেই সেই নিত্যভগবৎপরিকরগণের অনর্থের পরিচায়ক নহে এবং শ্রীভগবানের নিজ প্রিয়জনগণের প্রতি দণ্ডাদিলীলা বা উপদেশাদিও তাঁহাদের জন্ম নহে — তাহা জহল্লক্ষণা-দারা (ভগবৎল্লীলাসঙ্গিগণকে পরিত্যাগপূর্বক) ভক্তিপথের সাধকসম্প্রদায়ের জন্ম—(শ্রীভক্তিসন্দর্ভঃ ৬৬)। "তদ্ধারান্ত্রেভ্য এবোপদেশোহয়ম্" (ক্রমদন্দর্ভঃ ১১।৭।৬); "স্বব্যাজেনান্তান্তদিশৈবেতি জের্ম্" (ঐ ১১।২৯।৪০)। —"বি মেরে বউয়ের শিক্ষা" (প্রবাদ); "নিজ ভক্তে দণ্ড করেন ধর্ম বুঝাইতে" (চৈঃ চঃ ৩।২।১৪৩); "এসব বৈফ্ব অবতারে অবতারি। প্রভু অবতরে ইহা সবে অগ্রে করি॥" (চৈঃ ভাঃ তাচা১৭০); "গৌরাঙ্গের সঙ্গিগুণে, নিত্যসিদ্ধ করি মানে, সে যায় ব্রজেন্দ্রত পাশ॥" শ্রীকৃষ্ণলীলার, শ্রীগৌরলীলার বা যে কোন ভগবল্লীলার সাক্ষাৎ কোন লীলাপরিকরকে তর্টস্থাশক্তিস্থানীয় সাধকজীব মনে করিলে স্বয়ং-ভগবান্ বা তদেকাত্ম লীলাবতারগণকেও আচার্য্য বা ব্যষ্টিগুরুস্থানীয় ব্যক্তিরূপে কল্পনা ও তজ্জনিত অপরাধ অনিবার্য্য হয়। অতএব শ্রীরূপে আধুনিকবং শক্তিসঞ্চার কেবল লোকপ্রতীতির জন্ম। অর্থাৎ সাক্ষাৎ শ্রীচৈতমশক্তিসঞ্চারিত স্বপার্ষদ ব্যতীত শ্রীচৈতমরসশাস্ত্রনিরূপণে অপরে অধিকারী নহেন, ইহা লোকে জানাইবার জন্ম।

শ্রীচৈতত্যের প্রদেয় জীবপ্রাপ্য চরমসাধ্য (চৈঃ চঃ ২৮।১৯৫-২০৪) যে
শ্রীশ্রীরাধাকৃষ্ণকৃঞ্জদেবামূত-রস, তাহা শ্রীশ্রীচেত্যদেব শ্রীরূপমঞ্জরীর দারাই প্রদান
করিয়াছেন। শ্রীগুরুরূপা স্থী-মঞ্জরীও শ্রীরূপমঞ্জরীর শ্রীপাদপদ্মেই সাধকমঞ্জরীকে
সমর্পণ করেন। শ্রীরাধার প্রাণপ্রেষ্ঠা শ্রীললিতা-শ্রীবিশাথাদি স্থীও কৃঞ্জদেবাকালে
যে রহঃসেবায় অধিকারিণী নহেন, শ্রীরূপমঞ্জরী সেই সেবায় নিত্য অধিকারিণী।
শ্রীল দাস-গোস্বামিপাদ শ্রীব্রজবিলাস-স্তবে (৩৮) বলেন—

প্রাণপ্রেষ্ঠ-স্থীকুলাদপি কিলাসক্ষোচিতা ভূমিকাঃ কেলীভূমিষু রূপমঞ্জরিমুখান্তা দাসিকাঃ সংশ্রমে॥

রসিকশেখর ঐক্রিফের নিজন্ত ক্তিরসবিতরণ

জগতের সমস্ত ধর্মসম্প্রদায় ও দার্শনিক সম্প্রদায়েরই মূল আকাজ্ঞিত বস্তু আনন্দ এবং নির্বাণ বা মূক্তিতেই সেই আনন্দের পরাকাষ্ঠা। কিন্তু শ্রীমন্তাগরত-রসমূর্ত্তিধর শ্রীমন্তাপ্রভূব ধর্মে বা দর্শনে আনন্দেরও যাহা আশ্রয়, সেই রস্নাঞ্চাংকারই প্রয়োজন এবং পরতত্ত্বসীমার প্রীতিতেই রসাত্মভবের পরাকাষ্ঠা। পরতত্ত্বের আবির্ভাবের তারতম্যাত্মসারে তত্তং ভগবংস্বরূপের ভক্তগণেরও প্রীতির ও রসের তারতম্য হয়। "কৃস্থমে মধুর সঞ্চার যেমন ভ্রমরের প্রয়োজনেই, সেইরূপ ভক্তহাদয়ে প্রেমের সঞ্চার কেবল প্রেমমধুপ ভগবানেরই প্রয়োজন বা প্রীতিসাধন-নিমিত্ত—ভক্তের স্বপ্রয়োজনে নহে।" (শ্রীশ্রীভক্তিরহস্তুকণিকা)

লৌকিক রসজ্ঞগণ কাব্যামৃতরসাস্বাদ ও সহদয়গণের সঙ্গ—এই তুইটিকে সংসার-বিষবুক্ষের মধুর ফল বলেন। বস্তুতঃ লৌকিক কাব্যাদিতে প্রাকৃত নায়ক-নায়িকাকে অবলম্বন করিয়া যে রসনিপাত্তির দৃষ্টান্ত দেখা যায়, তাহা কবির বর্ণনচাতুর্যমাত্র। উহার দ্বারা অথগু নিত্যনিরব্য রসের আস্থাদন, আত্যন্তিক তুঃখনিবৃত্তি বা পরমানন্দপ্রাপ্তি ঘটেনা। এজন্য লৌকিক রতিতে দাস্রাদি-রস নিপাত্তি অসম্ভব।

প্রাক্ত নায়ক অতি নশ্বর বলিয়া তাহাতে রস হয় না। নির্বিশেষব্রশ্বের রসরপতা অনভিব্যক্ত, ক্লীবব্রন্ধ রিদিক নহেন। অন্তর্যামী পরমাত্মায় শক্তির আংশিক বিকাশ থাকিলেও তিনি সাক্ষিশ্বরূপ, উদাসীন; স্বতরাং তিনিও রিদক নহেন। শ্রীরাম-নূসিংহাদি যাবতীয় ভগবংস্বরূপই রিদক, কিন্তু কেহই "সর্বরূস" বা "অথলরসামৃত্যুর্ত্তি" নহেন। শ্রীব্রজেন্দ্রন্দরই একমাত্র অথিলরসামৃত্যুর্তি। (ভাঃ ১০।৪৩।১৭ ইত্যাদি)। স্বতরাং তিনিই রিদকশেখর। যিনি সর্বকারণকারণ (বঃ সংহিতা ৫।১), যিনি সর্বধর্মজ্ঞ (ভাঃ ১১।১৭।৭), যিনি রিদকশেখর, তিনিই তাহার সমস্ত স্থাংশ ও বিভিন্নশক্তি-তত্ত্বসমূহের মধ্যেও কাহার কি পরিমাণ রস, তাহা নিরূপণ করিতে পারেন। "বিষ্ণু-মহাবিষ্ণু-ব্রন্ধা-শিব-মংশুকুর্মাদয় ইতি ভগবতঃ শ্রীরাধাকান্তশ্বাংশ-কুল-কলা-শক্ত্যাবেশাদিষ্ বর্ত্তে।

এতেষামংশাদীনাং নির্ণয়ং কর্ত্তু: কর্ত্তা স্বয়ং শ্রীভগবানেব নান্ত:।" (শ্রীক্লফভক্তি-রত্বপ্রকাশ ৫ম রত্ন)। রসরাজ-মহাভাব-মিলিত-তত্ম সর্বরসামূধি শ্রীমদ্ভাগবত-রসমূর্ত্তি প্রীগৌরহরি স্বলীলায় সমস্ত রসের বিচিত্রবিলাস প্রদর্শন করিয়াছেন এবং স্বীয় রদশিল্পপ্রজাপতি শ্রীরূপের দারা শ্রীমন্তাগ্বতরস্ফিরু মন্থন করিয়া শ্রীভাগবতামৃতে রসলক্ষণে সম্বন্ধিতত্ব শ্রীভগবৎস্বরূপবৃন্দ ও তদীয়বুন্দের তারতম্য, শ্রীভক্তিরসামৃতসিদ্ধৃতে অভিধেয় ভক্তিরসসমূহের তারতম্য এবং শ্রীউজ্জল--নীলমণিতে নামারুষ্ট রসজ্ঞগণের প্রয়োজনতত্ত্ব রসরাট্ মধুর রসসাক্ষাৎকার-চমৎকারিতা-পরাকাষ্ঠা ও তারতম্য-বিজ্ঞান আবিষ্কার করিয়াছেন। তত্ত্বস্ত-কৃষ্ণ, ক্বম্বভক্তি প্রেমরূপ। নাম-সন্ধীর্ত্তন সর্ব অ:নন্দস্বরূপ। তুই ভাগবত দারা দিয়া ভক্তিরস। তাঁহার হৃদয়ে তাঁর প্রেমে হয় বশ। (চৈঃ চঃ ১।১।৯৬-১০০)— ইহাই হইল শ্রীশ্রীগৌরনিত্যানন্দের প্রকাশিত রসবিজ্ঞানের পরিভাষা-বাক্য। তাঁহাদের নিরূপিত সম্বন্ধী, প্রয়োজন ও অভিধেয় তিনতত্ত্ব অন্যাপেক্ষী ও সর্বাংশী। শ্রীব্রজেন্দ্রনন শ্রীক্লফেই রসিকশেখরত্ব, ব্রজগোপীপ্রেমেই রসোলাস-পরাকাষ্ঠা, ত্রীগৌরপ্রবর্ত্তিত ত্রীনামদম্বীর্ত্তন হইতেই সর্বভক্তিরসের বিকাশ। এজন্য তাঁহারা নিখিল আনন্দের আনন্দস্করণ পরম রসময়।

অপ্রাক্ত মহাকাব্যমূক্টমনি, নিগমকল্পতক্ষর গলিতফল, অখিলরসামৃতথনি
শ্রীমন্তাগবত (যদ্রসামৃত-তৃপ্তস্থা নাগ্রত স্থাদ্ রতিঃ কচিৎ) এবং শ্রীনামারক্টরসজ্ঞ
সহদয় ভক্তিরসপাত্র—এই তুইটির দারাই শ্রীনাম-সঙ্গীর্তন-পিতৃদয় ভক্তিরস
বিতরণ করিয়া সেই লব্ধরস-ভক্তের প্রেমরসে বশীভূত হয়েন। শ্রীচৈতগ্রামনোভীপ্তস্থাপক শ্রীরূপ ভূতলে সেই শ্রীমন্তাগবত-কাব্যরসামৃত দৃশ্য ও শ্রব্য
কাব্যাকারে প্রকাশ করিয়া এবং সমৃথ স্বয়ং সহ্লায় ভক্তিরসপাত্ররাজরূপে
প্রকটিত হইয়া শ্রীনামারুপ্ত ভক্তিরসিক বিশ্ববৈশ্বরে মূল আশ্রয় হইয়াছেন।

কল্পকালব্যাপিনী অনপিতচরী উন্নত্যেজ্জলরসময়ী সভক্তি

শ্রীরপ জগতের প্রতি আশীর্বাদ-বর্ষী (শ্রীবিদগ্ধমাধব নাটকের মঙ্গলাচরণ) শ্লোকে বলিয়াছেন,—শ্রীশচীনন্দন-হরি যে নিজ ভক্তি-সম্পত্তি দান করিবার জন্ম কপাপূর্বক জগতে অবতীর্ণ হইয়াছেন, সেইরূপ ভক্তি ব্রহ্মার এই দিবসের (করের) মধ্যে কোনও যুগে, কোনও কালে অন্ম কোনও ভগ্বংস্বরূপের দারা প্রদন্ত হয় নাই। কিন্তু শ্রীমন্তাগবতে (৩!২৫।৩৮) দৃষ্ট হয়, এই করেই স্বায়ন্ত্বমন্বন্তরে লীলাবতার শ্রীকপিলদেব শ্রীদেবহুতিকে সকল রসের রাগভক্তির (ভক্তিসন্দর্ভ ৩:০) উপদেশ করিয়াছেন। এই সংশয়াশঙ্কা করিয়াই শ্রীরূপ বলিয়াছেন—শ্রীশচীনন্দনের প্রদন্তা ভক্তি উন্নতোজ্জ্লারসময়ী-স্বভক্তিশ্রী''—উজ্জ্লা (শৃঙ্গার) রসময়ী, তাহা আবার উন্নত—"শ্রীব্রজ্বগোপীভাবেন পরমোৎকর্ষ-কন্ফাং প্রাপ্তঃ''—শ্রীব্রজ্বাপী শ্রীরাধার মাদনাখ্য মহাভাবে পরমোৎকর্ষ-কন্ফাপ্রাপ্ত। ইহা স্বয়ং শ্রীব্রজ্বনন্দন ব্যতীত আর কোন ভগবংস্বরূপেরই নিজস্ব সম্পত্তি নহে, স্বতরাং অপরে তাহা দান করিতে পারেন না।

শ্রীঘশোদানন্দন শ্রীকৃষ্ণ এই কল্পের বৈবস্বতমন্বন্তরীয় জ্ঞাবিংশ চতুর্গুরের দাপরের শেষে সেই উন্নতাজ্জলরসময়ী স্বভক্তি-সম্পত্তি তাঁহার লীলাপরিকরগণে ও ভক্ত সম্প্রদায়েই লীলাদারে দান করিয়াছেন। পৃতনাদি অভক্তে শ্রীযশোমতীর অনুকরণ ছিল বলিয়াই তাঁহারা দেহবিনাশের পরে গোলোকগতি প্রাপ্ত হন। य नीना शूक्र राजिय निष्क अन्तः शूर्त्रत या शाहि निष्क यन विष्क - प्राप्त विषक - प्राप्त দান করিয়াছিলেন, সেই লীলাপুরুষোত্তমই তৎসন্নিহিত কলিতে আবির্ভাব-বিশেষে স্বরূপশক্তি হলাদিনীর ভাবকান্তিবিমণ্ডিত হইয়া সপরিকরে অবতীর্ণ হইলেন এবং স্বয়ং লোকের দারে দারে গিয়া, পরিকরগণকে সর্বত্র প্রেরণ করিয়া, অ্যাচকে যাচিয়া আপামরে নিজস্ব প্রিয়ত্ম ও অপর কর্তৃক অপ্রদেয় সেই স্বত্ব ভ সম্পত্তি যথেচ্ছ বিতরণ এবং সকলেরই যথাবস্থিত দেহেই সন্থ সন্থ সেই স্ব-নাম-প্রেমরস আশাদন করাইলেন। বন্ধার এক অহোরাত্র অর্থাৎ অষ্ট্রসহস্রযুগ (ভা: ১২।৪।২-৩) পূর্বে শ্রীগোরকৃষ্ণ এই ব্রজপ্রেম এই রূপই আপামরে বিতরণ করিয়াছিলেন। এই স্থদীর্ঘকাল পরে পুনরায় এই-কলিতে (৪৭০০ বর্ষপরিমিত কলিযুগাংশে) ১৪০৭ শকাব্দায় শ্রীনবদ্বীপে আবিভূতি হইয়া সেই নিজম্ব প্রিয়তম সম্পত্তি ধাতারাশির তাায় সর্বত্ত নিঃক্ষেপ করিয়াছেন।

379:01.

শ্রীরূপপাদ শ্রীচৈত্যাষ্টকে (৩।৩) বলিয়াছেন—
ন যং কথমপি শ্রুতাবুপনিষদ্ভিরপ্যাহিতং
স্বয়ঞ্চ বিবৃতং ন যদ্গুরুতরাবতারান্তরে।
ক্ষিপন্নদি রসাম্ব্র তদিহ ভক্তিরত্বং ক্ষিতো
শচীস্থত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে রূপাম্॥

—যাহা বিভিন্ন বেদে, বেদের শিরোভাগ উপনিষৎসমূহে ভক্তিম্বরূপ-প্রকাশক কোন প্রকারেই বর্ণিত হয় নাই (যদিও শ্রুভিতে স্থানে স্থানে ভক্তির কথা স্থাকারে উক্ত হইয়াছে, তাহা বস্ততঃ মুদ্রিভাবস্থায়ই রহিয়াছে—শ্রীবলদেব ভাষ্য), সাক্ষাৎ শ্রীকৃষ্ণাবতারেও শ্রীরাধাপ্রেমমাধুর্য্যসীমার কথা এইরূপভাবে এবং শ্রীকিপিল শ্রীব্যাসাদি অবতারেও তাহা এইরূপ বিবৃত হয় নাই। হে রস-সাগর! তুমি সেই ভক্তিরত্বকে এই পৃথিবীতে ধান্তরাশির ন্যায় যথাতথা অনবরত নিঃক্ষেপ করিতেছ।

শ্রীরপ শ্রীভক্তিরসামৃতিদিরুর প্রারম্ভে "অক্যাভিলাষিতাশূন্যং" ইত্যাদি শ্লোকে সেই ভক্তিরত্বের যে স্বরূপ ও তটস্থ লক্ষণ নিরূপণ করিয়াছেন, এইরূপ মৌলিক, চিদ্বৈজ্ঞানিক, পরিপূর্ণতম ভক্তিলক্ষণ শ্রীনারদ-শ্রীশান্তিল্যাদিক্বত ভক্তিস্ত্ত্রেও পাওয়া যায় না।

এক সময় শ্রীশ্রীগোরকৃষ্ণ-পার্ষদ-চতুইয়-(হৈ: চ: ১।১১।৫১, ৩৮-১০) বংশীয় স্থনাম-প্রসিদ্ধ পরমারাধ্যপাদ প্রভুবর শ্রীমৎ কৃষ্ণকমল গোস্থামি-মহোদয় তাঁহার আত্মজের হস্তে একথানা শ্রীনারদ ও শ্রীশাণ্ডিলাকৃত 'ভক্তিস্ত্র' গ্রন্থ দেখিতে পাইয়া বলিয়াছেন—"স্ত্র সংগ্রহ কয়িয়া পরিধেয় বস্ত্র প্রস্তুতের প্রয়োজন কি ? তৈয়ারী কাপড়ই পাওয়া যায়।" ইহা বলিয়া শ্রীরূপের শ্রীভক্তিরসামৃতিদির্দ্ধ ও শ্রীউপদেশামৃত গ্রন্থ পাঠের উপদেশ করেন। শ্রীরূপান্থগবর রিদিক মহাজনের এই উক্তি রসধ্বনিময়। ভক্তিশক্ত্যাবিষ্ট শ্রীনারদাদি-প্রচারিত ভক্তিলক্ষণ

in a list a regard sont

১ | শ্রীকৃষ্ণকমল-গীতিকাব্য - 'গ্রন্থকারের জীবনী' - শ্রীনিত্যগোপাল গোস্বামি-কর্তৃক সঙ্গলিত ও প্রকাশিত আর্থত পৃঃ (কলিকাতা—১৩১৭ বঙ্গান্ধ)

ভক্তি-পথিকগণের পরিধেয়-নির্মাণোপযোগী স্ত্রসমষ্টিস্থানীয়, আর স্বয়ংরূপ শ্রীচৈতগ্রক্ষের রসনিল্পবিজ্ঞানাচার্য্য শ্রীরূপের প্রকাশিত ভক্তিরসবিজ্ঞান শ্রীশ্রীরাধাগোবিন্দেরও নয়নানন্দকারী ও চমংকারী নিকুঞ্জসেবাপরা মঞ্জরী-যৃথের পরিধেয় সম্পূর্ণ বিচিত্র বসনস্থানীয়।

শ্রীরূপের অসমোধ্ব মৌলিকভার কারণ

প্রীভক্তিরদামৃতিসিন্ধর সর্বপ্রথম শ্লোকেই শ্রীরূপ অথিল-রদামৃত্যুত্তি শ্রীরাধা-প্রেষ্ঠ শ্রীরূষ্ণের সর্বোৎকর্য ঘোষণা করিয়াছেন। শ্রীরূপের হৃদয়রূপ দিব্যক্ষলকোষে বিলসিত শ্রীমন্তাপবত-রদরাশিই শ্রীভক্তিরদামৃতসিন্ধুতে স্থাপিত হইয়াছে। দাশে বসই যাহাতে বর্ত্তমান, সেই অমৃত বা পরমানন্দই যাহার মৃতি, তিনিই অথিলরদামৃত্যুত্তি—রদরাজ। (ভাঃ ১০।৪১।২৮, ১০।১৪।২২, ১০।৪৩।১৭ ইত্যাদি)। সেই রস মহাভাবস্বরূপা হলাদিনী শক্তির বৃত্তিরূপা বলিয়া অমৃত পরমানন্দ্ররূপ)। শ্রীরূপের রপপ্রস্থানের মূল সেই মহাভাব-রদরাজ মিলিত-তন্ত্র স্বরাট্ লীলাপুরুষোত্তম।

শীরপ-পাদ আদি লৌকিক রসাচার্য্য ভরতম্নির মতের পরিবর্দ্ধন ও পরিপৃষ্টিই করিয়াছেন। ভরতম্নি লৌকিক নায়ক নায়িকার সম-রসের কথা উল্লেখ করিয়াছেন। কিন্তু অলৌকিক নায়কশিরোমণি শ্রীকৃষ্ণ হইতেও তাঁহার স্বরূপশক্তি নায়িকাশিরোমণির প্রেমাধিক্য স্বরূপসিদ্ধ বলিয়া বিষয়ালম্বন-গত আনন্দ হইতেও আশ্রয়ালম্বনগত আনন্দের চমংকারিতাধিক্য হয় এবং সেই রস-চমংকারিতা আশ্বাদনের জন্ম রসিকশেখর নায়কেরও নায়িকার ভাব গ্রহণের স্বরূপান্ত্বন্ধী লালসা হয়; ইহা কোন লৌকিক, এমন কি অন্ম কোন অলৌকিক রসক্তও কল্পনা করিতে পারেন না। শ্রীরাধা মাদনাখ্যমহাভাবের মূর্ত্তবিগ্রহ, সেই মাদনের কথা ভরতমুনি ত নির্দেশ করেনই নাই, এমন কি শুকমুনি সম্পূর্ণভাবে বলিতে সমর্থ হয়েন নাই। "ন নির্বন্ত্যুং ভবেচ্ছক্যা তেনাসৌ মুনিনাপ্যলম্ (শ্রীউজ্জ্ল, স্বায়ী ২২৬)। কিন্তু যথন সেই মাদন মহাভাব ও বসরাজ সম্মিলিতবিগ্রহরূপে অবতীর্ণ হইয়া স্থবিগ্রহে সমস্ত ভাব প্রকট

করেন, তথন তাঁহার নিত্যসিদ্ধ পরিকরগণ তাহা সাক্ষাদ্ভাবে প্রত্যক্ষ ও অনুভব করিয়া বর্ণন করিতে পারেন। শ্রীরূপ সেই রস-সাক্ষাৎকার করিয়া রসপ্রস্থান রচনা করিয়াছেন। ভরতের নাট্যশাস্ত্রে শৃঙ্গাররসকে উজ্জ্বলবস ও তাহার বর্ণ খ্যাম বলা হইলেও শৃঙ্গাররসমূতিধর শ্রীখ্যামস্কুলরের নামরূপ-গুণলীলাদির কথা নাই।

নাট্যশাস্ত্রে (৬।১৬) শৃঙ্গার-হাস্থাদি আটটি নাট্যরসের মধ্যে ভক্তিরসের কোনও উল্লেখ নাই। ভোজের সরস্বতী-কণ্ঠাভরণে, বিশ্বনাথের সাহিত্যদর্পণ প্রভৃতিতেও ভক্তি 'রস' নহে, 'ভাব' মাত্র, এইরূপ মতেরই ধ্বনি-প্রতিধ্বনি শুনিতে পাওয়া যায়। তাঁহারা বলেন, দেবাদি-বিষয়া রতি ভাবের অন্তর্ভুক্ত। সেই ভাব এতটা অভিসপার হইতে পারে না, যাহাতে রসতা লাভ করিতে পারে।

ভোজরাজ রসের অসংখ্যেয়তার কথা বলিয়া শৃঙ্গারকে মৃখ্যরস বা অঙ্গিরস বলিয়াছেন। ভোজের মতে শৃঙ্গার আত্মার অহন্ধারবিশেষ। অহন্ধারযুক্ত ব্যক্তিরই রত্যাদি জন্মে, শৃঙ্গারী ব্যক্তিই রমণ করেন, হাস্য করেন, উৎসাহিত হয়েন, স্নেহবিশিষ্ট হয়েন। এই অহন্ধার হইল সাংখ্যের মতানুষায়ী দিতীয় বিকার বা প্রাকৃত মহৎতত্ত্বভাত অহন্ধার। যতদিন এই অহন্ধার থাকিবে, ততদিন তত্ত্বানী ব্যক্তিও মোক্ষলাভ করিতে পারেন না (শৃঙ্গারপ্রকাশ ২১ অঃ)। অতএব ভোজের রস বন্দশাতেই আন্যান্থ এবং রসান্ধাদন বন্ধ জীবেরই ধর্ম। ভোজরাজের কথিত আনন্দ প্রাকৃত সত্ত্বণের বিকার। ভোজরাজ রসপ্রস্থানে নিরীশ্বর সাংখ্যমতাবলন্ধী বলিয়াই তাঁহার মতে মৃক্তিতে রসের প্রসন্ধই নাই। শ্রীপ্রীতিসন্দর্ভে (৬৫ অনু) শ্রীজীবপাদ দেখাইয়াছেন, নিরীশ্বর সাংখ্যমতাবলন্ধীর আনন্দ প্রাকৃতসত্বয়ে।

ञ्यलोकिक तुत्रविष्गर्भत तुत्रविष्ठात

অলোকিক রসাচার্য্যগণের মধ্যে শ্রীবাল্মীকি শ্রীরামায়ণে প্রায়শঃ করুণ ভক্তি-রসকে অঙ্গি-রস, শ্রীরুফহৈপায়ন ব্যাস শ্রীমহাভারতে প্রায়শঃ শাস্তভক্তিরসকে অঙ্গি-রস করিয়াছেন। শ্রীব্যাস ব্রহ্মস্থ্রে ও মহাভারতাদিতে শাস্তভক্তিরসের

কথা প্রচুর বর্ণন করিয়াও অপূর্ণতা বোধ করায় (ভাঃ ১।৪।২৯-৩০) শ্রীনারদের বিপদেশে অথিলরদাত্মক শ্রীক্ষঞ্জীলা বর্ণন করিয়া রসের অবধি উপলিকি করেন। শ্রীধরস্বামিপাদ শ্রীমন্তাগবতের (১০।৪৩।১৭) কংসরঙ্গপ্রসঙ্গে ভাবার্থনিপিকায় শ্রীরপ-কথিত প্রীতভক্তিরসকেই (দাস্থরসকেই) 'সপ্রেমভক্তিক' রসোত্তম বলিয়াছেন। শ্রীনামকৌমূদীকার শ্রীক্ষমীধরও (৩য় অধ্যায়ে) উক্ত দাস্থরসকেই সামাগ্রভাবে (বিশেষ নামকরণ, বিভাবাদি প্রদর্শন না করিয়া) রসরূপে প্রতিপাদন করিয়াছেন। শ্রীস্থদেবাদি আলঙ্কারিকগণ শাস্তরসরূপে উক্ত প্রীতরসই (দাস্থরসই) বর্ণন করিয়াছেন (শ্রীভক্তিরসামৃতসিন্ধু (৩।২।১-২)। শ্রীধরস্বামিপাদ উক্ত কংসরঙ্গের প্রসঙ্গে পঞ্চম্থ্য ও সপ্ত গৌণ— এই ঘাদশরস সামাগ্রভাবে প্রদর্শন করিয়াছেন (প্রীতিসন্দর্ভ ১১০ ও সারার্থদর্শিনী ১০।৪৩।১৭)। শ্রীনৃসিংহোপাসক ধ্বনিকার আনন্দর্বন্ধনাচার্য্য ও লোচন-টীকাকার শৈব অভিনবগুপ্ত, মুক্তাফলকার বোপদেব, হেমাদ্রি প্রস্তৃতি রসজ্ঞগণ শান্তরসে ভক্তিরসের স্থান দিয়াছেন।

শীর্দাবনে শান্তরসের কোন স্থানই নাই—তথায় তরুলতাদি পর্য্যন্ত শীরজেন্দ্রনদনে মমতাযুক্ত। শীনদনদনের দাসগণও আপনাদিগকে শীরজরাজ শীনদেরই ভূত্য বলিয়া জানেন; স্থতরাং শীনদাহলালের সহিত ব্যবহার সথাতুল্যই হয়। শীরূপপাদ শীমদ্রাগবতের (তাহলাত৮) শীকপিলদেবোক্ত "যেষামহং প্রিয় আত্মা স্থতশ্চ সথা গুরুঃ স্থলো দৈবমিষ্টম্" ইত্যাদি শ্লোক ইইতে শান্তাদি পঞ্চমুখ্য রতিকে নিত্য স্থায়ীভাবের স্থ্রেরপে মাত্র গ্রহণ (শীক্রমসন্দর্ভ তাহলাত৮ ও শীভক্তিসন্দর্ভ ৩১০ অনু) করিয়া ঐসকল রসের পূর্ণ বিশ্লেষণ ও পর্য্যাপ্তি প্রদর্শন করিয়াছেন।

শ্রীবোপদেব ও শ্রীমধ্বাচার্য্যের রসবিচার

শ্রীবোপদেব মুক্তাফলে (১১ অঃ) ও কৈবল্যদীপিকা টীকায় ভক্তিরদের সামগ্রীসমূহ প্রদর্শন করিয়া ভক্তির রসত্ব স্থাপন করিয়াছেন বটে, কিন্তু তাঁহার মতে ভক্তি কৈবল্যলাভের উপায় মাত্র এবং প্রমার্থশান্ত্রে শান্তভক্তিরসই ্রিষ্ঠ, শৃঙ্গার রস শ্রেষ্ঠ নহে (ঐ ১১৷১,১৭৷৩); গোপীর 'অবিহিতা কামজা' ভক্তি পাপযুক্তা। কামোহত্র পরপরিগৃহীতায়া অন্ঢায়া বা স্ত্রিয়াঃ পরপুরুষে তুরভিসন্ধিঃ * * গোপীনাং * * জারত্বেন ভজমানানাং দৈবাং তস্ত্র (কৃষ্ণস্ত্র) ঈশ্বরত্বাং মুক্তিলাভঃ (কৈবল্য ৫।১৪)—এস্থানে 'কাম' অর্থে অন্তের পরিণীতা বা অবিবাহিতা স্ত্রীর পরপুরুষে হুষ্টাভিসন্ধি। রুষ্ণকে জাররূপে ভজনশীলা গোপীগণের উপপতিটি দৈবক্রমে ঈশ্বর হওয়ায় ঈশ্বরে মনঃসংযোগবশতঃ মুক্তিলাভ হয়। শ্রীবোপদেবের সমসাময়িক শ্রীমধ্বের মতও প্রায় এইরূপ। শ্রীমধ্বের মতে গোপীর কামযুক্তা মনোবৃত্তি পৃতনা-কংসাদির দেষ ও ভয়ের ন্যায় পাপযুক্ত ও অহচিত। গোপ্যঃ কামযুতা ভক্তাঃ (ভাঃ তাঃ ৭।১।৩১)। কামিত্বেনাপ্সরস্তিয়ঃ * * কামভক্ত্যাপ্সরস্ত্রীণামন্যেষাং নৈব কামভঃ * * জারত্বেনাপ্সরস্ত্রীণাং কাসাঞ্চিদিতি যোগ্যতা। * * জগৎপ্রপিতামহে জারবৃদ্ধিন্যুক্তা। বিযুক্তাবপি কামিন্যে বিষ্ণুকামা ব্ৰজন্তিয়ঃ (এ ১০।২৯।১৩-১৫)। কামাদিক্ত পাপ ভক্তিপ্রভাবে পরিত্যক্ত হইলেই গোপীর মোক্ষপ্রাপ্তি (৭।১।৩০) হয়। পূতনাবিষ্ট উর্বশীরই স্বর্গগতি, পূতনাদির নরকপ্রাপ্তি (১০।৬।৩৫) ঘটে। রুষ্ণে কামযুক্তা গোপীগণের কামস্বহেতু দেহত্যাগে স্বর্গপ্রাপ্তি, কালান্তরে ক্লফকে সম্যক্ জানিয়া মোক্ষলাভ (১০।২৯)১৩, ১১।১২।১৩) হয়। কতকগুলি অপ্সরস্ত্রীর উপপতিরূপে, দেবস্ত্রীগণের খণ্ডর-রূপে, শ্রীলক্ষীর পতিরূপে, শ্রীবন্ধার পিতৃরূপে, অন্যান্য সকলেরই প্রপিতামহরূপে ভগবত্পাসনায় যোগ্যতা (এ)। বায়ুর তৃতীয়াবতার (মঃ ভাঃ তাঃ ৩০০) শ্রীমধ্ব শ্রীমন্তাগবতের গোপী-প্রশংসা ও রুষ্ণপ্রাপ্তিকে কৈমৃতিকন্যায়ে বায়ু ও বন্ধারই উৎকর্ষ ও ভগবৎপ্রাপ্তির বিজ্ঞাপক বলিয়াছেন। কিমু বায়াতা ইতি দর্শয়িতুং গোপিকাপ্রশংসনম্। সর্বৈগু গৈঃ সর্কোত্তমস্ত বায়ুরেব (১১।১২।১৬), সর্বাধিকো ব্রহ্মা (১১।১২।২১)। কংসন্থিত বায়ুরই ক্লফাবিষ্টতা (১০।৪৪।৩৯)।

শ্রীরূপপাদ 'আরুকূল্যেন রুষ্ণান্থণীলনং' ইত্যাদি ভক্তিলক্ষণে শ্রীবোপদেব-কথিত (৫ অঃ) দ্বেষজা ও ভয়জার ভক্তিত্বই স্বীকার করেন নাই। শ্রীমধ্বমতে ভক্তের চরম সাধ্য মুক্তিতে দ্বেদী পূতনাদি অনধিকারী, কিন্ত শ্রীরূপের সিদ্ধান্তে হতারিকে মোক্ষ ও মোক্ষধিকারী ভক্তিগতিদান শ্রীরূষ্ণের অত্যভূত গুণবিশেষ। (ভঃ রঃ সিঃ ২।১।৪০, ২০৪)। শ্রীমধ্বাদিকথিত কামযুক্তা নিরুষ্ঠা ভক্তিকে শ্রীরূপ পরমোৎকৃষ্টা রাগাত্মিকা এবং সর্বসাধনসাধ্যবিতৃষী শ্রুতিগণের অধিষ্ঠাত্রী দেবীগণেরও শ্রীকৃষ্ণে উপপতিভাবময় কাম শ্রীবৃহদ্বামন-পুরাণে প্রসিদ্ধ বলিয়া (জারধর্মেণ স্থঙ্গেহং সর্বতোহধিকম্) জ্ঞাপন করিয়াছেন। বিশেষ বিশেষ শ্রুতিগণ

গোপীর ভাবাত্মগতভাবে ভজনশীলা (ভাঃ ১০৮৭।২৩)। গায়ত্রীরও গোপীরূপেই কৃষ্ণপ্রাপ্তি এবং গোপীভাবের অনুগতভাবে অন্য সাধকগণেরও উপপতিভাব শাস্ত্র-সমত। ব্রজ-গোপীর কেহই প্রাকৃত মানুষী নহেন। তাঁহারা ঋষিপূর্কা, শ্রুতিপূর্কা, দেবীপূর্ব্বা ও নিত্যসিদ্ধা গোপকন্যা। স্বরূপশক্তি বলিয়াই তাঁহাদের সহিত শ্রীক্ষাের হলাদিনীশক্তি-বিলাস-লক্ষণ-তৎপ্রেমময়ী রমণেচ্ছা। শ্রীসত্যভামাংশভূতা কুজার ভাবও পাপযুক্ত নহে। অষ্টাদশাক্ষরাদি মন্ত্রে গোপীজনবল্লভরূপে কুষ্ণের নির্দ্দেশ থাকায় গোপীসহ ক্লফের রমণ অনাদিসিদ্ধ। ব্রহ্মার সমাধিশ্রত বাক্যাত্মসারে (১০1১/২৩) শ্রীরাধাদি নিত্যাসিদ্ধা ক্লফাপ্রয়ার দাস্তার্থ দেবস্ত্রীগণেরও ব্রজে জন্ম হয় (উজ্জল ৩।৪৪—৫৫)। ব্রজ-গোপীপদরের প্রাপ্তির আশায় যাট হাজার বৎসর তপস্তা করিয়াও ব্যর্থকাম ব্রহ্মা শ্রীলক্ষ্মী হইতেও ব্রজগোপীর শ্রেষ্ঠত ভৃগুকে বলিয়াছেন (সঃ ভাঃ ভক্তামৃত)। শ্রীব্রন্ধা-শ্রীউদ্ধবাদি-বাঞ্ছিত, কিন্তু অলব্ধ আনন্দ-চিনায় রস গোপীপ্রেমই কামরূপে প্রসিদ্ধ (ভঃ রঃ সিঃ ১।২।২৮৫)। শ্রীসম্প্রদায়ের শ্রীলোকাচার্য্যপাদ শ্রীবচনভূষণে বলেন,—দ্বিপরাদ্ধাবসানে মুক্তিপদযোগ্য ব্রহ্মা হরির নাভিপদে থাকিয়াও শ্রীপাদপদদর্শনে বঞ্চিত; কিন্তু গোপী নিত্যকৃষ্ণপ্রাপ্তবতী। 'ব্রহ্মা হীনো গোপিকা প্রাপ্তবতী' (২৪৯ ফ্ত্র)। নিবৃত্তিমার্গগুরু শ্রীশঙ্করাচার্য্য যমুনাস্তবে 'রাধিকাধবাজিঘু পক্ষজে রতিম্' প্রার্থনা করিয়াছেন (শ্রীকৃষ্ণ সঃ ১৭৭)। ২

অবৈতিদিদিকার শ্রীমধুসূদনসরস্বতী ও ভক্তিরস

শ্রীচৈতন্যোত্তর যুগে অবৈতিসিদ্ধিকার ভক্তিরসায়নে ভগবদ্ধক্তির রসত্ব প্রদর্শন করিয়াছেন। কামাদিতাপকের দ্বারা দ্রবীভূত মনে প্রবিষ্ঠা যে স্থির। গোবিন্দাকারতা তাহা ভক্তি (২।১)। উহা জীবের মনোবৃত্তিবিশেষ (১।৬)। রসের প্রতীতি নির্বিক্পস্থাত্মিকা (৩।২২)। কিন্তু শ্রীবিষ্ণুপুরাণে (১।১২।৬৯) যাহা রুষ্ণ-বশ্রকারিণী সেই রুষ্ণানন্দদায়িনী স্বরূপশক্তি হ্লাদিনী ভগবানেই অবস্থিত, জীবে

২। শ্রীসনাতন বঃ তোষণীতে (১০।১২।১); শ্রীজীব বিশেষভাবে শ্রীভাক্ত (৩২০), প্রীতি (১০২-১১০) ও শ্রীকৃষ্ণ-(১৭৭) সন্দভের্, সং তোষণীতে (১০।১২।১, ১০।২৯।৯-১১, ১০৮৭।২৩), শ্রীরাধাকৃষ্ণার্চনে (৮৩); শ্রীশ্রীনাথ চক্রবর্তিপাদ মঞ্যায় (৭। ১০০, ১১।১২।৮); শ্রীকর্ণপুর দশ্মটীকায় (২৯ আঃ), চম্পুতে (১১৯৭ ১৯; ১৮।৯৭) নাটকে (৮ম ও ১০ম আঃ); শ্রীবলদেবগুরু শ্রীরাধাদামোদর বেদান্ত-সামন্তকে (২০৬; ২১); শ্রীবিশ্বনাথ সাঃ দশিনীতে (৭।১।২৬, ১০।২৯।১১ ইত্যাদি) নিরবজসংযুক্ (১০।৩২।২২) বজগোপীর রসধারণায় শ্রীবোপদেব-শ্রীমন্বাদির অবজ (নাটক ৮০) মতবিশেষ চূড়ান্তভাবে থণ্ডন করিয়াছেন।

নহে (সর্বাধিষ্ঠানভূতে ত্বয়েব ন তু জীবেষ্—শ্রীধর)। অতএব সেই ফ্লাদিনীরই কোন সর্বাতিশায়িনী বৃত্তি ভগবানের দারা ভক্তবৃদ্দে নিয়ত নিঃক্ষিপ্ত হইয়া ভগবদ্ধক্তি বা 'প্রীতি' নাম ধারণ করেন—(প্রীতিসন্দর্ভ ৬৫)। শ্রীরূপ প্রীতিত্যাষ্টকে (৩৩)—"ক্ষিপন্নসি রসাম্বুধে! তদিহ ভক্তিরত্বং ক্ষিতৌ।

শ্রীমধুস্দনের মতবিশ্লেষণে আরও দেখা যায়, তাঁহার মতে ব্রজগোপীর 'কামজাবৃতি' সোপাধি ও মিশ্রা—(ভক্তিরসায়ন ২০৬৬-৭৪)। লৌকিক কান্তাদিবিষয়ক শৃলারাদি রসেরও পরমানন্দরপতা আছে (ন লৌকিকরস্ভাপি পরমানন্দ-র্ব্বলাম্পপত্তিঃ—ঐ ১০১৩ টীকা)। ভক্তিরসের আনন্দের সহিত লৌকিকরসের আনন্দের কেবল পরিমাণগত পার্থক্য (২০৭৭-৬৮)। ইহাও শ্রীমন্তাগবত ও শ্রীমন্তাপ্রত্বর বিরুদ্ধসিদ্ধান্ত।

শ্রীরূপ ও শ্রীরূপামুগ শ্রীজীবের ভক্তির রসভা-প্রদর্শন

শীরপপাদ শীভক্তিরসামৃতিসিন্ধতে (২।৫।২৯) বলিয়াছেন,—ভগবদ্রত্যাখ্যভাব হলাদিনী মহাশক্তির বিলাস-স্বরূপ এবং অবিচিন্ত্যস্বরূপ-বিশিষ্ট। শাস্ত্রান্থসারে অন্থভবের দ্বারাই এই ভাব বোধগম্য হয়। শীমদ্ভাগবতের "এবংত্রতঃ" (১১।২।৪০) ও "কচিক্রদন্ত্যচ্যুতচিন্তয়া" (১১।৩।৩২) ইত্যাদি শ্লোকে রুম্বরতির রসে পরিণতির প্রত্যক্ষ সাক্ষ্য পাওয়া যায়। সমৃদ্র যেরূপ নিজের জলের দ্বারা মেঘসমূহকে পরিপূর্ণ করিয়া আবার সেই মেঘসমূহের বৃষ্টিজাত জলরাশিদ্বারা জলসমূহের আশ্রয় হয়, তদ্রুপ মনোহরা রুম্বরতি ভগবংস্বরূপকে বিভাবাদিরূপে প্রকট করাইয়া ঐরূপ বিভাবাদিদ্বারা নিজেকেই সমৃদ্ধ করে।

রদত্বপ্রাপ্তির সামগ্রী তিন প্রকার—(১) স্বরূপযোগ্যতা, (২) পরিকর-যোগ্যতা ও (৩) পুরুষযোগ্যতা। [১] ভগবৎপ্রীতিতে স্থায়ীভাবত্ব এবং অশেষ স্থা-তরঙ্গের দিরুস্বরূপ ব্রহ্মস্থাধিক্যতমত্ব থাকায় পরিপূর্ণ স্বরূপযোগ্যতা আছে। [২] প্রীতিকারণাদি পরিকর সকলই স্বভাবতঃই অলৌকিক অভূতরূপ। [৩] শ্রীপ্রহলাদাদি মহাভাগবতগণের প্রবল প্রীতিবাসনা পুরুষযোগ্যতার আদর্শ। লৌকিক রসে প্রাকৃত সত্বই হেতু, আর ভক্তিরসে বিশুদ্ধসত্বই (ভাঃ ৪।৩)২০) হেতু। প্রাকৃত সত্ত্ব যাহার হেতু, সেই লোকিক রসই যথন ব্রহ্মাধাদতুল্য, তখন অপ্রাক্ত শুদ্ধসত্ব যাহার হেতু সেই ভক্তিরস যে ব্রহ্মাম্বাদাতিশায়ী তাহা শ্রীমদ্ভাগবতে (৪।२।১০, ৩।৫।৪৮ ইত্যাদি শ্লোকে) প্রদর্শিত হইয়াছে। লৌকিক দেবতা-বিষয়া রতিই রসসামগ্রীর অভাবহেতু রসতালাভ করে না। (শ্রীজীবপাদ প্রীতিসন্দর্ভে ১১০)।

তামিল আলোয়ারগণ ও উন্নতোজ্জলরস

তামিল আলোয়ারগণ হইতে ব্রজগোপীর উজ্জ্বলরসোপাসনার কথা সর্বপ্রথমে প্রচারিত হয়, ইহা একটি প্রবাদ মাত্র। বস্তুতঃ আলোয়ারগণের নায়ক रिवक्श्रीम भीनातायम, भीवतार, भीवामन, भीनायाकिमायी, भीनायमायी विकू, শ্রীরাম, শ্রীবাস্থদেবক্লফ ও বিফুর অর্চাবতারগণ। শ্রীনন্দনন্দন শ্রীক্লফ শ্রীবৈকুণ্ঠাধীশ क्रजूर्ज खीनातावरणत विख्वावजात এवः खीताथा खीनातावर्ग-महियो खीनीलारपवीत অবতার মধ্যে গণিত। শ্রীকৃষ্ণ নীলাদেবীকে লাভ করিবার জন্ম সপ্ত বৃষভকে দমন করেন, ইহা শ্রীনমা আলোয়ারের গাথায় (৩।৫।৪) দৃষ্ট হয়। উক্ত বৃষভ-দমনলীলাটি শ্রীমদ্রাগবতে (১০।৫৮।৪৩-৪৭) দ্বারকাধীশ শ্রীকৃষ্ট কর্তৃক নাগ্নজিতী শ্রীসত্যার পাণিহণের বীর্যগুরুরূপেই বর্ণিত।

শ্রীপাদ নম্মা আলোয়ার (শ্রীপাদ শঠকোপ) বৈকুণ্ঠ-সেনা-নায়ক বিষক্সেনের অবতার এবং তিনি বলিয়াছেন,—"নিত্যস্রিগণের প্রাপ্যভূমি শ্রীশৈলই তাঁহার প্রাপ্যভূমি (ঐ ২।১০।৭-১০)। তিনি সারপ্য-সালোক্যাদি মুক্তি প্রার্থনা করিয়াছেন (ঐ ২।৩।১০) এবং বলিয়াছেন, "আমার স্বামী দীর্ঘ চতুভু জধারী" (ঐ ২।৫।৮)। "অহং অক্রমেণ সংশ্লিষ্টা"—আমি ক্রমলজ্বন করিয়া নায়কের সহিত মিলিত, শ্রীপাদ বৈক্ণ্ঠস্রির এই উক্তিতেও পরকীয়ভাবের প্রসঙ্গ আসিতে পারে না। "ব্রজ বিনা ইহার অন্তত্ত্র নাহি বাস।" শ্রীব্রজগোপীর আহুগত্য ব্যতীত স্বয়ং শ্রীলক্ষীরও রাসে অধিকার লাভ হয় নাই (ভাঃ ১০।৪৭।৬০)। ক্রমমুক্তির বিপরীত অক্রম-সংশ্লেষ সভােম্ক্তি অর্থে 'অক্রম' শব্দের প্রয়োগ হয়।

শ্রীঅণ্ডাল আলোয়ার (শ্রীগোদাদেবী) কর্তৃক অনুষ্ঠিত শ্রীব্রত, যাহা তাঁহার

'তিরুপ্লাবৈ' গাথার বিষয়, তাহাতেও দেখা যায় তিনি স্বগ্রামস্থ কুমারীগণকে একত্রিত করিয়া বটপ্রশায়ী শ্রীমর্চাবতারের নিকট সদলে উপস্থিত হইয়াছেন এবং উক্ত অর্চার শ্রীমন্দিরকে নন্দালয় এবং নিজদিগকে বজকুমারী ভাবনা করিয়া দারপাল, নন্দমহারাজ, যশোমতী, প্রীবলদেব ও প্রীরাধাকে জাগাইয়া পরে শ্রীকৃষ্ণের নিদ্রাভঙ্গ করিয়াছেন এবং শ্রীকৃষ্ণের সহিত সন্তোগ প্রার্থনা করিয়াছেন (পরস্পরং ভোগ্যভূতা ভবামঃ কিল)। তাঁহারা নন্দালয়ে গমনকা**লে** অন্তঃপুরস্থ। স্থাকে বলিভেছেন,—"শঙ্খেন চক্রং ধরদ্ বিশালভুজং প্রজনেত্রং গাতুং শ্যাতঃ উখাপনায় গাতুং" ইত্যাদি, আমরা শঙ্খের সহিত চক্রধারী বিশাল-ভুজ কমললোচনের গান করিতে—তাঁহাকে শ্যা হইতে উঠাইবার গাথা কীর্তন করিবার জন্ম যাইতেছি। ভরতমুনির নাট্যশাস্ত্রে (২২।২১৮), শিঙ্গভূপালের রসার্ণব-স্থাকরে (১।১৩৮), শ্রীরূপের শ্রীউজ্জ্লনীলমণিতে (নায়িকা ৭১) কথিত নিঃশব্দে, অতি সংগোপনে, একাকিনী অথবা একটিমাত্র স্বেহ্শীলা স্থীর সহিত কান্তের সঙ্কেতস্থানে কান্তার গমনরূপ 'অভিসারের' লক্ষণ, অথবা শ্রীকৃষ্ণাহ্নিককৌমুদী, শ্রীগোবিন্দলীলামৃতাদি রস্শাস্ত্রোক্ত কুঞ্জভঙ্গের লক্ষণ কিংবা ক্যকাপরকীয়ার কোন ভাবের কোন লক্ষণই শ্রীগোদাদেবীর উক্ত আদর্শে नारे। এই স্থানে শঙ্খচক্রধারী ঐশ্বর্যমূতি দেবলীল ভগবানই নায়ক। কিন্তু ব্রজক্মারীগণের কাম্য একমাত্র নন্দগোপস্থত। তিনি 'ভগবান্' নহেন। তাঁহার৷ সৈকতী প্রতিমায় অতি গোপনে বনের অভ্যন্তরে দেবতান্তরের পূজা করিয়াছেন। স্যৃথ শ্রীগোদাদেবীর ব্রতার্ম্প্রানের বিষয় এবং ব্রত সমাপনাস্তে শাস্ত্রবিধিদমত বিবাহাদির বিষয় সকলেই জানিতেন, কিন্তু ব্রজকুমারিগণের আদর্শ সম্পূর্ণ তদ্বিপরীত।

বিশেষতঃ—"গোপজাতি রুষ্ণ, গোপী—প্রেয়নী তাঁহার। দেবী বা অগ্য স্ত্রী রুষ্ণ না করে অঙ্গীকার। লক্ষ্মী চাহে দেই দেহে রুষ্ণের সঙ্গম। গোপী রাগান্ত্রগা হঞা না কৈল ভজন। শ্রুতিগণ গোপীগণের অন্তুগত হঞা। ব্রজেশ্বরী-স্বত ভজে গোপীভাব লঞা। ব্যহান্তরে গোপীদেহ ব্রজে যবে পাইল। দেই দেহে

কৃষ্ণদঙ্গে রাসক্রীড়া কৈল ॥" (চৈঃ চঃ ২।৯।১৩৩-১৩৬)—শ্রীরঙ্গম্বাসী আলোয়ার-সম্প্রদায়ের শ্রীবেঙ্কট ভট্টের প্রতি শ্রীকৃষ্ণচৈতগুদেবের এই উক্তি এইস্থানে স্মরণীয়। অতএব শ্রীগোদাদেবীর ভাব শ্রীবৈক্ঠেরই ঐশ্বর্যামিশ্র, ভাব-বিশেষ। তিনি শ্রীবৈক্ঠেশ্বরী নীলাদেবীর অবতার বলিয়াই তৎসম্প্রদায়ে পূজিতা।

শ্রীপাদ পরকালস্থরির নায়িকাভাবে যে 'মডল-গ্রহণ' ব্যাপার (প্রাচীনকালে দিক্ষণ ভারতে বিবাহিত পত্নীকে স্বামী ত্যাগ করিলে তুর্ধর্যা স্ত্রী মস্তক মৃত্তন করিয়া বিচিত্র বসন-ভূষণাদিতে ভূষিতা হইয়া রাজপথে দণ্ডায়মানা হইয়া সর্বসাধারণের দৃষ্টি আকর্ষণ পূর্বক স্বামীকে লজ্জা দিয়া পুনগ্রহণে বাধ্য করিত) তাহাও সম্ভোগ-কামিনী স্বকীয়া-পত্নীবিষয়ক এবং সম্থা-রতিবিশিষ্টা নায়িকার সম্পূর্ণ ভাববিরুদ্ধ।

শ্রীবৈক্পেশ শ্রীবিষ্ণুর শার্দ্ধন্মর অংশাবতার পরকাল স্বামীর গাথায় নায়ক ক্ষের আবাস-স্থান—বদরিকা (পেরিয় তিরুমড়ল্ ১।৩।১-৯)—ব্রজভূমি নহে।
শ্রীরূপপাদ শ্রীভক্তিরসামৃতিসিকুতে (১।২।৫৮-৫৯) বলেন,—

তত্তাপ্যেকান্তিনাং শ্রেষ্ঠা গোবিন্দ-হৃত্যানসাঃ। যেষাং শ্রীশ-প্রসাদোহিপি মনো হর্ত্তুং ন শকুষাৎ॥ সিদ্ধান্ততন্তন্তেদেহিপি শ্রীশ-কৃষ্ণস্বরূপয়োঃ। রসেনোৎকৃষ্যতে কৃষ্ণ রূপমেষা রসন্থিতিঃ॥

শ্ৰীজীব—"উপলক্ষণত্বেন শ্ৰীদারকা-নাথোহপি"।

নানাবতারের একান্ডী (দাস্রাদিপ্রেমৈকমাধুর্য্যাম্বাদক) ভক্তগণের মধ্যেও শ্রীব্রজেন্দ্রনদনের দ্বারা অপস্থতচিত্ত প্রেমিকগণই শ্রেষ্ঠ। কারণ পরব্যোমাধীশ শ্রীনারায়ণ, এমন কি শ্রীদ্বারকানাথ শ্রীকৃষ্ণও তাঁহাদের মন হরণ করিতে সমর্থ নহেন। শ্রীনারায়ণ ও শ্রীকৃষ্ণ তত্ততঃ অভিন্ন হইলেও সর্বোৎকৃষ্ট প্রেমময় রসের (মাধুর্য্যের) দ্বারা শ্রীকৃষ্ণেরই উৎকর্ষ। রসের স্বভাববশতঃই শ্রীকৃষ্ণ-স্বরূপের উৎকর্ষ প্রকাশিত হয়।

শ্রীচৈত্য নয়ত্রিপদীশ্রীরঙ্গমাদি আলোয়ারগণের লীলাস্থানসমূহে ভ্রমণ এবং

SPET TO THE SET OF SE

দীর্ঘকাল (চাতুর্মাশ্রব্যাপী) অবস্থানকালে দিব্যগাথাসমূহে ব্রজগোপীভাবের আমুগত্য বা আদর্শ দেখিতে পাইলে শ্রীরঙ্গমে শ্রীবেঙ্কট ভট্টের নিকট আলোয়ার-সম্প্রদায়ের বস্দিদ্ধান্তের অপূর্ণতা শ্রীমন্তাগবতপ্রমাণ (১০।১৬।৩৬, ১০।৪৭।৬০) দারা প্রদর্শন করিতেন না। যদি শ্রীচৈতন্ত ব্রজগোপীর ভাবের অনুকূল কোন গাথাদি আলোয়ারগণের লীলাভূমিতে প্রাপ্ত হইতেন, তবে দক্ষিণ দেশ হইতে যেরপ শ্রীকৃষ্ণকর্ণামূত, শ্রীব্রহ্মসংহিতাদি পূঁথি বা অন্যান্ত কবিক্বত ব্রজভাবোদ্দীপক শ্রোকাদি আহরণ করিয়া আনিয়াছিলেন তদ্রপ আলোয়ারগণেরও দিব্যগাথা সংগ্রহ করিয়া আনিতেন। তামিল দিব্যগীতিসমূহের তাৎপর্যাদি শ্রীমদ্বেদান্ত-দেশিক-(১২৬৮-১৩৬৯ খ্রীঃ) কৃত 'দ্রবিড়োপনিষং-তাৎপর্যব্রাবলী' (সংস্কৃত পত্যাবলী), দ্বিতীয় সৌম্যজামাতৃমূনি বা শ্রীবেরবর্মনি-(১৩৭০-১৪৪৩ খ্রীঃ) কৃত 'দ্রবিড়োপনিষংসঙ্গতি' (সংস্কৃতপত্যাবলী) প্রভৃতিতে সংস্কৃত ভাষায়ও শ্রীমনাহাপ্রভূর আবিভাবকালের পূর্ব হইতেই বিদ্বংসমাজে প্রচারিত ছিল। উক্ত আচার্যগণের বিভিন্ন ভক্তিসিদ্ধান্ত-বাক্যাবলী গোস্বামিগণ স্ব স্ব গ্রন্থে আহ্রণ করিয়াছেন, কিন্তু রসপ্রস্থানের মধ্যে উদ্ধার করিতে পারেন নাই।

শ্রীপাদ ক্লশেথর আলোয়ারের "জয়তি জয়তি দেব দেবকীনন্দনোহসোঁ"
ইত্যাদি শ্লোক উচ্চারণ করিয়া মহাপ্রভু রথাগ্রে দারকালীল শ্রীজগন্নাথের
ন্তব করিয়াছেন, উন্নতোজ্জল রসের কোন কথা আলোয়ারগণের কোন পদে
নাই বলিয়াই মহাপ্রভু লৌকিক করির "যং কৌমারহরং" শ্লোকটি ব্রজভাবের
উদ্দীপনালম্বরূপে গান করিতেন। শ্রীক্লশেথরের "দিবি বা ভূবি বা মমাস্ত বাসোঁ" (শ্রীমৃকুন্দমালা ৬) শ্লোকটিকে শ্রীরূপপাদ শ্রীভক্তিরসামৃত-সিন্ধুতে
দাস্থভাবের স্থায়ীভাব প্রীতির উদাহরণরূপে উদ্ধার করিয়াছেন। শ্রীউজ্জ্লন-নীলমণিতে উজ্জ্লরসের বিষয় বর্ণনকালে শ্রীকুলশেথরাদি আলোয়ারের এক-শ্লোকও গ্রহণ করিতে পারেন নাই। অথচ হালসাতবাহন, শিক্ষভূপাল, বিষ্ণুগুপ্ত,
উমাপতিধরাদি তথা শ্রীবিল্বমঙ্গল, শ্রীজয়দেবাদি বহু লৌকিক ও অলৌকিক বসবিদ্গণের বহু শ্লোক উজ্জ্ল রসের বিভিন্ন প্রক্রণে উদ্ধার করিয়াছেন। শ্রীরপণাদ তাঁহার পতাবলীতে শ্রীকুলশেথর আলোয়ারের একাধিক পদ্য এবং শ্রীরামান্তজাচার্যপাদের (?) একটি শ্লোক যথাক্রমে শ্রীভগবন্নাম-সামান্ত-সঙ্কীর্তনে (শ্রীগোপীজনবল্লভের নহে) ও দাস্ত-ভক্তি প্রকরণে উদ্ধার করিয়াছেন। শ্রীযাম্নাচার্যপাদের স্থোত্ররত্বের শ্লোকাবলীও গোস্বামিপাদগণ সাধারণ ভক্তি-প্রকরণে উদ্ধার করিয়াছেন, রসসিদ্ধান্ত-মধ্যে নহে।

এস্থানে আর একটি বিষয় বিশেষ জ্ঞাতব্য। লৌকিক রসবিদ্গণের যে সকল শ্লোকাদি প্রীমন্মহাপ্রভু কীর্তন বা গোস্থামিবর্গ গ্রন্থে আহরণ করিয়াছেন, তাহা কেবল উদ্দীপনালম্বনংশেই গৃহীত হইয়াছে, ভজন বা সেব্যাংশে নহে; যেরপ্রপ্রীমন্মহাপ্রভুর সাধারণ বন, নদী, পর্বত, মেঘাদি প্রাক্বত বস্তু দেখিলেও অপ্রাক্বত বৃন্দাবন, যমুনা, গোবর্দ্ধন, ক্ষম্পর্কাদির উদ্দীপন হইত, বস্তুতঃ তত্তং প্রাক্বতবস্তু অপ্রাক্বত পর্যায়ে গৃহীত হয় নাই। প্রীরূপপাদ বা প্রীক্রিকর্ণপূরাদি প্রীগোরপার্যদ্দগণও যে ভরতমূনির নাট্যশাস্ত্র, কাব্যপ্রকাশ, সাহিত্যদর্পন, রসার্গবহ্রধাকরাদির প্রক্রিয়া, পরিভাষা, ভাষাদির কোথাও গ্রহণ, পরিবর্দ্ধন, পরিবর্জনাদি করিয়াছেন, তাহার উদ্দেশ্য নাট্যশাস্ত্রভাষ্যকার অভিনবগুপ্তের ভাষায় (৬০০৪) এইরূপ বলা যায়—"পূর্ব-প্রতিষ্ঠাপিত-যোজনাস্থ মূল-প্রতিষ্ঠা-ফলম্ আমনন্তি"—পূর্ব-প্রতিষ্ঠিত বিষয়ে প্রয়োজনাত্ররূপ যোজন-সংযোজনাদিতে মূলের প্রতিষ্ঠাফলই সর্বতোভাবে পাওয়া যায়। ইহা সাধারণ লোকবোধ-সৌকর্মার্থ এবং স্পার্যদ্ধ স্থং ভগবান্ কর্তু ক স্ববিভৃতির মর্যাদা সংস্থাপনের উদ্দেশ্য ব্যতীত অন্ত কিছু নহে।

সম্প্রদায়-প্রবর্ত্তক আচার্য্যগণের গোপীপ্রেমের বিচার

সম্প্রদায়প্রবর্ত্তক আচার্য্যগণের মধ্যে শ্রীপাদ নিম্বার্কাচার্য্য শ্রীশ্রীরাধাক্ষ্যযুগলোপাসনার কথা তাঁহার দশশ্লোকীতে প্রচার করিয়াছেন। তাঁহার তৃতীয়
অধস্তন শ্রীপুরুষোত্তমাচার্য্য তৎকৃত বেদান্তরত্বমঞ্জ্যায় (১০) শ্রীরাধিকাকে
দারকার ক্ষমহিষী শ্রীরুক্মিনী শ্রীসত্যভামার সহিত সমপর্য্যায়ে গণনা করিয়াছেন।
বাস্থদেব শ্রীকৃষ্ণই উপাস্থা। দিভুজ ও চতুর্ভুজের মধ্যে তারতম্য নাই।
তৎপরবর্ত্তী আচার্য্য শ্রীগিরিধরপ্রপন্নজীও 'লঘুমঞ্জুষা' ভাষ্যে উক্ত সিদ্ধান্তই

দৃঢ় করিয়াছেন। শ্রীকেশবকাশ্মীরিভট্টজীর শ্রীগীতা-তত্ত্বকাশিকা টীকায়ও শ্রীক্লফের স্বকীয় নররূপের অধীনই যে বিশ্বরূপ এই সিদ্ধান্ত পাওয়া যায় না। স্থুতরাং সেই সিদ্ধান্তে এশ্র্য্যগন্ধহীন মাধুর্য্যের কথা নাই।

শ্রীকেশবকাশ্মীরিশিয় শ্রীশ্রীভট্টে শ্রীরূপপাদের সিদ্ধান্তের প্রভাব ও অনুকরণ পরিলক্ষিত হয়। শ্রীভট্টজী-লিখিত হিন্দী যুগলশতকে স্থীভাবে শ্রীশ্রীরাধা-ক্ষের হিন্দোল-লীলাদির পদ দ্রষ্টব্য। শ্রীভট্টের শিয়া শ্রীহরিব্যাস আরও অগ্রসর হইরা শ্রীরূপের কেবল ভাব নহে, ভাষা-কারিকা প্রভৃতি (সংভাঃ শ্রীক্ষণামৃত ১২ সংখ্যার সহিত তুলনীয়) অনুকরণে তৎকৃত সিদ্ধান্ত-কুস্থমাঞ্জলিতে দশ-শ্রোকীর ৪র্থ শ্লোকাদি ব্যাখ্যা করিয়াছেন। শ্রীহরি-ব্যাসের "মহাবাণী অষ্ট-কাল-সেবাস্থ্যে" অষ্টকাল-সেবাপদ্ধতি শ্রীরূপের সম্পূর্ণ অনুকরণে রচিত হইয়াছে। শ্রীহরিব্যাস সিন্ধান্তর্বাবলীর দীকায় শ্রীনিম্বার্কাচার্য্যকে তৎসম্প্রদায়ে চিরপ্রসিদ্ধ শ্রীক্দর্শনচক্রের অবতারের পরিবর্ত্তে শ্রীরূপদেবী স্থীর অবতার এবং শ্রীনিম্বার্কাচার্য্য স্থীভাবের উপাসক—এই অভিনব মত প্রথম প্রচার করিয়াছেন। শ্রীনিম্বার্কা-চার্য্যপাদ স্বয়ং বেদান্তপারিজাতসৌরভে (১)১০) রমাকান্ত পুরুষোত্মকেই কিন্তু পরতত্ত্ব বলিয়াছেন। তাঁহার শ্রীশ্রীরাধাকৃষ্ণ—দেবলীল।

স্বাধীনভর্কা শ্রীরাধা—যাহা শ্রীজয়দেবের শ্রীগীতগোবিদে সম্জ্জনিত, তাহা শ্রীনিম্বার্ক বা তৎসম্প্রদায়ের প্রাচীন আচার্য্যগণের সিদ্ধান্তে কোথায়ও দৃষ্ট হয় না। নিম্বার্কসম্প্রদায়ের টীকাচার্য্য শ্রীশুকদেবের সিদ্ধান্তপ্রদীপে (ভাঃ ১০।২০।৪৮) শ্রীক্ষের সমপ্রেমব্যবহারে সাধারণ ব্রজগোপীগণের সৌভাগ্য-পর্ব এবং শ্রীরাধার মানকে শ্রীরামান্তজ-শ্রীমধ্বাদি-সম্প্রদায়ের সিদ্ধান্তেরই স্থায় এক কক্ষায় স্থাপন করা হইয়াছে। ইহা শ্রীজয়দেবের (গীতগোবিন্দ ৩।১-২) মূল সিদ্ধান্তের সম্পূর্ণ প্রতিকৃল। "অনয়া রাধিতো নৃনং" (ভাঃ ১০।৩০।২৮) শ্রোকে প্রীচৈতন্যচরণান্ত্ররগণ সকলেই অপূর্ব ব্যঞ্জনাবৃত্তিতে শ্রীরাধার নাম,

ত। শ্রীমভাগবতের এক টি বা ঘুইটি স্নেকে শ্রীরাধার নাম কেন, সমগ্র শ্রীমভাগবতই শ্রীরাধাময়। 'তভ্যেদম' (পাঃ ৪।৩।১২০) পানিনীয় স্ক্রান্সারে ভগবান্ শ্রীকৃষ্ণের স্ব্-শ্রেষ্ঠ-কলত্ররপ শ্রীরাধাই 'শ্রীমভাগবত' শব্দের বাচ্য। এজক্ত শ্রীগোরস্ক্র বাল্যলীলা-কালে "ভাগবত ধরিয়া দিলেন আলিখন" (চৈঃ ভাঃ ১।৪।৫৫)।

চরমোৎকর্ষ এবং স্বাধীনভর্ত্ক। শ্রীরাধার দেবারস-সাক্ষাৎকার করিয়াছেন, কিন্তু সিদ্ধান্তপ্রদীপমতে শ্রীরাধার দাসীর প্রতিই শ্রীক্ষয়ের ঐরপ ব্যবহার এবং কার্য্যতঃ স্বেশ্বরীকে বঞ্চিত করিয়া দাসীরই তাহা সম্ভোগ বা আত্মসাৎ করিবার সিদ্ধান্ত প্রকাশিত হওয়ায় তাহা শ্রীরূপপাদ প্রদর্শিত মঞ্জরীর ভাব ও আদর্শ হইতে বহু নিম্নে আসিয়া পড়িয়াছে। "একা ক্রকুটিমাবধ্য" (ভাঃ ১০।৩২।৬) ইত্যাদি শ্লোকে শ্রীমন্ডাগবতে 'মদীয়তাময়-মধুম্মেহোখমানকৌটিল্যবতী'র কথা বলা হইয়াছে, শ্রীগীতগোবিন্দে সেই শ্রীরাধারই বর্ণন দৃষ্ট হয়়। কিন্তু সিদ্ধান্তপ্রদীপে বা শ্রীনিম্বার্কসম্প্রদায়ের সিদ্ধান্তে যে শ্রীরাধা তাহা শ্রীকৃক্মিণী-সত্যভামাদির সহিত সমপর্য্যায়ে গণিত। (পুরুষোত্রমাচার্য্যকৃত বেদান্তরত্বমঞ্জুষা ১।৫)।

শ্রীবল্লভাচার্য্যের রসসিদ্ধান্ত

শ্রীচৈতন্তাদেব ও তাঁহার পরিকরবৃন্দের রূপালাভ করিবার পূর্বে বালগোপালমন্ত্রোপাসক শ্রীবল্লভাচার্য্যের স্থবোধিনী টীকা ও যে যে ভক্তিরস্নাহিত্য রচিত হইয়াছিল তাহাতে শ্রীরাধার পারতম্য বিচার নাই। "অনয়ারাধিতো নৃনং" শ্লোকের টীকায়ও শ্রীরাধার নামগন্ধের উল্লেখ নাই। এমন কি, পূর্বোক্ত (১০০২০৬) শ্লোকে শ্রীচৈতন্তচরণাস্কচরগণ যে স্বাধীনভর্তৃকা শ্রীরাধার পরমোৎকর্ষব্যঞ্জক প্রণয়রস আস্বাদন করিয়াছেন, স্থবোধিনী টীকায় সেই গোপীকে তামসী ও তাঁহার প্রণয়ব্যবহারকে তমোভাবোখ বলা হইয়াছে—"তামসী তমসা জক্টিমাবধ্য কটাক্ষেপেঃ মন্ত্রীব প্রক্ষত" (স্থবোধিনী)। শ্রীবল্লভাচার্য্য স্থবোধিনীর দশম তামসফল-প্রকরণে (১০০২ন অধ্যায়) শ্রীকৃষ্ণবিরহজনিত হঃথ ও সংযোগজাত স্থথের দ্বারা প্রারন্ধ পাপের ও পুণ্যের বিনাশ সিদ্ধান্ত করিয়াছেন। ইহা শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ সারার্থদর্শিনীতে '(১০০২ন১০) খণ্ডন করিয়াছেন।

সপার্বদ শ্রীচৈতত্যের রূপালাভ করিবার পর শ্রীপাদ বল্লভাচার্য্য শ্রীরুফ্ষকে 'শ্রীরাধিকারমণ' (শ্রীরুফ্টিক ২য় শ্লোক), 'রাধাবরপ্রিয়' (ঐ ৬ৡ শ্লোক), 'শ্রীরাধিকাবল্লভ' (ঐ ৯ম শ্লোক) ইত্যাদি নামে বন্দনা করিয়াছেন। তাঁহার

দিতীয়পুত্র পরমভাগবত শ্রীপাদ বিট্ঠলাচার্য্যও শ্রীশ্রীদ্ধরঘুনাথের সঙ্গপ্রভাবে শ্রীদ্বামিষ্যষ্টকম্, শ্রীরাধাপ্রার্থনাচতুঃশ্লোকী প্রভৃতি স্তবে শ্রীরাধিকাকে নিজেশ্বরী ও শ্রীকৃষ্ণকে শ্রীরাধাবশীভূত নায়করূপে বর্ণন এবং শ্রীচৈত্যকৃত 'শ্রীকৃষ্ণপ্রেমামৃতে'র টীকা, শ্রীগীতগোবিন্দের টীকা ও শৃঙ্গার-রসমন্তন প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছেন।

শ্রীচৈত্ত দেব ও শ্রীজয়দেব

লৌকিক বিচারকাণ অনুমান করেন, শ্রীজয়দেব হইতেই গৌড়ীয় বৈষ্ণবাণ ব্রজরসোপাসনার সন্ধান পাইয়াছেন। বস্তুতঃ শ্রীশ্রীগৌরাঙ্গদেব স্বয়ং প্রেমকল্লতক্ষ হইয়াও অচিন্ত্যশক্তিক্রমে স্বয়ংই একাধারে প্রেমফলের মালাকার, দাতা ভোক্তা আর শ্রীজয়দেবাদি সেই আকর প্রেমামরতক্ষর রসপিপাস্থ বা ক্লপাকণাপ্রার্থী কিংবা ক্লপাসিদ্ধ একতম মহাজন। শ্রীজয়দেবকে কবিগুরু বলিলেও শ্রীগৌরাঙ্গদেব সেই গুরুক্লের স্রষ্ঠা—কবিসমষ্টিগুরু। শ্রীগৌরাঙ্গ এক অদ্বিতীয় লীলাপুরুষোত্তম, আর শ্রীজয়দেবাদির ন্তায় মহাকবি তুর্লভ হইলেও তাঁহাদের সমকক্ষ আরও হইতে পারেন। অক্ষয় শ্রীচৈতন্ত্য-লীলা-সরোবর হইতে শত শত ধারে প্রবাহিত ক্রফলীলাসার গান করিবার জন্ত শত শত জয়দেব-বিল্লমঙ্গল বিত্যাপতি-চণ্ডীদাসের আবির্ভাব হওয়া অসম্ভব নহে।

শ্রীব্রজনীলার নিত্যসিদ্ধা শ্রীরাধাপ্রাণপ্রেষ্ঠা শ্রীশ্রীললিতা-বিশাখা-তৃষ্ণবিতা-রপমঞ্জরী-রসমঞ্জরী (শ্রীম্বরূপ-রামরায়-প্রবোধানন্দ-রূপ-রঘুনাথ) প্রমূথ ভক্তিরসিক শ্রীশ্রীরাধাগোবিন্দের যে রহঃলীলাপ্রকোষ্ঠে প্রবেশের অধিকারিণী, শ্রীজয়দেব-শ্রীবিত্যাপতি-শ্রীচণ্ডীদাসাদি রুপাসিদ্ধ রসিকগণ সিদ্ধম্বরূপেও তাহাতে প্রবেশাধিকার প্রাপ্ত হয়েন না। শ্রীজয়দেবাদির পদাবলীতে একান্ত স্বম্বুখবাসনা-গন্ধরহিতা মঞ্জরীর ভাবের কথা স্বব্যক্ত হয় নাই, যেরূপ শ্রীশ্রীরূপরঘুনাথের গাথায় দৃষ্ট হয়। শ্রীগোড়ীয় বৈষ্ণবগণ কেহই শ্রীজয়দেবাদির আহুগত্যে ভজন করেন না, তাঁহারা শ্রীশ্রীরূপরঘুনাথের আহুগত্যেই সাধক ও সিদ্ধ উভয়দেহেই ভজন করেন। শ্রীরূপরঘুনাথের কাব্যে মাদনমহাভাববতী শ্রীরাধার যেসকল ভাব-বৈচিত্রীর মৌলিক বিশ্লেষণ দৃষ্ট হয়, শ্রীজয়দেবাদির কাব্যে সেই পর্য্যাপ্তি

ও বৈচিত্রী দৃষ্ট হয় না। নিত্যদিক শ্রীশ্রীরপরঘুনাথ রসরাজ-মহাভাব-মিলিত-ত্রুকে সাক্ষাদ্ভাবে অন্তরে বাহিরে—শ্রীকৃষ্ণ ও শ্রীগোর উভয় লীলায় দর্শন এবং তাঁহার ভাববৈচিত্র্যসমূহ প্রত্যক্ষ করিয়া সাক্ষাৎ শক্তিসঞ্গরিত হইয়া তাঁহাদের কাব্যে রসসাক্ষাৎকার করিয়াছেন, আর শ্রীজয়দেবাদি রূপাসিদ্ধ মহাজন মানস-মুকুরে প্রতিফলিত রসমৃতিকে রূপাশক্তিপ্রভাবে বর্ণনা করিয়াছেন।

ত্রীবিতাপতি-চণ্ডীদাসাদির রসসিদ্ধান্ত ও ত্রীরূপ-পাদ

শ্রীবিতাপতি-চণ্ডীদাসাদির পদে পরকীয়াভাবের রসোল্লাসের কথা পাওয়া গেলেও শ্রীউজ্জ্বনীলমণিতে (নায়িকাপ্রত) ও শ্রীনাটকচন্দ্রিকায় (১০) শ্রীরূপ যে ভাবে একান্ত অপ্রাকৃত গোকুল-ললনা-নিষ্ঠ পরকীয়া-ভাবের কথা জ্ঞাপন করিয়াছেন, বিভাপতি-প্রভৃতির পদে তাহা তুর্লভ। দ্বিতীয়তঃ শ্রীরূপ-পাদের লীলাম্বরণ-মঙ্গল-স্ভোত্রে বা শ্রীকবিরাজ গোস্বামীর শ্রীগোবিন্দ-লীলামৃতে পরকীয়া-নায়িকা-শিরোমণি শ্রীরাধা কর্তৃক অনুষ্ঠিত যে স্র্য্যপূজাদি মধ্যাহলীলার অবতারণা আছে, তাহা প্রকৃত বিভাপতির কোনও পদে পাওয়া যায় না তৃতীয়তঃ শ্রীরূপের প্রদর্শিত মণিমঞ্জরীর আদর্শ শ্রীবিতাপতি-চণ্ডীদাসাদির পদে ত্রভ। চতুর্থতঃ শ্রীরূপাতুগ মহাজনগণ যেরূপ তাঁহাদের রাগাতুগ ভজনের অঙ্গররপ করিয়া রাগমার্গীয় গুরুপাদপদ্ম-প্রদর্শিত দিদ্ধদেহাতুসারী সর্ব-স্বস্থখ-বাসনাগন্ধবিবজ্জিতা মঞ্জরীরূপে স্থীর অনুগা হইয়া প্রম্যাধ্য কুঞ্সেবাপ্র গীতিকাব্যের অব্যভিচারিণী দেবা করিয়াছেন, তাহাও অন্তত্ত স্ত্র্ল্ভ। যৃথেশ্বরীর উপভোগের অন্থমোদনাত্মক ভাবও (যাহা উপভোগবাসনাহীক স্থীমঞ্জরীগণের ভাব) যে কাম্ভভাব, ইহা শ্রীচৈতগ্যচরণাত্মচর শ্রীরূপগোস্বামিপাদ (ভঃ রঃ সি: ১।২।২৯৮) এবং তদমুগ-সম্প্রদায় (শ্রীজীব শ্রীপ্রীতিসন্দর্ভে ৩৬৫-৩৬৯) ব্যতীত অন্ত কোন সম্প্রদায়ের রসবিদ্ই প্রতিপাদন করেন নাই। শ্রীরপের সদোপাস্থ শ্রীরাধাভাবাত্য শ্রীগৌরহরি পর্য্যন্ত ফলীলায় মঞ্জরীভাব প্রকট করিয়াছেন এবং তাঁহার অঙ্গস্বরূপ শ্রীনিত্যানন্দাদৈতাদি, এমন কি তাঁহার সমস্ত লীলাপরিকরে এবং সেই লীলায় আবিভূতি অন্যান্য ভগবৎস্বরূপের ও অন্যান্ত রদের যেসকল ব্যক্তি আছেন, তাঁহাদের সকলের মধ্যে সেই মঞ্জরীভাব সঞ্চার করিবেন বলিয়া শ্রীঅবৈতাচার্যের নিকট প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছেন। (শ্রীচৈতত্য-চল্রোদয় নাটক—উপসংহার দ্রপ্তব্য) তাই শ্রীনারদাবতার শ্রীবাসপণ্ডিত, শ্রীহমুমদাবতার শ্রীমুরারিগুপ্ত, শ্রীরামভক্ত শ্রীঅনৃপম, শ্রীনুসিংহভক্ত শ্রীনুসিংহানন্দাদি শ্রীগৌরপরিকরগণ ব্যহান্তরে মঞ্জরীদেহ লাভ করেন। (চৈঃ ভাঃ হাহাততত-ত০৪, চৈঃ চঃ ১৷১৭৷২০০-২৪০, শ্রীচৈততাচরিতমহাকাব্য ৮৷৫৬-৬০; চৈঃ চঃ হা১৷১৫৫-১৬০; চৈঃ ভাঃ ১৷১৷১৪৫, হা১০৷১১; শ্রীপদকল্লতক্ষ ৭৫১,৮৪৫ সাঃ পঃ সং ইত্যাদি দ্রপ্তব্য)। তাই শ্রীগৌড়ীয়বৈঞ্চবসম্প্রদায়ের সিদ্ধায়ায়সমূহে সর্বত্র শ্রীকিশোরগোপালমন্ত্রেরই উপাসনা প্রবৃত্তিত রহিয়াছে।

অখণ্ড লীলাসূত্রে গ্রন্থিত পূর্বোত্তর রসিকসম্প্রদায়

শ্রীবৈদ্ধস্থল, শ্রীজয়দেব, শ্রীবিত্যাপতি, শ্রীচণ্ডীদাস, শ্রীমাধবেন্দ্রপুরী প্রমৃথ শ্রীচৈতন্তপূর্ব-মহাজন এবং শ্রীবৃন্দাবনদাসঠাকুর, শ্রীকৃষ্ণদাস কবিরাজ, শ্রীনরোত্তম ঠাকুর প্রমৃথ শ্রীচৈতন্তোত্তর মহাজনগণ অথও শ্রীগোর-লীলাস্ততে গ্রথিত। কারণ নিত্য শ্রীগোর-লীলা শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদি উপাসনাকালে শ্রীগোর কর্তৃক শ্রীবিল্লমঙ্গলাদির পদাস্বাদন-লীলাটি হেরপ শ্রীগোরলীলোপাসকগণের নিত্য আস্বাত্য, তদ্রেপ পরবর্তী মহাজনগণেরও বর্ণিত লীলাক্সারেই তাহা সেব্য হয়। শ্রীবিল্লমঙ্গলাদিও শ্রীগোরলীলাশক্তিপ্রণোদিত হইয়াই শ্রীচৈতন্তোর আবির্ভাবের পূর্বে লীলাশুকরূপে কৃষ্ণকর্ণামৃত গান করিয়াছেন। নতুবা "কৃষ্ণাদন্তঃ কো বাদ্দতাস্থপি প্রোমদো ভবতি"—("কৃষ্ণ বিনা অন্তো নারে ব্রজপ্রেম দিতে")—এই শ্রীবিল্লমঙ্গলবাক্যটি (সং ভাঃ ১০০০) নির্থক হয়।

শ্রীবিন্নমঙ্গল-শ্রীজয়দেব-শ্রীবিন্তাপতি-চণ্ডীদাসপ্রম্থ শ্রীচৈতন্তপূর্ব মহাজনগণ পূর্বকল্পের শ্রীগৌরলীলায় শ্রীমন্মহাপ্রভুর রূপালাভ করিয়াছিলেন। তাই তাঁহারা লীলাশক্তির ইচ্ছায় বর্ত্তমান কল্পে স্বরাট্ লীলাপুরুষোত্তম শ্রীগৌরের সহদয় অগ্রদূতরূপে আবিভূতি হইয়া শ্রীগৌরহরির ভাবান্তক্ল গীতি গান করিয়ামহাপ্রভুর ভক্তিফলোতান রচনার ক্ষেত্র প্রস্তুত করিয়াছেন। শ্রীবিন্নমঙ্গলাদির

उ जीलाइ-अप्तारमणमीभिक्य ७२-७० मधेगा

রসভাবনা শ্রীগোরাঙ্গলীলায় মূর্ত্ত ও পরিপুষ্ট হইয়াছে এবং মহাপ্রভূই তাহা আবিষ্কার ও সমগ্রভাবে আস্বাদন করিয়া প্রকৃত তাৎপর্য্য নির্ণয় করিয়াছেন।

শ্রীপদাপুরাণে (পাতালখণ্ড, ৩৭ অধ্যায়ে) এবং শ্রীরামায়ণে (বালকাণ্ডে ১ম-৩য় সর্গে) দৃষ্ট হয় শ্রীরামচন্দ্রের আবির্ভাবের পূর্বেই ত্রিকালক্ত শ্রীনারদ হইতে পূর্বকল্পের শ্রীরামলীলা শ্রবণ করিয়া শ্রীবাল্মীকির শ্রীরামায়ণ রচনার প্রবৃত্তি এবং তদমুকূলে ক্রোঞ্চমিথুনের ঘটনাপরম্পরা, ব্রহ্মার আদেশ প্রভৃতি এবং শ্রীবাল্মীকি-কর্তৃক যোগবলে অতীত ও ভবিশ্বং শ্রীরামলীলাপূর্ণ শ্রীরামায়ণ-গীতির আবির্ভাব হয়। রাম না জনিতে যেরপ রামায়ণ গান লীলাশক্তির প্রেরণায় পূর্বকল্পের লীলাশ্ররণে শ্রীবাল্মীকির দ্বারা সম্ভব হয়, তদ্রেপ গৌর না হইতেও বিল্পমঙ্গল, জয়দেবাদির দ্বারা শ্রীগৌরচন্দ্রিকা-গান লীলাশক্তির প্রেরণায়ই হয়।

শীপ্রবোধানন সরস্বতীপাদ শ্রীচৈতন্মচন্দ্রামৃতে "ভূতো বা ভবিতাপি বা" (২৮ শ্লোক) ইত্যাদি শ্লোকে বলিয়াছেন,—এই ভূমণ্ডলে শ্রীরাধাপ্রাণবন্ধুর সহিত যে কোন প্রকার সম্বন্ধ পূর্বে কাহারও হইয়াছে, পরে হইবে বা বর্ত্তমানে হইতেছে, তংসমস্তই নিজ ভক্তিরূপ পরমেশ্বর্যের (উদার্য্যের) সহিত ক্রীড়নশীল শ্রীগোরের কারুণ্যপ্রকটিত, তংরুপোদ্রাসিত বলিয়া নির্মৎসর ব্যক্তিগণ অন্নভব করিতেছেন। উদার্য্যবিগ্রহ ত্রিকালসত্য শ্রীগোররুম্থের ত্রিকালব্যাপিনী অচিন্ত্যরূপা শ্রীবিল্বমন্ধল, শ্রীজয়দেব, শ্রীবিল্যাপতি, শ্রীচণ্ডীদাসাদি পূর্বরসপিপাস্থতে এবং শ্রীচৈতন্তলীলার গুরুবর্গ শ্রীমাধ্বেন্দ্র-শ্রীক্রশ্বরপুরীপ্রম্থ আচার্য্যগণে, শ্রীক্রমণ-রামরায়-শ্রীরূপ-সনাতন-রঘুনাথাদি অনুগত পরিকরবর্গে এবং পরবর্ত্তিকালীয় শ্রীক্রম্ঞদাস কবিরাজ-শ্রীল নরোত্রমাদি রসিক্রমণে সঞ্চারিত হইয়াছে। স্থতরাং ইহারা সকলেই অথণ্ড গৌরলীলার অবিচ্ছিন্ন স্ত্ত্রে গ্রথিত।

শ্রীরামরায়ের রসসিদ্ধান্তের মূলে শ্রীগোর

শ্রীচৈত হাই শ্রীরামরায়ের মুখে গোদাবরী তীরে রসতত্ত্বের বক্তা "তোমার শিক্ষায় পড়ি যেন শুকপাঠ" (চৈঃ চঃ ২।৮।১২১, ২৬২-২৬৪)। শ্রীমন্মহাপ্রভূ সাধ্যশিরোমণি পরম নিগৃড় শ্রীশ্রীরাধারুষ্ণকুঞ্জদেবা-রহস্তা-প্রণালী উদ্যাটন-কল্লেই শ্রীরামরায়ের সহিত সংলাপ আরম্ভ করিয়াছিলেন। স্বরং উপাশ্রই সেই কুঞ্জসেবার রহস্য স্বরং প্রকাশ করিলে "স্থী বিহু এই লীলায় অন্যের নাহি গতি।" ইত্যাদি মূল সাধনরীতির বিপর্যায় হয়। এই জন্ম শ্রীশ্রীরাধাগোবিন্দ-মিলিত-তমু স্বরং বক্তা না হইয়া শ্রীরামরায়কে বক্তা করিয়া সেই রহস্য প্রকাশ করিলেন। বস্ততঃ সেই রহস্যের মূল নিদান স্বরং শ্রীমন্মহাপ্রভুই।

সাধ্য-সাধন-তত্ত্ব আলোচনার প্রারম্ভেই শ্রীমন্মহাপ্রভু "পড় শ্লোক সাধ্যের নির্ণয়"—এই উক্তির দারা প্রতিক্ষেত্রেই রায়কে শাস্ত্রীয় শ্লোক-প্রমাণ উদ্ধার করিবার প্রতিজ্ঞা করাইয়া লইয়াছিলেন এবং শ্রীরামরায়ও ক্রমদোপানসমূহের প্রমাণ-শ্লোক উদ্ধার করিতেছিলেন। কিন্তু শ্রীমন্মহাপ্রভুর হালাত চরম সাধ্য-নির্ণায়ক কোন শ্লোক বা প্রমাণ পূর্ব প্রদর্শিত শ্রীবিষ্ণুপুরাণ, শ্রীমন্তাগবত, শ্রীগীতা, শ্ৰীবন্ধান্ত প্ৰভৃতি মুনিকৃত শাস্তে; শ্ৰীকৃষ্ণকৰ্ণামৃত, শ্ৰীগীতগোবিন্দাদি মহাজন-কৃত মহাকাব্যে; শ্রীচণ্ডীদাস শ্রীবিত্যাপতি প্রমুখ রাসকগণের পদাবলীর মধ্যে বা কোনশাস্তের কোথায়ও না পাইয়া পূর্বেই বিভিন্ন সাধন ও সাধ্যের স্তর্নির্ণায়ক প্রমাণমধ্যে তত্তংশাস্ত্রের ও মহাজনের যাবতীয় প্রমাণ নিঃশেষ করিয়া দিয়া অবশেষে ব্রজলীলার শ্রীরাধাপ্রাণপ্রেষ্ঠা স্থীস্থরপা তাঁহার (শ্রীরামরায়ের) নয়ন-সমক্ষে সেই চরম্পাধ্যনির্ণায়ক প্রমাণের মূর্ত্তবিগ্রহরূপে বিরাজ্মান শীরাধাভাবাত্য শ্রীমন্মহাপ্রভুকে সাক্ষাদ্ দর্শন করিয়া হদয়ে যে গীভিটির স্ফৃত্তি হইয়াছিল, তাহাই রায় চরমসাধ্যের প্রমাণরপে কীর্ত্তন করেন। ব্রজলীলার শ্রীরূপমঞ্জরীস্বরূপা শ্রীরূপও নিকুঞ্জলীলায় শ্রীশ্রীরাধারুষ্ণের দেই মহাভাবমাধুরী প্রত্যক্ষ করিয়া উক্ত গীতির তাৎপর্য্য অধিকতর পরিব্যক্তভাবে তৎকৃত "রাধায়া ভবতশ্চ চিত্তজতুনী" ইত্যাদি (উজ্জ্ল, স্থায়ী ১৪।১৫৫) শ্লোকে গ্রথিত করেন।

শ্রীরূপের রসপ্রস্থানের বৈশিষ্ট্য

প্রত্যেক রসেরই এক একটি বিশেষ স্থায়ী ভাব আছে; যেরূপ, শৃঙ্গার-রসের রতি, করুণ রসের শোক ইত্যাদি স্থায়ী ভাব। ভক্তিরসের স্থায়ী

৪। এতিত অচ লোদয় নাটকে ৮ম অঙ্কে প্রসাবভোম বাক্য; টেঃ ১ঃ ২।৮।১ ইত্যাদি

ভাব হইতেছে ক্লম্ব্রতি—"এষা ক্লম্ব্রতিঃ স্থায়ী ভাবো ভক্তির্দো ভবেৎ"।—
(শ্রীভক্তিরনামৃতসিন্ধু ২,১)৫)।

শ্রীরূপের রসপ্রস্থানে স্থায়িভাব যে কৃষ্ণরতি, তাহা স্বরূপশক্তিহলাদিনীর সার-বৃত্তি-রূপা; তাহা মনের বৃত্তি নহে বা জীবের অন্তঃকরণ-রূপ উপাধিতে হলাদিনীশক্তির প্রতিফলন-বিশেষ নহে। প্রতিফলন বা প্রতিচ্ছবি অবাস্তব ও অনিত্যবস্তু, কুষ্ণরতি বাস্তব নিত্য বস্তু বলিয়াই তাহা অপ্রাক্ষত রসে পরিণত হয়। শ্রীব্রহ্মসংহিতায় (৫।৫৩) উক্ত হইয়াছে—"আনন্-চিনায়-রসাত্মতা মনঃস্থ যঃ প্রাণিনাং প্রতিফলন্ স্মরতামুপেত্য। লীলায়িতেন ভুবনানি জয়ত্যজ্ঞ: গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি।—"যিনি উজ্জ্বল নামক প্রেমরসাত্মকতা-হেতু ভদ্মারা আলিঙ্গিতরপে প্রাণিগণের চিত্তমধ্যে প্রতিফলিত হইয়াই অর্থাৎ যে সর্বমোহন শ্রীকৃষ্ণ সাক্ষাৎ মন্থ্যন্ত্রস্থান নানা চতুর্ গ্রহন্ত প্রত্যুম্পণেরও মন্থ-স্বরূপ (ক্রমসন্দর্ভ ১০।৩২।২), সেই ব্রজেন্দ্রনের স্বাংশ শ্রীপ্রত্যয় হইতে ছুরিত যে পরমাণু, তাহারই প্রতিচ্ছায়ারূপে কিঞ্চিদ্ভাবে উদিত ইইয়াই প্রাকৃত কামরূপে স্বচ্ছন্দে অথিল ব্রহ্মাণ্ডকে নিরন্তর জয় করিতেছে; সেই শ্রীগোবিন্দকে আমি ভজনা করি। যেরপে জগতের মূল কারণ ভগবান্ হইলেও জগতের আবেশ ভগবদাবেশ নহে, পরস্তু অধঃপাতকারক, তদ্রপ অপ্রাকৃত নবীন মদন শীবজেজনন্দন প্রাকৃত কামের মূল কারণ হইলেও, প্রাকৃত কামাবেশ ভগবং-প্রেমাবেশ নহে, তাহা সর্বতোভাবেই দোষাবহ (শ্রীজীবের শ্রীব্রহ্মসংহিতা-টীকাত্মারে)। প্রাকৃত কামে রস নাই—"প্রাকৃতে রস এব নাস্তি। প্রাকৃতে যে রসং মহান্তে, তে ভান্তা: প্রাক্কতা এব।" (শ্রীস্থবোধিনী, চক্রবত্তিপাদ ৫।১৬)। সেই-অপ্রাকৃত রুসোৎপত্তির সাধন সম্বন্ধে শ্রীরূপ বলেন, শ্রীভগবানের নামরূপ-खननौना ि अवनकौर्जना ि ভिक्ति अভाবে निथिन দোষ निः শেষে निवाक् व रहेश যাঁহাদের চিত্ত শুদ্ধসত্তবিশেষের আবিভাবেযাগ্য এবং তদাবিভাবে সর্বজ্ঞান-সম্পন্ন হইয়াছে, যাহারা শ্রীভাগবতের প্রতি অমুরক্ত, অপ্রাক্বত প্রেমর্সিকগণের নিতাসঙ্গেই যাঁহাদের নিরতিশয় উল্লাস, যাঁহারা শ্রীগোবিন্দের শ্রীপদ-কমলের

ভিজ-মুখ-সম্পতিকেই জীবাতু বলিয়া জানেন এবং প্রেমের অন্তরঙ্গ সাধনসমূহেরই (ইপ্টতমদেবের নামসংকীর্তনোজ্জল ব্রজ-সজাতীয় সাধন [বঃ ভাগবতামৃত হালা২১৮]) সর্বক্ষণ অনুশীলন করেন, [রসোৎপত্তির সহায়] সেই সকল ভক্তের হৃদয়ে বিরাজমানা, অথচ প্রাক্তনী ও আধুনিকী বাসনা-দ্বয়ের দ্বারা উজ্জ্বলা (হ্লাদিনীর বৃত্তিরপা) [রসোৎপত্তির প্রকার] আনন্দস্বরূপা রতিই (লৌকিক রসের ন্যায় সংকবির নিবদ্ধতার অপেক্ষাযুক্ত না হইয়াই) অনুভববেত্ব প্রীক্রম্বাদিবিভাবাদির সহযোগে ব্যরুপতা প্রাপ্ত হইয়া প্রোঢ়ানন্দ-চমংকারিতার পরাকাষ্ঠা লাভ করে। অতএব প্রীভগবদ্ধক্তিরস—প্রোঢ়ানন্দচমংকারপরাকাষ্ঠাত্মা। প্রাক্তনমহৃষ্ট বা বিষয়াসক্ত কিংবা মৃক্তিকামী নির্বেদগ্রস্থ প্রভৃতির চিত্তে সেই রসের উদয় অসম্ভব। (প্রীভক্তিরসামৃতসিদ্ধু হাহাহ-১০; হালাহ্রহ)। এজন্মই প্রীরূপ-পাদ শ্রীবিদপ্তমাধ্ব নাটকে সেই উন্নতোজ্জলরস পরিবেদ্ধণ করিবার পূর্বেই জগজ্জীবের হদয়ে শ্রীশচীনন্দন-হরির আবির্ভাব প্রার্থনা করিয়াছেন।

ব্রজলোকানুসারী সেবারস

শ্রীরায় রামানন্দপাদ বলেন,—"নির্বাণনিম্বফলমেব রসানভিজ্ঞাশ্চ্ যন্ত নাম-রসভত্ববিদে। বয়ন্ত । শ্যামায়তং মদনমন্থর-গোপরামানেত্রাঞ্জলীচুলুকিতাবসিতং পিবামঃ ॥" (শ্রীচৈতন্যচন্দ্রোদয় ৭।১১)—অরসজ্ঞগণ নির্বাণ-নিম্বফল চুষিতে থাকুন, শ্রীনামরসতত্বজ্ঞ আমরা কিন্তু অপ্রাক্তত মদনাবেশে মন্থরগতি শ্রীব্রজ্ঞাপীগণের নেত্ররূপ অঞ্জলী-দ্বারা পানকালে চ্যুত তাঁহাদের উচ্ছিন্ত শ্যামায়ত (উজ্জলরস) পান করিব। নামাক্রন্ত রসজ্ঞগণ ব্রজ্ঞগোপীর আমুগত্যে যে শ্যামমধু (মধুর রস) পান করেন, তাহাই উন্নতাজ্জলরসাস্থাদন বা শ্রীনামকীর্তনের সাধ্যাবেধি দিবায়ত-সমুদ্রে মজ্জন'। "এই নিত্যসিদ্ধ স্বরূপশক্তিবর্গের আমুগত্যে এবং তদ্ভাবের সহিত তাদাক্ষ্যপ্রাপ্ত হইয়া মঞ্জরীভাবে শ্রীরাধার্ক্ষযুগলের কুঞ্জদেবাপ্রাপ্তি। তটস্থাশক্তিস্থানীয় অণুচৈতন্য জীবের পক্ষে ইহার অধিক লভ্য অপর কিছুই নাই।"—(শ্রীশ্রভিক্তরহস্থকণিকা*)। শ্রীকবিরাজ গোস্বামীও

^{*} শ্রীল কাত্মপ্রিয় গোস্বামিপ্রভু-প্রণীত। ৩১৮ পৃঃ

জ্ঞানপ্রযুক্ত আবৃতক্ষেহ, দারকাদির নিত্যসিদ্ধপরিকরগণও ব্যাবৃত্ত হইয়াছেন। মীরা বাঈর সম্বন্ধে একটি কিংবদন্তি এই, তিনি শ্রীবৃন্দাবনে শ্রীজীবগোস্বামীর (?) সহিত সাক্ষাৎ করিতে চাহিলে শ্রীজীবপাদ অসম্মতি প্রকাশ করেন। ইহাতে মীরা বলেন, "বুন্দাবনে শ্রীকৃষ্ণই একমাত্র পুরুষ, আর সকলেই প্রকৃতি। স্থতরাং প্রকৃতির সহিত প্রকৃতির সম্ভাষণ দোষাবহ নহে, বরং গোপীভাব ব্যতীত এই স্থানে অবস্থান করা অহুচিত।" যাঁহারা শ্রীরূপের রুসবিজ্ঞান এবং তাহারই উপজীব্য মূর্তবিগ্রহ শ্রীচৈত্যদেবের আদর্শ উপলব্ধি করিতে পারেন নাই, তাঁহারাই মীরার ঐ উক্তিকে বহুমানন করিতে পারেন। বস্তুতঃ "দেবা সাধকরপেণ সিদ্ধরূপেণ চাত্র হি"—শ্রীরূপের এই উক্তিটির মধ্যেই ইহার প্রকৃষ্ট-মীমাংসা রহিয়াছে। যথাবস্থিত সাধকদেহে অবস্থান কালে নিত্যসিদ্ধগণও मिन्नमक्षती (मर्ट्त कान लकात काग्निकी हिष्टी लकान करतन ना। जिथक কি, স্বয়ং শ্রীরাধাভাবাত্য শ্রীমন্যহাপ্রভু এই আদর্শ স্বচরিত্রে সর্বক্ষেত্রে সংরক্ষণ করিয়াছেন। নিত্যসিদ্ধ স্বপার্যদ ছোট হরিদাসের দণ্ডলীলা দারা মহাপ্রভু ভক্তিপথের ব্যক্তিগণকে, বিশেষতঃ বিরক্ত ভক্তসম্প্রদায়কে জানাইয়াছেন, ্যথাবস্থিত সাধকদেহে অবস্থানকালে ভগবৎপার্ষদ স্থানীয় ব্যক্তিও, কোন বৈষ্ণবের আদেশেও, স্বয়ং শ্রীমন্মহাপ্রভুর বা ভগবানের সাক্ষাৎ সেবার জন্মও, নিত্যসিদ্ধ শ্রীরাধাগণভুক্ত প্রকৃতিরও (বৃদ্ধা শ্রীমাধবীমাতার স্থায়) সম্ভাষণ করিবেন না, ইহা ভক্তিসাধক স্ত্রী ও পুরুষ উভয়ের পক্ষেই প্রযোজ্য। স্থতরাং শ্রীজীব-পাদের ঐরপ আচরণ শ্রীমদ্বাগবত, শ্রীমন্মহাপ্রভু ও শ্রীরূপের সম্পূর্ণ অনুশাসন-পর্ভেই পরিলক্ষিত হয়। কিন্তু মীরা বাঈর উক্তি, যদি কিংবদন্তি সত্য হয়, তবে স্বতন্ত্র মত বিশেষ। তাহা\প্রায়শঃ উৎপাতেই পর্যাবসিত হয়।

"ব্রজলোকান্নসারতঃ" বাক্যের 'অনুসার' শব্দে আনুগত্যময় ভাবসাজাত্যই কথিত হইয়াছে—অনুকরণ নহে। এই আনুগত্যময় ভাবসাজাত্য সংরক্ষণের জন্মই একান্ত ব্রজলোকান্নসারী সম্প্রদায়ের অপরিহার্য আবশ্যকতা আছে এবং তাহাই সিদ্ধ-মন্ত্রগ্রুপারস্পর্যে শ্রীরূপান্নগ্র রসিকসম্প্রদায়।

গ্রীরপাত্বগ শ্রীগোড়ীয় বৈক্ষব-সম্প্রদায়

গোপালমস্ত্রের বিষয়ে শ্রীগোতমীয়তন্ত্র (২৯ অঃ ৫শ্লোক) বলিতেছেন—
সর্বেষাং কৃষ্ণ-মন্ত্রাণাময়ং মন্ত্রঃ শিখামণিঃ।
সম্প্রদায়বিহীনা যে মন্ত্রান্তে নিফলা মতাঃ॥

—সম্প্রদায় অর্থাৎ ভগবান্ হইতে অবিচ্ছিন্ন-মন্ত্রগুরু-পরম্পরায় বাঁহারা মন্ত্রপ্রাপ্ত না হয়েন, তাঁহাদের পক্ষে সমস্ত রুষ্ণমন্ত্রের শ্রেষ্ঠ সিদ্ধগোপালমন্ত্রও নিক্ষল হয়।

শ্রীহরিভক্তিবিলাদে (৪।৩৬৩) আয়ায়াগত উপদেষ্টাকেই গ্রহণ করিবার অপরিহার্য বিধান দৃষ্ট হয়। মূলের "আয়ায়াগতং উপদেষ্টারম্" বাক্যের শ্রীদনাতনগোস্বামিপাদকত টীকা—"আয়ায়াগতং কুলক্রমাগতং বেদবিহিতং বা"—আয়ায়াগত উপদেষ্টা বলিতে কুলক্রমাগত—বংশপরস্পরায় অবিচ্ছিন্নভাবে আগত কুলগুক, অথবা বেদশাস্ত্রবিহিত গুরু। মৃণ্ডকশ্রুতিতে (১।১।১) ভগবান্ হইতে অবিচ্ছিন্নভাবে আগত গুরুর কথা জানা য়ায় (**)

শ্রী, বন্ধা, রুদ্র, চতুঃসন যথাক্রমে শ্রীনারায়ণ, শ্রীহংসবিষ্ণু, শ্রীনুপঞ্চাস্ত (শ্রীনুসিংহ), শ্রীহংসদেব হইতে মন্ত্র লাভ করিয়া সম্প্রদায়প্রবর্তক হইয়াছেন।

ম্লনারায়ণ, পরতত্ত্বসীমা 'আতহরি' শ্রীগৌরহরি তাঁহার স্বয়ংপ্রকাশ শ্রীনিত্যানন্দ, শ্রীমহাবিষ্ণু-অবতার শ্রীঅবৈতাচার্য ও স্বশক্তি শ্রীগদাধরের দারা মন্ত্রাচার্যের ও সম্প্রদার-সমৃদ্ধির কার্য করাইয়াছেন। শ্রীহরিভক্তিবিলাসের দীক্ষাবিধি-প্রকরণের (২০১) মঙ্গলাচরণে শ্রীমন্মহাপ্রভুকে যে "জগদ্গুরু" বলা হইয়াছে, উহার টীকায় শ্রীসনাতন বলিয়াছেন,—"সাক্ষান্তস্যোপদেষ্টু ত্বাসম্ভবঃ" ইত্যাদি শ্রীকৃষ্ণচৈতভাদেবের সাক্ষাদ্ভাবে মন্ত্রগুরুরপে উপদেষ্টু অসম্ভব; কিন্তু সকলের অন্তর্যামিরূপে তিনি সমষ্টিগুরু এবং সর্বত্র ভগবলাম-সংকীর্তন-প্রধানা ভক্তির সঞ্চার করায় তিনি "জগতের গুরু"। শ্রীকবিরাজগোম্বামিপাদের প্রায় সমসাময়িক সাধনদীপিকাকার (১ম কক্ষায়) বলিয়াছেন,—শ্রীমন্মহাপ্রভোন্মির্বেকঃ কোহপি নান্তি"—শ্রীমন্মহাপ্রভুর মন্ত্রশিল্য কেহই নাই।

শ্রীচৈতগ্যচন্দ্রোদয় নাটকে (১।৬-৮) এবং শ্রীচৈতগ্যচরিতামতে (১।৯।৬)

* ভবৎপদাভোক্তহনাবমত্র (ভা ১•।২।৬১) ইত্যন্ত্রমারেণাবিচ্ছিন্ন-সম্প্রদারত্বেনানাদি-সিদ্ধ-তাদ্
অনস্তত্তাৎ। (শ্রীকৃষ্ণ, সর্বসন্থাদিনী)। শ্রীপ্তক্রসংপ্রদারং ভদ্ধনবিচ্ছিন্নসন্ত্রতৈত্বিতৎ
শ্রবণ-শ্রবিণাদিকং কার্য্যন্। (সারার্থ দঃ ১২।৪।৪২)।

শ্রীমনহাপ্রভুকেই মূল প্রেমকল্পবৃক্ষরণে বর্ণন করিয়া শ্রীমাধবেন্দ্রপ্রমুখ শ্রীগুরুবর্গের লীলাকারী সকলকেই সেই অঙ্গীরই আশ্রিত বিভিন্ন অঙ্গরূপে বর্ণন করা হইয়াছে। তাই শ্রীঅদ্বৈতাত্মজ শ্রীঅচ্যুতানন্দ্রপাদ বলিয়াছেন,—"চৌদ্দুবনের গুরু শ্রীচৈতন্মগোঁসাঞি। তাঁর গুরু অন্য—এই কোন শাস্ত্রে নাই॥" (চৈঃ চঃ ১।১২।১৬)। ঈশ্বরকল্প ব্যক্তিগণেরও মহান্ত-মন্ত্রগুরুম্বীকার অপরিহার্য—এই শিক্ষাদর্শ স্থাপনের জন্ম স্বয়ংভগবান্ শ্রীমনহাপ্রভুর ও প্রভুদ্বরের শ্রীমন্ত্রগুরু-গ্রহণলীলা।

শ্রীমনহাপ্রভু যে শ্রীঈশ্বরপুরীপাদ হইতে দশাক্ষর-মন্ত্রগ্রহণলীলা (চৈঃ ভাঃ ১।১৭।১০৭) করেন, সেই মন্ত্রের দেবতা হইলেন শ্রীগোপীজনবল্লভ (গৌতমীয়তন্ত্র ২য় অধ্যায়)। চক্রবতিপাদ বলেন, দশাক্ষর ও অষ্টাদশাক্ষর গোপালমন্তের অর্থ—পরোচ্ত্ব-উপপতিত্বভাবময়। (আনন্দচন্দ্রিকা ১।২১)। শ্রীঈশ্বরপুরীপাদ-কৃত শ্লোক (শ্রীরপের শ্রীপতাবলী ১৮ ও ৭৫ সংখ্যাধৃত) হইতে প্রমাণিত হয় —পুরীপাদ শ্রীগোপীজনবল্লভের উপাসক এবং শ্রীমাধবেন্দ্রপুরীপাদও শ্রীপত্যাবলী-ধৃত ১৬ সংখ্যক শ্লোক (অনন্ধরসচাতুরীচপল ইত্যাদি) এবং শ্রীচৈত্য-চরিতামৃতের (২।৪।১৯৭) বর্ণনামুসারে শ্রীরাধাপক্ষপাতী শ্রীমঞ্জরীস্বরূপে শ্রীরাধা-কীতিত শ্লোক (অমি দীনদমার্দ্রনাথ—পত্যাবলী ৩৩০) উচ্চারণ করিতে করিতে নিত্যলীলায় প্রবিষ্ট হয়েন। স্বতরাং সেই শ্রীমাধবেন্দ্র যে অরাধ-ক্ষোপাসক সম্প্রদায় হইতে মন্ত্রপ্রাপ্ত হয়েন নাই, ইহার অধিক ব্যাখ্যা নিষ্প্রয়োজন। শ্রীমধ্বসম্প্রদায়ের ঐতিহানুসারে দারকামহিষী শ্রীসত্যভামাদেবীর পূজিত শ্রীকৃষ্ণবিগ্রহ শ্রীমধ্বাচার্য গোপীচন্দনের মধ্যে প্রাপ্ত হয়েন এবং উক্ত বিগ্রহ প্রাপ্ত হইয়া শ্রীমধ্ব যে শ্রীকৃষ্ণস্তোত রচনা করেন, তাহাতে শ্রীকৃষ্ণকে ইন্দিরাপতি ও বন্ধার বরদ (১।১) বলা হইয়াছে। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধরাশ্চিন্ত্যা হরেভু জাঃ" (১।৬)—চতুভু জ বিষ্ণুমূর্ত্তিই শ্রীমধ্বের ধ্যেয়। এজগ্রই শ্রীমনহাপ্রভু - সার্বভৌম ভট্টাচার্যকে বলিয়াছিলেন—"কিয়ন্ত এব বৈষ্ণবা দৃষ্টান্তেইপি নারায়ণোপাসকা এব। অপরে ভত্ত্বাদিনঃ তে ভথাবিধা এব। নিরবতঃ ন ভবতি তেষাং মতম্॥" (শ্রীচৈতগুচন্দোদয় ৮ম অক্ষ) — দক্ষিণদেশে

অল্পরিমাণেই বৈষ্ণব দেখিলাম, তাঁহারাও নারায়ণোপাসকই। আর তত্ত্বাদিগণ যাঁহারা (দারকেশ) ক্ষেত্র উপাসনা করেন, তাঁহারাও সেইরপই —শ্রীনারায়ণোপাসকই। তত্ত্বাদিগণের মত নিরবছাও (শুদ্ধ) নহে। "ক্ষুম্নস্ত ভগবান্ স্বয়ন্" (ভাঃ ১০০০) এই ভাগবতবাক্যের তাৎপর্য মাধ্যমতে—শ্রীকৃষ্ণই স্বরংরপ ভগবান্, ইহা নহে। ব্রন্ধার পিতা মেঘ্ছাম বর্ণ শেষ্ণায়ী বিষ্ণুই মূলরপী। "ক্ষো মেঘ্ছামঃ শেষ্ণায়ী মূলরপী প্রানাভো ভগবান্, স্বয়ং তু—স্বয়্যেব" (শ্রীবিজয়ধ্বজ)।

শ্রীসনাতন শ্রীবৈষ্ণবতোষণীতে (১০।১২।১) "তত্ত্ববাদিনো বৈষ্ণবা মৃক্তেরেব পরমপুরুষার্থতাং মন্তমানাঃ" ইত্যাদি বলিয়াছেন—তত্ত্বাদিগণ মৃক্তিকেই পরম পুরুষার্থ মনে করেন। শ্রীরূপান্থগরর শ্রীরূঘুনাথের স্থনিয়মদশক শ্রীরূপান্থগরজীবাতুস্বরূপ। "য একং গোবিনদং ভজতি কপটী দান্তিকতয়া তদভ্যর্নে শীর্নে ক্ষণমপি ন যামি ব্রতমিদম্" (৬৯ শ্লোক)—ইহা কি শ্রীরূপান্থগগণের স্থীকার্য নহে? শ্রীরাধারাণীকে বাদ দিয়া কি শ্রীরূপরঘুনাথের আত্থগত্য হইতে পারে? শ্রীকবিকর্নপূর শ্রীচৈতন্যচন্দোদয় নাটকে (৩য় অঙ্ক) বলিয়াছেন,—যাহা রাধা-বিযুক্ত ভাহাই অপরাধ-শন্ধবাচ্য।

বৈধী ও রাগান্থগা উভয় পদ্ধতিতেই গুরু, পরমগুরু, পরাৎপরগুরু ও পরমেষ্ঠি গুরুবর্গকে নিত্য অর্চন ও স্মরণাদির বিধি আছে। গৌড়ীয় বৈশ্বব মহাজনগণের প্রত্যেকেই সেইরূপ সিদ্ধ-মন্ত্রগুরু-পরম্পরা স্বীকার করিয়া ভজন করিয়াছেন। ইহা হইতেই সেই সেই সিদ্ধ সম্প্রদায়োচিত তিলক ধারণেরও বৈশিষ্ট্য পরিদৃষ্ট হয়। সাধক শিশ্য মন্ত্রগুরু-পরম্পরার অবিচ্ছিন্নস্থ্র আশ্রেয় করিয়া তাঁহাদের রূপায় অভীষ্ট বস্তুর শ্রীপাদপদ্ধে উপনীত হয়েন। তদ্বাতীত কেহই অভীষ্ট যুগলসেবা লাভ করিতে পারেন না ও পারেন নাই। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় "গদাধর মোর ক্ল" বলিয়া স্বীয় মন্ত্রগুরু-ধারার পরিচয় দিয়াছেন অর্থাৎ শ্রীগোরশক্তি শ্রীগদাধরের মন্ত্র-শিশ্য শ্রীলোকনাথ, তাঁহার মন্ত্র-শিশ্য শ্রীনরোত্তম। এই শ্রীনরোত্তম-পরিবার-

ভুক্ত আচার্য্য শ্রীবিশ্বনাথ-চক্রবর্তিপাদ শ্রীরাস-পঞ্চাধ্যায়ের মঙ্গলাচরণে স্বীয় মন্ত্রগ্রুক-পরম্পরা প্রদর্শন করিয়াছেন—

> শ্রীরাম-ক্লফ-গঙ্গাচরণান্ নত্বা গুরুত্রকপ্রেম:। শ্রীল-নরোত্রম-নাথ-শ্রীল-গৌরাঙ্গপ্রভূং নৌমি॥

এই স্থানে মন্ত্রগ্রুক শ্রীরাধারমণ চক্রবর্তীর সংক্ষিপ্ত নাম শ্রীরাম, তাঁহার মন্ত্রগ্রুক শ্রীকৃষ্ণচরণের সংক্ষিপ্ত নাম—শ্রীকৃষ্ণ, তাঁহার মন্ত্রগ্রুক শ্রীকৃষ্ণচরণের সংক্ষিপ্ত নাম—শ্রীকৃষ্ণ, তাঁহার মন্ত্রগ্রুক শ্রীলাকনাথ 'নাথ' শব্দে উক্ত হইয়াছেন। ই হাদের সকলের আরাধ্য ও অভীপ্তদেব শ্রীল-(গদাধরের সহিত) গৌরাঙ্গদেব। সর্বত্রই এরপ অবিচ্ছিন্ন মন্ত্রগ্রুকর ধারাই 'গুরুপরম্পরা' নামে কথিত এবং তাহা মূল-নারায়ণ শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্ম হইতেই প্রবাহিত, শ্রীমধ্বাচার্য হইতে নহে। ধড় গোস্বামী এবং শ্রীকর্ণপ্রাদি শ্রীগৌর-পরিকর্রগণ সকলেই তাঁহাদের বিভিন্ন গ্রেছে মূল-নারায়ণ শ্রীমন্মহাপ্রভু হইতেই গুরুপরম্পরা প্রদর্শন করিয়াছেন।

যে সকল অন্য মতাবলম্বী বৈষ্ণব-সম্প্রদায়ের ব্যক্তিগণ অতি ত্রভাগ্যফলে শ্রীমন্নহাপ্রভুকে মূলনারায়ণ বা স্বয়ংভগবান্ বলিয়া বিশ্বাস করিতে পারেন নাই, তাঁহারাই শ্রীচৈতন্যক বৈষ্ণব বা আচার্য্যশ্রেণীর অন্তর্গত ব্যক্তিবিশেষ মনে করিয়া শ্রীচৈতন্যসম্প্রদায় পূর্বোক্ত চতুঃসম্প্রদায়ের ন্যায় শ্রীনারায়ণ হইতে অবিচ্ছিন্ন মন্ত্রগুরু-ধারায় আগত হয় নাই, এইরপ এক তর্ক তদানীন্তন হিন্দুধর্মপৃষ্ঠপোষক জয়পুর-নরেশের দরবারে উত্থাপন করেন। তদানীন্তন গৌড়ীয় বৈষ্ণবাচার্যগণ ইহা উপেক্ষা করিতেন কিন্তু শ্রীরূপের প্রাণধন শ্রীশ্রীয়াধাগোবিন্দের এবং শ্রীগোরপার্যদ শ্রীকাশিখরের আরাধিত শ্রীগোরগোবিন্দের সেবা জয়পুর-নরেশের তত্ত্বাবধানে ও অধ্যক্ষতায় ছিল। (১৭০৭ খ্রীষ্টাব্দে শ্রীগোবিন্দজ্বী জয়পুরে বিজয় করেন)। যদি সেই সেবাটি গৌরবিরোধী সম্প্রদায়ের হন্তগত হয়, তাহা হইলে শ্রীগৌর-গোবিন্দের এবং শ্রীরাধারাণীর অমর্যাদা হইবে, এই আশঙ্কা করিয়াই মধ্বায়ায়ের ভূতপূর্ব শিন্ত এবং পরবর্তিকালে শ্রীজীবের শিক্ষা শিন্তা শ্রীশ্রামানন্দ শাথায় শ্রীরসিকানন্দের ধারায় মন্ত্রদীক্ষিত মাধ্বনৈয়ায়িক ও বৈদান্তিক

শ্রীবলদেবকে জয়পুরে বিজাতীয় বৈষ্ণবসম্প্রদায়ের বিচার-সভায় প্রেরণ করিয়া গৌড়ীয়ার ঠাকুরের সেবা গৌড়ীয়গণের হস্তে সংরক্ষণ করেন।

শ্রীচৈতগ্রদেবের প্রবর্তিত ও শ্রীরূপের পরিবেষিত উন্নতোজ্জ্ল রসের কথা বৃঝিতে না পারিয়া অগ্যান্য বৈষ্ণবদস্রদায়ের ব্যক্তিগণ গুরুবর্গের প্রতি কটাক্ষাদি করিয়া অপরাধ-পঙ্কে নিমা হইতে থাকিলে যেরূপ শ্রীজীবপাদকে পরেচ্ছা-প্রণোদিত হইয়া⁹ শ্রীরূপের সিদ্ধান্তের চরমোৎকর্ষ প্রদর্শনোদ্দেশ্তে অপ্রকট নিত্যলীলায় স্থকীয়াত্ব স্থাপন করিতে হইয়াছিল, যেরূপ পরম বৈষ্ণব শ্রীশ্রীধর স্থামীকেও শঙ্কর-সম্প্রদায়ের অন্ধরোধে বড়িশ-আমিষ-গ্রায়ে শ্রীমন্তাগবতের টীকায় স্থানে স্থানে মায়াবাদপর ব্যাখ্যা করিতে হইয়াছে, তজ্ঞপ শ্রীবলদেবকেও সমগ্র শ্রীরূপানুগ্রনায়ের এবং তাঁহার সাক্ষাৎ গুরুবর্গের যাহা অভিমত নহে, তাহাই (শ্রীচৈতগ্রসম্প্রদায়ের শ্রীমধ্বসম্প্রদায়ভূক্তি) তাৎকালিক প্রয়োজনান্ধরোধে প্রতিপাদন করিতে হইয়াছিল। বস্তুতঃ শ্রীকৃষ্ণচৈতন্যই মূলনারায়ণ—প্রেমকল্পর্কণ। শ্রীনিত্যানন্দ ও শ্রীঅইন্ত রূপ ছইটি স্কন্ধ বা প্রধান শাখা হইতেই অসংখ্য শাখাপ্রশাখা আবিভূতি হইয়াছে। "বৃক্ষের উপরে শাখা হৈল ছই স্কন্ধ। এক অইন্ত নাম আর নিত্যানন্দ॥ সেই ছই স্কন্ধে শাখা যত উপজিল। তার উপশাখাগণে জগৎ ছাইল॥ (চৈ চ ১।৯।২১-২২)।

"ত্রীনামাকৃষ্ট রসিক-সম্প্রদায়"

শ্রীরপ শ্রীবিদগ্ধমাধবের প্রারম্ভে শ্রীবৃন্দাবনে নানাদিগ্দেশাগত রসিক সম্প্রদায়ের উল্লেখ করিয়াছেন। শ্রীচৈতক্যাষ্টকেও (১ম,৬) শ্রীমন্মহাপ্রভূকে বলিয়াছেন,—"ভক্তিরসিক"—কৃষ্ণাবৃত্তিপ্রচলরসনো ভক্তিরসিকঃ। শ্রীউজ্জ্বনীল-মণি ও শ্রীদানকেলিকৌমুদীর মঙ্গলাচরণেও শ্রীগুরুদেব, শ্রীমনাতন, শ্রীগৌরক্লফ্ষ ও শ্রীগৌরক্লফের ভক্তসমাজ সকলকেই বলিয়াছেন 'নামাক্লষ্টরসজ্ঞ'। অতএব শ্রীরূপান্থগ-সম্প্রদায়ের ইষ্টদেব, গুরুদেব, বৈষ্ণবদেব ব্রজ ও নবদীপ উভয়-লীলায়ই

१। সাধনদীপিকা ১ম কক্ষা শেষভাগ।

৮। তত্ত्বनमर्ভ २१ অञ्च छ्लिम ও औरन दिन ।

নামাকৃষ্টরসিক। অধিক কি, শ্রীরূপপাদ শ্রীশ্রীরাধাকৃষ্ণগণোদ্দেশে (পরি, ১৮৫) কৃষ্ণনাম-মহামন্ত্র যে স্বয়ং শ্রীরাধার 'স্বাভীষ্ট-সংস্পী'—নিজাভীষ্ট শ্রীকৃষ্ণের মিলন-বিধানকারী, ইহা জানাইয়াছেন। রসামৃতিসিক্কৃত্তেও (১০০৮) বলিয়াছেন—

(तामनिक्मतक्षाकि-मृशिकीवताण शाविक!

তব মধুরস্বরকন্ঠী গায়তি নামাবলীং বালা॥

ওগো গোবিন্দ! আজ মধুক্সী বালা রাধা তোমার নামাবলীই গান করিতেছে। আর তাঁহার নয়নপদ্ম হইতে অশ্রবিন্দু-মকরন্দ ক্ষরিত হইতেছে।

একদিন স্থাকুণ্ডের কোন নিভ্ত নিক্ঞে শ্রীরাধারাণীর এইরূপ অবস্থার কথা স্থীপণ রাধাপ্রাণবন্ধুকে জানাইলে রুষ্ণ রাধার সন্মুখস্থ হইলেও তাঁহার বাহ্যক্তি হইল না। রুষ্ণ তাঁহার নামকীর্তনে রাধারাণীর এইরূপ তন্ময়তা দর্শনে অতিশয় বিস্মিত হইয়া স্থির করিলেন, রাধার এই হুদয়টি লইয়া জন্মগ্রহণ করিতে না পারিলে, স্থনামামূতরসের এইরূপ আস্থাদন আর কোন ভাবেই হইবে না। তাই তৎসন্নিহিত কলিতেই রুষ্ণ রাধার ভাব-কান্তি লইয়া অবতীর্ণ হইলেন এবং আজন্ম রাধার ভাবে স্থনামামূতরস আস্থাদন করিয়া স্বয়ং তৃপ্ত হইলেন এবং স্বত্ত নামপ্রেমরস সঞ্চার করিলেন।

শ্রীচৈত্যাষ্টকে (২।৬) "মুখেনাগ্রে পীতা মধুরমিহ নামামৃতরসং —ভূবি প্রেম্বন্তবং প্রকটিয়িতুমুল্লাসিত-তন্ত্বং" ইত্যাদি বাক্যে শ্রীরূপ বলিয়াছেন,—ভগবন্নাম-কীর্তনই যে ব্রজপ্রেমের স্বরূপ, তাহা স্বয়ংনামী স্বনামরসাস্বাদন-লীলাদ্বারা জ্ঞাপন করিয়াছেন।

শ্রীবিদয়মাধবে (২।১৪-১৫) নান্দীমুখী পৌর্ণমাসীকে বলিলেন, রাধারাণীর কথান্তরাগ পরাকাষ্ঠাপ্রাপ্ত হইয়াছে; কারণ, কথাপ্রসঙ্গে 'রুফ'নাম শ্রবণমাত্রই তাঁহার পুলকাদির উদ্গম হয়। এই কথা শুনিয়া রাধারুফের সঙ্গমকারিণী ভগবতী পৌর্ণমাসী রুফনামে অন্বরাগই যথার্থ রুফপ্রেমের লক্ষণ বলিয়া অনুমোদনপূর্বক "তুণ্ডে তাণ্ডবিনীরতিং বিতন্ততে" শ্লোকটি কীর্তন করিয়াছিলেন। রাধার পূর্বরাগের কথা শ্রীরূপ বিদয়মাধবে (২।১) যাহা বর্ণন করিয়াছেন,

তাহারও বৈশিষ্ট্য এই যে সর্বপ্রথমে রুষ্ণনাম শ্রবণেই রাধার পূর্বরাগের উদয় হয়, তাহা রূপাদি দর্শনের অপেক্ষা করে নাই। "পহিলে শুনলু হাম, শ্রাম তুই আথর, তথন মন চুরি কৈল" (গোবিন্দদাস)। প্রীপ্রবোধানন্দ সরস্বতীপাদ বলিয়াছেন,—গোবিন্দ-প্রেম-পরায়ণ ভক্তগণেরও যে রহস্থলাভ হয় না, গৌরাঙ্গ অবতীর্ণ হইলে একমাত্র নামের দ্বারাই তাহা স্বয়ং প্রকাশিত হইয়াছে। "স্বয়ং ভ্রমান্ধৈৰ প্রাত্রাসীৎ" (শ্রীচৈত্ত্যচন্দ্রামৃত ৩)।

শ্রীসনাতন শ্রীহরিভজিবিলাদের (১১।৬৩১) টীকায় বলিয়াছেন, যাবতীয় ভক্ত্যাঙ্গের মধ্যে প্রেমের সিদ্ধিবিষয়ে শ্রবণকীত নাদি নববিধা ভক্তিই অন্তরঙ্গ (মুখ্য) সাধন। তন্মধ্যেও শ্রবণ, কীর্তন ও স্মরণ—এই তিনটি মুখ্য। ইহার মধ্যেও কীর্তন ও স্মরণ মুখ্য। তন্মধ্যেও ভগবল্লাম-সংকীর্তনই মুখ্যতম। বোপদেবাদির মতে যে পরমশ্রেষ্ঠ ভক্ত্যাঙ্গ স্মরণ তাহা হইতেও নামসংকীর্তনই শ্রেষ্ঠ। অনায়াদে ওর্মস্পন্দনমাত্রে একাধারে মন, কর্ণ, জিহ্বাদি ইন্দ্রিয় ব্যাপ্য স্থখবিশেষের আবির্ভাব হওয়ায় স্মরণ হইতে কীর্তন সর্বপ্রকারে শ্রেষ্ঠ।

নিজ প্রিরতমের শ্রীনামসংকীর্তনই ব্রজপ্রেমের অন্তরঙ্গতর সাধন এবং স্বয়ংই প্রেমসম্পত্তিম্বরূপ। "শ্রবণাদীনি নব মুখ্যানি, তত্র চ শ্রবণ কীর্তন-স্বরণানি, তত্রাপি কীর্ত্তন-স্বরণে। তত্রাপি শ্রীভগবরামসংকীর্ত্তনম্। * * * কেষেব পরমশ্রেষ্ঠত্বেন শ্রীমূক্তাফলাদি-গ্রন্থকারাণাং সম্মতাং স্বরণাদিপি শ্রেষ্ঠম্। কিঞ্চ স্বরণাৎ কীর্ত্তনং বরং সর্বথা শ্রেষ্ঠমেব মনঃ-শ্রবণ-বাগিন্দ্রিয়-বাপ্য-নিজ-প্রিয়তমনাম-কীর্ত্তনস্থান্তরঙ্গতর-সাধনত্বেন পুন্র্বিশেষেণ নির্দ্দেশঃ কিংবা তৎসম্পত্তি-লক্ষণায়।" (হঃ ভঃ বিঃ দিগ্দিনী ১১।৪৫৩, ৬০১ ও বুহদ্ ভাঃ ২।৫।২১৮)।

নামসংকীর্ত্তন যে সাধনমাত্র নহে, স্বয়ংই সাধ্যশিরোমণিস্বরূপ; তাহা শ্রীমদ্যাগবতের (১০।৩০।৪৪, ১০।৩২।৮) প্রক্রিয়ান্তুসারে শ্রীরূপপাদ উচ্ছলনীলমণির উপসংহারে সম্ভোগ-শৃঙ্গারে ব্রজদেবীগণকর্তৃক কৃষ্ণকে আহ্বানাদিকালে প্রযুক্ত প্রেমোক্তিগর্ভ নামসংকীর্ত্তনের উল্লেখ দারাই প্রমাণ করিয়াছেন।

শ্রীমন্মহাপ্রভু "নাম-প্রেম-মালা গাঁথি পরাইল সংসারে" (চৈঃ চঃ ১।৪।৪০)।

নামই প্রেম, অথবা নামের স্ত্রেই প্রেম গ্রথিত, ইহাই হইল শ্রীগৌরপ্রবর্তিত নামদন্ধীর্ত্তনের বিশেষতা। প্রেম নাম প্রচারিতে এই অবতার। * * * কিন্তু এহা বহিরঙ্গ (চঃ চঃ ১।৪।৬) ইত্যাদি উক্তির তাৎপর্য্য অবধারণাভাবে "বহিরঙ্গ লঞা করে নামসংকীর্ত্তন"—এইরূপ এক উদ্ভট ছড়ার (যাহা কোন প্রামাণিক মহাজন-গ্রন্থে নাই) উদ্ভব হইয়াছে।

ব্রজেন্দ্রন-স্বরূপের নিজস্ব প্রয়োজন হইল—শ্রীরাধার প্রেমরসাম্বাদন—
তিন বাঞ্ছা পূরণ। এজন্ত স্বয়ংভগবানের তাহা স্ব-স্বরূপের (অন্তরঙ্গ) প্রয়োজন,
ইহা কথনও তটস্থাশক্তিস্থানীয় জীবের প্রয়োজন নহে। কিন্তু স্বয়ং ব্রজেন্দ্রনন্দন
ব্যতীত "অন্তে নারে ব্রজপ্রেম দিতে" (চঃ চঃ ১।০।২৬)। স্বতরাং ব্রজ-সজাতীয়
নামপ্রেমদান কার্যাট স্বয়ং ব্রজেন্দ্রনন্দর-স্বরূপেরই কার্য্য। শ্রীক্রফের কলিযুগে
আবির্ভাবের গৌণ-(বহিরঙ্গ) কারণ, যাহা "অন্ত্রিত্রীং চিরাং" ইত্যাদি শ্লোকে
এবং ম্থ্য-(অন্তরঙ্গ—শ্রীব্রজেন্দ্র-নন্দনের স্বস্বরূপের) কারণ, যাহা "শ্রীরাধায়াঃ
প্রণয়মহিমা কীদৃশো" ইত্যাদি শ্লোকে ব্যক্ত হইয়াছে, তাহার উল্লেখপ্রসঙ্গেই
যথাক্রমে বহিরঙ্গ ও অন্তরঙ্গ শব্দ প্রযুক্ত হইয়াছে। ইহা দ্বারা নামপ্রেম-বস্তটি বা তৎপ্রদান কার্যাট বহিরঙ্গ বলিয়া প্রতিপাদিত হয় নাই।—
(চঃ চঃ ১।৪।২২৫-২২৬ দুইব্য)। বিশেষতঃ শ্রীভগবানের আবির্ভাবের
যাহা বহিরঙ্গ বা গৌণ-প্রয়োজন, তন্ধারাই জীবজগতের অন্তরঙ্গ বা মুথ্য
প্রয়োজন শিদ্ধ হয়।

শ্রীজীবপাদ সর্বসংবাদিনীতে (উপক্রমে) বলেন,—"সংকীত ন-প্রধানস্ত তদািশ্রিতেম্বসকৃদের দর্শনাৎ স এবাত্রাভিধেয় ইতি স্পষ্টম্"—শ্রীকৃষ্ণচৈত্ত্য-দেবের আশ্রিতভক্তগণে নামসংকীতনপ্রধানা উপাসনার আদর্শ পুনঃপুনঃই পরিদৃষ্ট হয়। অতএব সেই শ্রীকৃষ্ণনামসংকীত নই এইস্থানে অভিধেয়, ইহা স্পষ্ট।

"ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ" (ভাঃ ৬।৩।২২) ইত্যাদি শ্লোকের ক্রমসন্দর্ভে—"তৃতীয়া প্রক্নত্যাভিরূপ ইতিবং" এবং চক্রবর্তিপাদের টীকায় "এতদেব শ্রীভাগবতস্থাভিধেয়-তত্ত্বমু" এই উক্তিতে 'ভগবানের নামগ্রহণ

আদিতে যাহার' অথবা নামেরই গ্রহণ (কীত্ন), শ্রবণ, শ্ররণ ইত্যাদি বিভিন্ন অফুশীলনরূপ ভক্তিযোগ "স্বভাবতঃ স্থানর" এই তাৎপর্যে তৃতীয়া হওয়ায় অভেদ-সম্বন্ধে পরপদে অন্বিত হইয়াছে, করণে বা সহার্থে তৃতীয়া হয় নাই জানা যায়। অর্থাৎ নামগ্রহণই স্বরূপতঃ ভক্তিযোগ বা শ্রীমন্তাগবতের অভিধেয়-তত্ত্ব, তাহা সর্বশ্রেষ্ঠ সাধন (করণে তৃতীয়া) বা অক্সান্ত অঙ্গের একতম বা ভক্তিযোগের সহায়ক (সহার্থে তৃতীয়া) নহে। নিম্বার্কসম্প্রদায়ের দিন্ধান্ত-প্রাদীপে এস্থানে সহার্থে তৃতীয়া করা হইয়াছে। ভক্তি অঙ্গী, নামসংকীত নিজার, "নামগ্রহণাদির ক্রৈঃ সহিতা ভক্তির্তবিতে"। এই স্থানেই নামসংকীত নিপিতা শ্রীনামীর দিন্ধান্তের সহিত অন্যান্ত বৈষ্ণবসম্প্রদায়ের দিন্ধান্তের পার্থক্য। মধ্বদিদ্ধান্তে অন্যত্র সংক্তে নামাভাসে মৃক্তি স্বীকৃত হয় নাই এবং অন্যান্ত বৈষ্ণবসম্প্রদায়েও নামাপরাধের বিচার প্রায়শঃ দৃষ্ট হয় না।

শ্রীমন্মহাপ্রভু বলেন,—'নাম-সংকীতন হৈতে সর্বভক্তিসাধন উদ্গাম।' শ্রীকৃষ্ণ,
শ্রীরাম ও শ্রীনৃসিংহ তিনজনই পরাবস্থ ও লীলাবতার-পর্যায়ে গৃহীত হইলেও
যেরপ শ্রীকৃষ্ণ হইতেই শ্রীরাম-শ্রীনৃসিংহাদি সমস্ত ভগবৎস্বরূপের বিস্তার, যেরপ
ব্রজগোপীপ্রেম বা মহাভাবই অক্যান্ত যাবতীয় নিত্যসিদ্ধ ভক্তকোটির ভাবের অঙ্গীস্বরূপ, তদ্রপ শ্রীনামসংকীর্তন হইতে সর্বভক্তাঙ্গের ও সাধনাঙ্গের বিকাশ হয় বলিয়া
তাহাই অঙ্গী ভক্তিযোগ। "নববিধা ভক্তিপূর্ণ নাম হৈতে হয়।" রাগান্থগাভক্তিতে
মৃধ্য যে স্মরণ, তাহাও নামকীর্তনেরই অধীন (রাগব্র্জ্যচন্দ্রিকা-১৪)।

প্রীকবিকর্ণপূর "এবংব্রতঃ স্বপ্রিয়-নামকীর্ত্যা" (ভা ১১।২।৪০) ইত্যাদি শ্রীমন্মহাপ্রভু-কথিত "ভাগবতের সার" (চৈঃ চঃ ১।৭।৯৩) শ্লোকের ব্যাখ্যা-প্রসক্ষে বলিয়াছেন,—ভগবরামসংকীর্তনাদিরপ অগম্য ভক্তিযোগের রতিজনক ভাবই ক্রমশঃ বিকশিত হইয়া পার্ষদভাবে (সিদ্ধমপ্ররীম্বরূপে) অবস্থান করেন। অতএব কলিতে নিশ্চয়ই একমাত্র শ্রীনামসংকীর্তনই সমস্ত পুরুষার্থের সার্থকতা-তিরস্কারী এবং রত্যাখ্যভাবের পুরস্কারী বা প্রদাতা। "ভগবরামসংকীর্তনাদি—রূপস্ত ভক্তিযোগস্য যোহগম্য-রতিজনকভাবঃ স খলু পার্ষদভাবং ভাবং ভাব-

মধিতিষ্ঠতে। * * অতঃ থলু কলো নাম **নামসংকীত নিমেব** পুরুষার্থ-সার্থ-সার্থকতা-তিরস্কারি-পুরস্কারি-রত্যাখ্য-ভাবস্তা (প্রীচৈতগুচন্দ্রোদয় ১।১)। বিষদসূত্রব

শ্রীগোড়-ক্ষেত্র-ব্রজমণ্ডলে প্রখ্যাত দিদ্ধ শ্রীশ্রীরপরঘুনাথানুগবর শ্রীল গৌর-কিশোরদাস বাবাজী মহাশয়ের উক্তি—"শ্রীনামাক্ষরের কীর্তনই সাক্ষাৎ শ্রীশ্রীরাধা-গোবিন্দের সাক্ষাৎকার। অপরাধ থাকা-কালে সেই অন্তত্তবটি হয় না। শ্রীহরিনাম করিতে করিতেই শ্রীনামের অক্ষরগুলির ভিতর দিয়া তাঁহার স্বরূপ প্রকাশ পাইবে এবং আত্মস্বরূপও উপলব্ধি হইবে—সঙ্গে সঙ্গে তাঁহার প্রিয় সেবাদিও জাগিয়া উঠিবে।"

শ্রীনামকীর্তন ব্যতীত অন্ত কোনও ভক্তি সার্বভৌম, সার্বজনিক, সার্বকালিক ও সার্বদেশিক ধর্ম হইতে পারে না (ভাঃ ৬।৩।২২-ক্রমসন্দর্ভঃ)। নান্তিক, বৌদ্ধ, যবন, মেচ্ছাদিকে পশু-পদ্দী-তৃণ-গুল্ল-লতা-স্থাবর পর্যন্ত সকল প্রাণীকে শ্রীমন্ত্রাপ্র প্রশ্ন সরণাদিতে অধিকার নাই। শাম-কীর্তনম্থেই প্রেম দিয়াচেন। তাঁহাদের অর্চন, স্মরণাদিতে অধিকার নাই। শাম হৈতে হয় সর্বজগত নিস্তার॥" (হৈঃ চঃ ১।১৭।২২), "পৃথিবী পর্যন্ত যত আছে দেশগ্রাম। সর্বত্র সঞ্চার হইবেক মোর নাম॥" (হৈঃ ভাঃ ৩।৪।১২৬)। এই সকল মহাপ্রভৃক্তি হইতেও শ্রীনামই সর্বদেশের সার্বজনিক সার্বভৌম ধর্ম হইবে জানা যায়। শ্রীরপণাদও শ্রীচৈতক্তমুখোদ্যীর্ণ তদাহ্বায়ক শ্রীনামই জগংকে প্রেমে নিমজ্জিত করিয়া সর্বোৎকর্ষে বিরাজ করিবেন, বলিয়াছেন। যদি কাহারও কোনও ভক্ত্যক্ষের বিকাশ হয়, তবে শ্রীনাম-সংকীর্তন হইতেই হইবে। কলিয়্র নামকীর্তনের য়ুগ ('হরের্নামের কেবলম্'), কলিয়ুগাবতারী স্বয়ংশ্রীনামসংকীর্তন-প্রবর্তক, শ্রীমদ্ভাগবতপ্রমাণে স্থমেধোগণ প্রদর্শিত তত্পাসনাও নামসংকীর্তন প্রধানা। ইহা ভূলিলে চলিবে না।

১। শ্রীল অদৈতপরিবার-ভূক্ত বাবাজী মহারাজের সাক্ষাৎ মন্ত্রশিষ্ট আগরতলা-নিবাসী
শ্রীমদ্ হরেন্দ্র কুমার সেন মহাশয় কতৃ ক ১৩৬৩ বঙ্গান্দের ১লা কাতিক তারিখে শ্রীস্করানক
বিজ্ঞাবিনোদের নিকট লিখিত পত্রাংশ। এতশ্বতীত শ্রীহরিদাস দাস বাবাজী মহাশয়
প্রকাশিত শ্রীশ্রীগোড়ীয় বৈষ্ণবজ্ঞীবন ২য় খণ্ডে (২ম সং) ৪৮ পৃষ্ঠায় মুদ্রিত শ্রীল গৌর-

শ্রীনামসংকীতন "তৃণাদপি স্থনীচতা" ইত্যাদি গুণের অপেক্ষাযুক্ত, ইহাও বলা যায় না। শ্রীজীবপাদ শ্রীভক্তিসন্দর্ভে (২৬৩ অনু) বলেন—"গতভী-রিত্যাদয়ো গুণা নামৈকতৎপরতা-সম্পাদনার্থাঃ, ন তু কীত নাঙ্গভূতাঃ। ভক্তি-মাত্রস্থা নিরপেক্ষত্বং তস্তু সুত্রাং তাদৃশত্মিতি।"—নির্ভয়, জিতনিদ্র, নিঃসঙ্গ, নিবিল্ল, লক্ষ্যপথে দৃষ্টিযুক্ত, মিতভুক্ ও প্রশান্ত হইয়া শ্রীহরির নামকীত ন করিবে,—ইহার তাৎপর্য এই নহে যে—ঐ সকল গুণ না থাকিলে শ্রীনাম-সংকীতনৈ যোগ্যতা হইবে না। যেহেতু ভক্তিমাত্রই যথন নিরপেক্ষ, তথন সার্বভৌম অভিধেয় (ভাঃ ৬।৩।২২) শ্রীনামসংকীত্ন যে সর্বগুণ-নিরপেক ইহা বলাই বাহুলা। ঐ সকলগুণ একমাত্র শ্রীনামের প্রতি তৎপরতা সম্পাদনেরই নিমিত্ত; তাহা নামকীত নের অঙ্গস্তরূপ নহে। শ্রীবিষ্ণুধর্মোত্তরে স্ব্ধাতককারী দ্বিতীয়-ক্ষত্রবন্ধুর উপাখ্যানে দৃষ্ট হয়, স্ব্প্রকার যোগ্যতাহীন ও সর্বসাধনে অসমর্থব্যক্তিও যদি উঠিতে ঘুমাইতে, চলিতে ফিরিতে, ক্ষ্ণায় পিপাসায় বা পত্ন সময়ে সর্বদা গোবিন্দের নাম কীত্নি করেন তাহা হইলে তাঁহার সর্বসিদ্ধি লাভ হয়—ইহা দ্বারা নামকীত নকারীর যোগ্যতার অপেক্ষা-রাহিত্য প্রমাণিত হইতেছে (ভক্তিসঃ ২৬৩)। "কেবলানি শ্রীভগবনামান্যপি নিরপেক্ষাণ্যের পরমপুরুষার্থ-ফলপর্যন্তদান সমর্থানি।" (ভক্তিসঃ ২৮৪)—অগ্র অপেকারহিত কেবল শ্রীভগবরাম-সমূহই পরমপুরুষার্থ ফলস্বরূপ যে প্রেম, त्म भर्येख मात्न मगर्थ।

প্রীমনহাপ্রভূপদেশ "তৃণাদপি স্থনীচেন কীর্তনীয়ঃ সদা হরিঃ।" অনীয়-প্রত্যয় বিধি, অর্হ (যোগ্য) ও ভবিদ্যংকাল বুঝাইতে ব্যবহৃত হয়—(পাণিনি তাচান্ত ও প্রীহরিনামায়ত ১০০০ ১০০০)। উক্ত বাক্যে কর্মবাচ্যের প্রয়োগ থাকায় কর্মেরই (হরিরই—নামেরই) প্রাধান্ত এবং কীর্তনীয়-পদটি কর্মেরই বিশেষণ, তাহা কর্তার সহিত অন্বিত হইতে পারে না; স্ক্তরাং তৃণাদিপি স্থনীচাদি শব্দের দ্বারা কীর্তনকারীর যোগ্যতা কথিত হয় নাই। 'অনীয়'-প্রত্যয়ের দ্বারা 'হরিই সাধ্যক্ষে কীর্তনের যোগ্য, অন্তকোন বস্তু নহে'—ইহাই

প্রকাশ করিতেছে। কেবল-ভবিয়াৎকালের নিষেধের জন্ম 'সদা'-পদ প্রযুক্ত হইয়াছে। তৃণাদপি স্থনীচাদি কীত নকারীর যে যে বিশেষণসমূহ তাহা একান্তভাবে শ্রীনামাশ্রয়ের সঙ্গল্ল-বাচক। হেরূপ 'গোপ্ত,ত্বে বরণ' শরণাগতির অঙ্গী, আর অনুকূল বিষয়ে সঙ্কল্প, কার্পণ্যাদি (দৈগ্রাদি) সেই অঙ্গীর পরিকর তদ্ধপ শ্রীনামকেই একমাত্র শরণ্যরূপে বরণই হইতেছে অঙ্গী, তৃণাদপি স্থনীচতাদির সেই অঙ্গীর পরিকররপেই আবির্ভাব। "তত্ত গোপ্তুত্বে বরণমেব অঙ্গী, অ্যানি বঙ্গানি তৎপরিকরত্বাৎ" (ভক্তিদঃ ২৩৬)। "অমানী মানদঃ" (ভা ১১।১১।৩১) ইত্যাদি শ্লোকের ব্যাখ্যায় শ্রীজীবপাদ শ্রীভক্তিদনতে (১৯৯ অন্থ) বলেন,—"অত্র মচ্ছরণ ইতি বিশেয়ম্"—এখানে 'আমার শরণাগত' হইতেছে বিশেয়, আর 'অমানী' ও 'মানদ' ইত্যাদি বিশেষণ। স্থুতরাং 'শ্রীনামাশ্রিত' বিশেষ্য ; অমানী মানদ ইত্যাদি বিশেষণ। শ্রীনামাশ্রিত ব্যক্তিতে তৃণাদিপি স্থনীচতাদি পরিকরগুণসমূহ প্রেমকল্লবুক্ষের ভাবাঙ্কুর উদাম-কাল মধ্যে যথাযথভাবে প্রকাশিত হয়। ক্ষান্তি, মানশূলতা, নামগানে দদা কচি ইতাদি অহুভাব-সমূহ প্রেমের প্রথমাবস্থা যে ভাবরূপ অঙ্কুর, তাহা যাঁহাদের আবিভূতি হইয়াছে তাঁহাদের মধ্যে প্রকাশিত হয় (ভঃ রঃ সিঃ ১। তা২৫-২৬)। শ্রীসনাতনপাদও বলিয়াছেন,—(বৃহভা ২।৫।২২৪-২৫) "দৈন্ত-প্রেম্ণোঃ পরস্পরং কার্য্যকারণতা, পোয্যপোষকতারুভূয়তে।" শ্রীকবিরাজ গোস্বামিপাদ "যেরূপে লইলে নাম প্রেম উপজয়" ইত্যাদি দিব্যোনাদী শ্রীমন্মহাপ্রভুর বাক্যে উক্ত ক্রম-সিদ্ধান্ত প্রকাশ করিয়াছেন। উহা নামসংকীর্ত্তনকারীর প্রাথমিক ধোগ্যতার বা অধিকারের পরিচয়-পত্র নহে। ভাবভক্তির উদয়ে যথাকালে তৃণাদপি স্থনীচতাদির (দৈখ্যাদির) স্বাভাবিক উদয় হয় এবং তথন যে নামগানে সদা রুচির সহিত নামের অনুশীলন হয়, তাহাতে অচিরেই প্রেমের আবিভাব হইয়া থাকে। "দৈগ্যন্ত পরমং প্রেম্ণঃ পরিপাকেণ জন্মতে" (বৃহদ্ধাঃ ২।৫।২২৪)।

নামাশ্রমীর পক্ষে গুরুপদাশ্রম দীক্ষাদি সাধনাঙ্গ বা অর্চনাদি অপর ভক্ত্যঙ্গের আবশ্যকতা নাই—অথবা—অর্চনাদি ভক্ত্যঙ্গ নিমাধিকারীর জন্ম ইহাও অভি বিকৃত ও তুষ্ট মত 🎢 শ্রীনামই সর্বমূল-কারণ বলিয়া নামাশ্রয় হইতেই শ্রদ্ধাদিক্রমে সাধনাঙ্গের সহিত প্রেমোদয় হয় এবং নববিধ ভক্ত্যঙ্গেরও পূর্ণ বিকাশ হয়।

শ্রীমদ্রাগবতে "অর্চায়ামের হরয়ে পূজাং যঃ শ্রন্ধেহতে" (ভাঃ ১১।২।৪৭) ইত্যাদি শ্লোকে প্রারম্বভক্তি কনিষ্ঠভাগবতের কেবল বিষ্ণুপ্রতিমাতেই লোক-পরম্পরাগত শ্রদাহুসারে পূজা-চেষ্টা, কিন্তু তদ্ভক্তে বা অহা প্রাণীতে কুষ্ণাধিষ্ঠান-জ্ঞানে আদরের অভাব পরিলক্ষিত হয়, ইহাই বলা হইয়াছে। ইহা দারা অর্চনাঙ্গ অতি নিয়াধিকারীর কুত্য, তাহা উত্তম ভাগবতের নহে প্রতিপাদন করা হয় নাই। শ্রীনৃসিংহপুরাণে (৬২।৫) "প্রতিমা স্বল্লবুদ্দীনাম্"—অত্যন্ত অল্লবুদ্দিগণের প্রতিমা—এই উক্তির তাৎপর্য্য সম্বন্ধে শ্রীজীবপাদ শ্রীভক্তিসন্দর্ভে (২৯৮ অমু) বলিয়াছেন;—"ইত্যত্র স্বল্পবুদ্ধীনামপীত্যর্থঃ, নৃসিংহপুরাণাদৌ ব্রনাম্বরীষাদীনামপি তৎপূজাশ্রবণাৎ"—মহাভাগবতগণ শ্রীভগবদর্চার পূজা করেন, স্বল্পবৃদ্ধিব্যক্তিগণেরও তাহা কৃত্য। কারণ, উক্ত শাস্ত্রেই শ্রীব্রহ্মা, শ্রীঅম্বরীষ-প্রমুখ মহাভাগবতগণ কর্তৃক শ্রীমৃত্তি পূজার কথা শ্রুত হয়। শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধাবকে "মল্লিষ্ণ মন্তক্ত-জন-দর্শন-স্পর্শনার্চনম্" (ভাঃ ১১।১১।৩৪) ইত্যাদি বাক্যে নিজ অচাবতারের অচন ভাগবত-মাত্রের কুত্য বলিয়া জ্ঞাপন করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভু শ্রেষ্ঠ-সাধন-পঞ্চকের অন্যতমরূপে শ্রীমৃতির শ্রদায় সেবন" (চৈঃ চঃ ২।২২।১২৫) নির্দেশ করিয়াছেন। মহাভাগ্রতোত্তম মহারাজ শ্রীঅম্বরীষের স্বহস্তে হরিমন্দিরমার্জন, সপরিকর শ্রীমন্মহাপ্রভুর গুণ্ডিচামন্দিরমার্জন, শ্রীমাধবেন্দপুরীপাদ, স্বয়ং শ্রীমন্মহাপ্রভু, শ্রীঅদ্বৈতাচার্য্য, শ্রীশ্রীবাসপণ্ডিত, শ্রীগদাধরপণ্ডিত, শ্রীবিষ্ণুপ্রিয়ামাতাঠাকুরাণী, শ্রীজাহুবামাতা-ঠাকুরাণী, শ্রীগোরীদাসপণ্ডিত, শ্রীরাঘবপণ্ডিত, শ্রীরঘুনন্দনঠাকুর, শ্রীরপ-সনাতন-শ্রীগোপালভট্টাদি বিরক্ত গোস্বামিব্নদের স্বহস্তে শ্রীবিগ্রহের নিত্য অর্চন, শ্রীগোবিন্দদেবাধ্যক শ্রীহরিদাসপণ্ডিত, শ্রীভূগর্ভশিয়া শ্রীচৈতন্যদাস পূজারী-গোস্বামিপ্রমুথ শ্রীনামরসাক্ষ্ট-মহাভাগবতোত্তম-শিরোমণিগণেরও নিত্য স্বহস্তে শ্রীমারি অর্চনের আদর্শ দ্ব হয়। চক্রবতিপাদ স্বগুরুদের শ্রীরাধারমণ চক্রবতি-

^{*} শ্রীকবিকর্ণপুর শিশুকালেই পুরীতে বয়ং শ্রীগোরহরির শ্রীম্থ হইতে কৃষ্ণনাম প্রাপ্ত হইলেও সদাচার-স্থাপনার্থ শ্রীঅবৈতাচার্য্যশিয় শ্রীশ্রীনাথচক্রবর্তিপাদের নিকট মন্ত্র-দীক্ষা গ্রহণ করেন।

পাদকে একাধারে নামামৃতরসাম্বাদী (৮ম শ্লোক) এবং শ্রীবিগ্রহের অর্চনার্থ স্বহস্তে পুষ্পচয়নকারী ও তুলসীবেদী-লেপনকারী ইত্যাদিরূপে বর্ণন করিয়াছেন।

बीनागमः कीर्वरेनक शिष्ठा बीरगोत्र हित

শ্রীমদ্রাগবতে (:০০০০৮) উক্ত হইয়াছে,—"যদ্গীতেনেদমাবৃতম্"— ব্রজরামাগণের গানের অনুসারেই এই জগতে সঙ্গীতবিতার আংশিক প্রচার হইয়াছে। অভাপি দেই গীতাংশই বিশ্বে প্রচারিত হইতেছে। লোকেও ব্রজগোপীগণের গীতাংশমাত্রই প্রচারিত (শ্রীসংক্ষেপ-বৈষ্ণবতোষণী ১০।৩৩।৮ ধৃত সঙ্গীতসার-প্রমাণ দ্রষ্টব্য)। সেই ষোড়শ-সহস্র-ব্রজগোপীর মুক্টমণি শ্রীগান্ধর্বাই (শ্রীরাধাই) নিখিলসঙ্গীত-বিভার আকর-স্বরূপ। শ্রীরূপ-গোস্বামিপাদ তৎকৃত শ্রীব্রজনব-যুবরাজাষ্টকে (৩ শ্লো) বলিয়াছেন,—শ্রীব্রজনব-যুবরাজ অথিল জগতে প্রসরণশীল যাবতীয় মনোজ্ঞ কলাবিভার আদিগুরু। সেই মহাভাববতী গান্ধর্বা ও রসিকশেখর ব্রজনব-যুবরাজ-মিলিতত হুই কলিযুগে সংকীর্ত্তন-রাস-প্রবর্তক। "চৈতত্যের স্বষ্টি এই প্রেমসংকীর্ত্তন" (চৈ চ ২।১১৯৭)। সত্যাদি যুগত্তয়ে শ্রীনাম বিদ্যমান থাকিলেও এবং সাধারণ কলিযুগসমূহে তত্তদ্যুগাবতার-প্রচারিত মোক্ষদ তারকব্রন্ধ নামকীর্ত্তন যুগধর্মরূপে প্রকাশিত থাকিলেও শ্রীগোরহরির আবির্ভাবের পূর্বপর্যন্ত আপামরে পশু-পক্ষি-তৃণ-গুল্ম-লত!-পর্যন্ত ব্রজ-প্রেমদ নামসংকীর্ত্তনের সঞ্চার হয় নাই বা স্বয়ং নামী নিজ নাম রসাস্বাদন করিয়া তাহা আপামরে বিতরণ করেন নাই। দ্রাবিড্-প্রদেশীয় দিব্যস্থির শ্রীকূলশেথর আলোয়ারের শ্রীমৃকুন্দমালা-স্তোত্তের (২১,৩৮ ইত্যাদি) এবং শ্রীচৈতন্য-ভাগবতাদির উক্তি হইতেও সেই সাক্ষ্য পাওয়া যায়। "আচণ্ডালে কীর্ত্তন সঞ্চারে" (চৈঃ চঃ ১।৪।৪০), "সর্বত্র সঞ্চার হইবে মোর নাম"—(চৈ ভা ৩।৪।১২৬)—এই 'সঞ্চার'ই হইতেছে স্বতঃসিদ্ধ স্ফুতি। শ্রীমন্মহাপ্রভু সেই নামপ্রেম আস্বাদনের বৃত্তির সঞ্চার করিয়াছেন। জগজ্জীবের धर्मार्थकामरमांक भर्यस आस्रामत्तव वृक्ति आहि। हेरा - कौरवत প্রয়োজন সাধক; কিন্তু রসিকশেথর পরতত্ত্বের প্রয়োজন যে প্রেম, তাহা আস্বাদনের

বৃত্তি জীবে নাই। মহাপ্রভু স্বনামের সহিত প্রেম আস্বাদনের বৃত্তিটি সর্বত্র সঞ্চার করায় তিনিই অদিতীয় শ্রীনাম-সংকীর্ত্তন-পিতা।

"পুরটস্থনরত্যুতি-কদমসন্দীপিতঃ"

"কলো যং বিদাংসঃ স্ফুটমভিষজন্তে ত্যুতিভরাদক্ষাঙ্গং কৃষ্ণং মথবিধিভিকং-কীর্তনময়ৈঃ।" (শ্রীচৈতগ্রাষ্টক ২০১)—স্থমেধোগণ এই কলিতে যাঁহাকে উচ্চনামসংকীর্তন-প্রচুর যজ্ঞের দারা সাক্ষাদ্ভাবে উপাসনা করেন, তিনি স্বরূপতঃ কৃষ্ণবর্গ (অন্তঃকৃষ্ণ) হইলেও নিজপ্রেয়সীর কান্তিরাশির প্রাচুর্যে আবৃত হইয়া অকৃষ্ণবর্গ (বহির্গোর) হইয়াছেন। "রসন্তোমং সৃত্য মধুরম্পভোক্তুং কমিপ যঃ কৃচিং স্বামাবরে ত্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্" (ঐ ২০০)—কৃষ্ণচৌর প্রেয়মীর্নের অনির্বচনীয় মধুররসরাশি (চোরের গ্রায় ছ্মাবেশে) অপহরণ শূর্বক উপভোগ করিবার জন্ম প্রেয়মীম্থ্যা শ্রীরাধার ত্যুতি বাহিরে প্রকাশ করিয়ানিজ শ্রামকান্তি এই জগতে গোপন করিয়াছেন।

শ্রীরপের উপরি উক্ত শ্লোকের প্রত্যেকটি শব্দ শ্রীমন্তাগবত-রস্ধ্বনিতে সমলস্কৃত। শ্রীমহাভারতে শ্রীভীন্মদেব এবং শ্রীমন্তাগবতে শ্রীপ্রহলাদ, শ্রীগর্গাচার্য শ্রীকরভাজন-প্রম্থ স্থমেধাগণের কীর্ত্তিত "স্থবর্গবর্ণো হেমাঙ্কং" (দানধর্ম ১৪৯১৯২) — এই নাম এবং "ছন্নং কলৌ" (ভা পালাওচ), শুক্রো রক্তম্বথা পীতঃ (ঐ ১০৮০১৩), রুম্বর্বাই হিষাইক্ষয়ং (ঐ ১১ালেও২-৩৪) ইত্যাদি বন্দনার মূর্ত্তবিগ্রহরূপে কলিকালে শ্রামরূপ ভগবান্ ছন্নলক্ষণে স্থবর্ণবর্গ হেমাঙ্করূপে ক্ষের নামরূপগুণাদি বর্ণনকারী (ক্রম্বর্নাই) হয়েন—এই সকল স্থমেধোগণের বাক্যের সত্যতা রক্ষার জন্ম এবং নিজের তিন বাস্থা প্রণের জন্ম "রাধিকার ভাবকান্তি অঙ্গীকার বিনে। সেই তিন স্থ্য কভু নহে আস্বাদনে॥" (১৮ চ ১।৪।২৬) শ্রীকৃষ্ণ অক্ষ্ণাঙ্গ (পীতবর্ণ) রূপে অবতীর্ণ হইয়াছেন। পীতবর্ণটি হইতেছে কলিযুগাবতারীর স্বরূপ-(আক্রতিপ্রকৃতিগত) লক্ষণ এবং নামপ্রেমনাটি তটস্থ-(কার্যগত) লক্ষণ। শ্রীমন্যহাপ্রভুর সাক্ষাতে শ্রীদনাতনের উক্তি—"পীতবর্ণ, কার্য প্রেম-নাম-সংকীর্তন। কলিকালে সেই কৃষ্ণাবতার নিশ্চয়।"

ভরতমূনি বলেন, শৃঙ্গার রসের বর্ণ খ্যাম—"খ্যামো ভবতি শৃঙ্গারং" (নাট্যশাস্ত্র ৬।৪৩) এবং অদ্ভূত রসের বর্ণ পীত "পীত শ্রেনাড্রভঃ স্বৃতঃ" (ঐ ৬।৪৪)। মহাভাব অদ্ভূতাদপি অদ্ভূত—পরম চমংকারিতাময়। রসবিদ্গণের মতে চমংকারিতাই রসের সার। সেই গলিতকাঞ্চনপীত মহাভাবসাগরের উদ্বেলনে শৃঙ্গার-রস-নীলাম্ব্রিও আবৃত হইয়া পড়ে। শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিপাদের মতে সত্যযুগের ধ্যানধর্ম—শুক্রবর্ণ, ত্রেতার যজ্ঞধর্ম—রক্তবর্ণ, কলির নাম-সংকীর্তনধর্ম—পীতবর্ণ। নামসংকীর্ত্তন পরমচমংকারপোষক বা তাহাই মহাভাবের স্বরূপ (উজ্জ্লনীলমণির উপসংহার ও শ্রীবৃহদ্ভাগবতামৃত) বলিয়াই হয়ত পীতবর্ণ। শ্রীনামসংকীর্ত নৈক-পিতার বর্ণও পীত। মহাভাবের বর্ণ পীত—মহাভাবস্বরূপিনী শ্রীরাধার বর্ণ পীত। তাই স্বনামসংকীর্তনামৃতসেবী শ্রীরাধাভাবাঢ্য শ্রীকৃষ্ণ পীত।

"যতীনামুত্রংসন্তরণিকরবিছোতিবসনঃ"

শ্রীরপের শ্রীচৈতন্তাষ্টকে (১।৪, ২।২, ২।৫) এবং শ্রীগোড়ীয়বৈষ্ণবাচার্যগণের সকল গ্রন্থেই শ্রীমন্মহাপ্রভুকে সন্যাসি-শিরোরত্ব অরুণ বর্ণ বসনধারী ইত্যাদি রূপে বর্ণন করা হইয়াছে। সন্মাসীকে পূর্বাশ্রমের মাতাপিতার নামে পরিচয়-প্রদান শান্ত্রনিষিদ্ধ। অথচ সর্ববেদবেদান্তবিং শ্রীসার্বভৌমভট্টাচার্য্য—শ্রীরুষ্ণচৈতন্ত শাচীস্থত গুণধাম।"—(চৈঃ চঃ হাভা২৫৮), যতিবর শ্রীপ্রবোধানন্দ "সন্মাস-কপটম্" (চৈঃ চন্দ্রামৃত ১২), শ্রীল ঠাকুর বৃন্দাবন 'কপট-সন্মাসী-বেশধারী' (চৈঃ ভাঃ হালা১); শ্রীগোরাঙ্গপার্ষদ শ্রীরঘুনন্দন—"লম্পটগুরোঃ সন্মাসবেশম্"—গোপবধূলম্পটের এই অবতারে সন্মাসবেশ ইত্যাদি বলিয়াছেন। এই সকল রিসিক মহাজনের উক্তির শব্দধনি কবিকর্ণপূর 'গৌর-আনা-ঠাকুর' শ্রীমইছতা-চার্য্যের বাক্য-প্রমাণে ব্যক্ত করিয়াছেন—'সন্মাসরুচ্ছমঃ শান্ত ইত্যাদি নামাং নিরুক্তার্থমেবৈতং" (প্রীচেঃ চঃ নাটক ৫।২২)।—শ্রীমহাভারতোক্ত শ্রীবিষ্ণু-'সহস্রনামে (৭৫) শ্রীভীম্বদেবকর্ত্ক যে স্বয়ং ভগবান্ শ্রীক্রয়ের (দত্তাত্রের, বৃদ্ধাদি আরেশাবতারের সম্বন্ধে নহে) সন্মাসরুং, শম, শান্ত ইত্যাদি নাম

কীর্ত্তিত হইয়াছে, তাহা সার্থক করিবার জন্মই শ্রীলীলাপুরুষোত্তমের সন্ন্যাস-লীলা। নতুবা গোপবধূলম্পট, রাসবিলাসী শ্রীক্রফের সন্মাসক্রং, শম, শাস্ত ইত্যাদি নাম নির্থকই হইত। শ্রীপ্রবোধানন্দও শ্রীচৈতন্মচন্দ্রাম্বতে (১৩৫) বলিয়াছেন,—শ্রীচৈতন্মের অন্তরের অনুরাগই বাহিরে অরুণবর্ণ-বসনাকারে প্রকাশিত। বিরহিণী রাই-উন্নাদিনীর অন্তভাবের অনুকরণ করিয়া শ্রীচৈতন্ম সর্বচিত্তে শ্রীরাধাপাদপদ্মের রতিবিধান করিতেছেন (আনন্দী-টীকান্স্সারে)। শ্রীরপ তৎকৃত শ্রীচৈতন্মাষ্ট্রকে (১৪) তরণিকরবিল্যোতিবসনঃ—বেরপ শ্রীচৈতন্ম-দেবের সম্বন্ধে বলিয়াছেন, তদ্রপ শ্রীরাধান্টকেও (৮) "অরুণত্তুলাং রাধিকামর্চয়ামি" বাক্যে রাধারও অরুণ-বর্ণ বদনের কথা জ্ঞাপন করিয়াছেন।

শ্রীমনাহাপ্রভূও স্বয়ং বলিয়াছেন—"কি কার্য্য সন্মাসে মোর প্রেম নিজধন। বে-কালে সন্মাস কৈন্তু ছন্ন হৈল মন॥" (চৈঃ চঃ ২।১৫।৫১) প্রেমই যাঁহার নিজস্ব সম্পত্তি, সেই-ব্রজনাগরী-বল্লভ ক্লফের সন্মাসের প্রয়োজন কি? তিনি রাই-উন্মাদিনীর ভার্বাচ্ছন্ন হইয়াই সন্মাসলীলা প্রকট করিয়াছেন।

শ্রীমন্মহাপ্রভুর "সেই বেষ কৈল" (চৈঃ চঃ ২।০১১) অথবা "আমি মায়াবাদী সন্ন্যাসী" (২।৮।৪৫) ইত্যাদি বাক্য হইতে বিভিন্ন মতবাদী বলেন, মহাপ্রভু ত্রিদণ্ডি-ভিক্ষ্ বা মায়াবাদী সন্মাসী ছিলেন। বস্তুতঃ ত্রিদণ্ডি-ভিক্ষ্ র প্রাচীন ইতিহাসটি তিরস্কার সহ্য করিবার আদর্শ মাত্র। উক্ত গাথা শ্রবণের চরম ফল মনোনিগ্রহ পর্যন্তই (স্বামিপাদ ও চক্রবর্তী)। পরাত্মনিষ্ঠারূপ ত্রিদণ্ডিবেশ ভিক্ষ্ র পক্ষেউপদ্রব-জনকই হইয়াছিল (শ্রীজীব ১১।২০।৫৭)। পরমাত্মনিষ্ঠা—মুকুন্দ-এ্মুক্তি-ধিকারী প্রেমদাতা শ্রীক্ষণ্ডের) সেবা বা শুদ্ধা ভক্তি নহে। শ্রীরামাম্বজা-চার্য্যের ত্রিদণ্ড-সন্ম্যাদ-গ্রহণ-কালে স্বয়ং শ্রীবরদরাজের উক্তি—"মোক্ষোপায়োল্যাদ এব জনানাং মৃক্তিমিচ্ছতাম্" (প্রপন্নাম্বত ১০।৬৭) মৃক্তির ইচ্ছুক্সণের পক্ষেতিদণ্ড সন্মাদ মোক্ষোপায়। শ্রীমন্মহাপ্রভু মধ্বাচার্য্য-প্রবর্তিত বর্ণাশ্রমের সম্বন্ধে বলিয়াছেন,—"কর্ম হইতে প্রেম-ভক্তি ক্বম্বে কভু নহে।" শ্রীমন্মহাপ্রভুর সন্ম্যাদলীলা সম্বন্ধে অবৈতাচার্য্যের ও গৌরপার্যদেগণের সিদ্ধান্তেরই প্রামাণ্য।

শ্রীমনহাপ্রভুর দিতীয়-স্বরূপ—শ্রীপাদপুরুষোত্তমাচার্য "তত্তভাববিলাসবান্" (গৌঃ গঃ ১৬০)—এ চৈতত্তের বা শ্রীরাধার যে যে ভাব, তাহাতে বিলাসবান্। শীস্বরূপ ব্রজনীলায় শ্রীললিতা বা শ্রীবিশাখা। তাই তিনি শ্রীগোরের শ্রীরাধাভাবে ছন্নতা বা উন্মত্তারূপ সন্মাস-লীলা দর্শনে পাগলপারা হইয়া যুথেশ্বরীর ভাবের প্রতি সমবেদনা প্রকাশ করিয়াছেন, বস্তুতঃ তাহা চতুর্থাশ্রম-স্বীকার নহে। তিনি শীকৃষ্ণ-পাদপদের অমুরাগে সন্যাসকে তুচ্ছই করিয়াছিলেন—"শ্রীকৃষ্ণপাদাজপরাগ-রাগতস্তচ্ছীচকার" (চৈঃ চন্দ্রোদয় ৮।১১)। শ্রীপ্রবোধানন্দ পূর্বেই সন্মাস গ্রহণ করিয়াছিলেন। সরস্বতীপাদ ব্রজলীলায় তুঙ্গবিদ্যা স্থী (গৌঃ গঃ ১৬৩) ও শ্রীললিতাদির ন্যায়ই যুথেশ্বরী। স্থীগণ শ্রীরাধার ভাবে বিলাসবতী হইলেও দাসী অভিমানিনী মঞ্জরীগণ (শ্রীশ্রীরূপদনাতন-রঘুনাথাদি বা শ্রীরূপানুগ-সম্প্রদায়মাত্রই) শ্রীরাধার ভাবের অমুকরণ করেন না। এজন্ম "স্বরূপের রঘু" বা "প্রবোধানন্দস্ত শিয়ো গোপালভট্টঃ" প্রত্যেকেই শ্রীগোরপরিকর ও পরমবিরক্ত হইয়াও স্ব-স্ব-গুরুদেবের এরূপ সন্যাসের অমুবর্তন করেন নাই। শ্রীরূপানুগজন মাত্রেই সেই আদর্শ বরণ করিয়াছেন। 'শ্রীরাধাপ্রেমরূপ' চিরবিরক্ত শ্রীগদাধর পণ্ডিত গোস্বামি-পাদও শ্রীগোরাদেশে শ্রীক্ষেত্রবাস ও শ্রীগোপীনাথের সেবাবরণরূপ নির্লিষ্ঠ 'ক্ষেত্র-সন্মাস'ই প্রদর্শন করিয়াছেন।

শ্রীবল্লভাচার্য্য তৎকৃত "সন্ন্যাসনির্ণয়ে" (১, ৭, ৮, ১৬, ২১) কৃষ্ণভক্তগণের পক্ষে অন্ত সন্মাস কলিকালে সর্বথা নিষেধ করিয়া ব্রজগোপীগণের আদর্শে শ্রীকৃষ্ণ-বিরহাত্বভবার্থ ত্যাগের কথা বলিয়াছেন। "বিরহাত্বভবার্থ তু পরিত্যাগঃ প্রশস্ততে। কৌণ্ডিণ্যো গোপিকাঃ প্রোক্তা গুরবঃ সাধনং চ তৎ ॥ সন্মাস-বরণং ভক্তাবন্যথা পতিতো ভবেং।" অতএব সংস্কৃত-বল্লভিদিগ্বিজয়-কথিত শ্রীমাধবেন্দ্র পুরী হইতে শ্রীবল্লভাচার্য্যের অন্তিমকালে ত্রিদণ্ড-সন্মাস গ্রহণের কথা ইতিহাস-বিরুদ্ধ। বহু পূর্বেই পুরীপাদের তিরোধান হয়। শ্রীজীবপাদের শিক্ষা-শিয়াবর শ্রীশ্রীনিবাসাচার্য-প্রভু ষড়গোস্বামীর অকিঞ্চন বেষের কথা জানাইয়াছেন—

ত্যক্ত্বা তূর্ণমশেষমণ্ডলপতিশ্রেণীং সদা তুচ্ছবদ্ ভূত্বা দীনগণেশকৌ করুণয়া কৌপীন-কন্থাশ্রিতৌ। গোপীভাব-রসামৃতান্ধি-লহরী-কল্লোলমগ্রো মৃহ-র্বন্দে রূপসনাতনৌ-রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ॥

শ্রীগেনিড়ীয়বৈষ্ণবধর্মে দীক্ষিত সাধকমাত্রকেই অর্চনাদি সর্বসাধনাঙ্গের অগ্রে যে শ্রীগুরুষ্ঠি স্মরণ করিতে হয় তাহাতে "শুরুষেরধরং গুরুং ধ্যায়েং" ইত্যাদি বাক্যে (শ্রীগোপালগুরুপদ্ধতি ২৮৯) এবং "কাষায়ং মলিনং বস্ত্রং কৌপীনঞ্চ পরিত্যজেৎ," "গুরুবাসা ভবেন্নিত্যং রক্তক্ষৈব বিবর্জয়েং" (শ্রীহরিভক্তিবিলাস ৪।১৪৫, ১৫৫ ধৃত শাস্ত্রবাক্য) ইত্যাদি প্রমাণে বৈষ্ণবগুরু ও শিশ্ব উভয়েরই কাষায় বস্ত্র নিষেধ ও গুরুবস্ত্র পরিধানের বিধি দৃষ্ট হয়। "রক্তবস্ত্র বৈষ্ণবের পরিতে না যুয়ায়।" (চৈঃ চঃ ৩।১৩।৬১)। "বিষ্ণুভক্তিভঁজনীয়োহস্তেতি বৈষ্ণবঃ" (তুর্গমসঙ্গমনী ৪।৩।৫৩) যিনি বিষ্ণুভক্তিমান্ ও বিষ্ণু-দেবতাক, তাঁহাকে বৈষ্ণব বলে। বিষ্ণুভক্তির আশ্রয়কারী ব্যক্তি মাত্রের পক্ষেই কাষায় বস্ত্র ধারণ বৈষ্ণব-শাস্ত্রে নিষিদ্ধ। "শ্বতং ধার্যং প্রয়তঃ, ন রক্তং মলিনং তথা॥" (বিষ্ণুধর্মে)।

वर्गाक्षेत्रधर्म ଓ ज्ञित्रभानूगम्धनात्र

শ্রীভক্তিরসামৃতিবিদ্ধৃতে (১।২।১৮৬) "মৃত্রশ্রদ্ধস্য কথিতা স্বল্লা কর্মাধিকারিতা" ইত্যাদি এবং (১।২।২৪৬) "সন্মতং ভক্তিবিজ্ঞানাং ভক্ত্যঙ্গত্বং ন কর্মণাম্" ইত্যাদি কারিকায় শ্রীরূপপাদ বলিয়াছেন, শ্রীভগবরাম-জপাদি ভগবানে অপিত না হইলেও স্বরূপতঃই শুদ্ধভক্তি, কিন্তু বর্ণাশ্রমাদি-কর্ম ভগবানে অপিত হইলেও শুদ্ধভক্তি (জ্ঞান কর্মাদির দারা অনাবৃত) হয় না বলিয়া তাহা স্বমত (শ্রীরূপের মত) নহে। "বর্ণাশ্রমাচারকর্মণোহর্পণেহপি ন শুদ্ধভক্তিত্বিমিতি, স্বতরাং ন তৎ স্বমতম্; জ্ঞান-কর্মাদ্যনাবৃতত্বেনোক্তত্বাৎ" (শ্রীজীব ও চক্রবর্তি-টীকা ১।২।১৮৬)।

শ্রীমন্তাগবতে (১১।১৮। ३৭) মোক্ষার্থিগণের জন্মই ভগবদর্পিত-বর্ণাশ্রমের কথা উক্ত হইয়াছে। "স এব মদ্ভক্তিয়ুতো নিঃশ্রেয়সকরঃ"—মদ্ভক্তিয়ুতো মদর্পণেন কৃতঃ (শ্রীধরঃ), নিংশ্রেয়সকরঃ নির্বাণমোক্ষপ্রদঃ (চক্রবর্তী)—বর্ণাশ্রম-ধর্ম ভগবদর্পিত

হইলে নির্বাণমোক্ষপ্রদ হয়। উড়ুপীতে শ্রীমধ্বসম্প্রদায়ের আচার্য বলিয়াছিলেন,— বর্ণাশ্রম-ধর্ম ক্লফে সমর্পণ। এই হয় ক্লফভক্তের শ্রেষ্ঠ সাধন।। পঞ্চবিধ মৃক্তি পাঞা বৈকুঠে গমন। (চৈঃ চ হাহাহ৫৬—৫৭) শ্রীমন্মহাপ্রভু উক্ত মাধ্বমতের নিন্দা করিয়া বলিয়াছিলেন, — কর্ম-নিন্দা, কর্মত্যাগ সর্বশাস্তে কহে। কর্ম হৈতে প্রেমভক্তি কৃষ্ণে কভু নহে॥ (ঐ ২৬৩)। শ্রীমধ্বাচার্য প্রেমভক্তির কোন কথাই বলেন নাই, পঞ্বিধা মুক্তিকেই 'মহাপুরুষার্থ' (শ্রীমধ্বকৃত গীতাভাষ্য ২।২৪) বলিয়াছেন। শ্রীভক্তিসন্দর্ভে (১১ অনুছেদ) শ্রীজীবপাদ — কলিকালে স্বভাবতঃই কল্যচিত্ত বর্ণাশ্রমীর আয়ুর ব্যর্থতা ও বর্ণাশ্রমের অবশ্রস্তাবী ব্যভিচারের কথা জানাইয়াছেন। বৃহন্নারদীয় পুরাণেও (৬৮।২৫-২৬) কলিতে বর্ণাশ্রম ধর্মের व्यथित्रार्या वाजिहादात कथा वर्गन ववः मन्नामानिधर्म निरम्ध कतिया भीनात्रन সর্বকলিবাধাপহারক এক মুখ্য ধর্মের কথা বলিয়াছেন—"হরেনামৈব নামৈব নামেৰ মম জীবনম্।" শ্রীনারদাবতার শ্রীবাদের ভবনেই স্বয়ং শ্রীনামীর নাম-সংকীর্তন-রাসস্থলী প্রকাশিত হয়। কাশীবাদী শ্রীচৈতন্যকুপালর সন্ন্যাদিগণও স্বীকার করিয়াছেন—"শ্রীকৃষ্ণতৈতন্য বাক্য দৃঢ় সত্য মানি। কলিকালে সন্ম্যাসে সংসার नार्टि जिनि ॥ रदानीय आक्ति यह कित्र वाशान । त्मरे मठा स्थमार्थ পরমপ্রমাণ॥" (চৈ: চ হাহ৫।২৮-২৯)।

শ্রীমন্তাগবতোক্ত (১১।১৭।৩৮) "গৃহং বনং বোপবিশেৎ" ইত্যাদি উক্তি অনুসারে ভগবন্ধক্তের কোন আশ্রম-নিয়ম বা আশ্রম-সমৃহের ক্রমবিপর্যায়ে দোষপ্রসঙ্গ নাই। ইহা শ্রীস্বামিপাদ ও শ্রীচক্রবর্তিপাদ উভয়েই উক্ত শ্লোকের টীকায় প্রতিপাদন করিয়াছেন। "ভগবন্ধক্তম্ম ব্যুৎক্রমেণাশ্রমিতয়া অনাশ্রমিতয়া বা স্থিতৌ ন কোহপি দোষঃ।" এমন কি, ভক্তিপ্রতিক্ল সন্ন্যাসাশ্রম ত্যাগ করিয়া পুনরায় গৃহস্থাশ্রমে প্রবেশের আদর্শ দৃষ্টান্ত শ্রীমহাভারতে (শান্তিপর্বে রাজধর্মপর্বে ১১।২ শ্লোকে) শ্রীঅন্ত্রুনের উক্তি ও সমর্থনে দৃষ্ট হয়। শ্রীগৌরপার্ষদ শ্রীরঘুনাথপুরীর পূর্বের 'পুরী' সন্মাস নামাদি ত্যাগ করিয়া আচার্য্য বৈষ্ণবানন্দ নামে খ্যাতির কথা শ্রীচৈতন্যচরিতামৃতে (১।১১।৪২) ও শ্রীচৈতন্যভাগবতে

(৩।৫।৭৪৬) উক্ত হইয়াছে। শ্রীজীবপাদ তোষণীতে (১০।৮০।৩০, ১০।৮৪।৩৮)
ও শ্রীচক্রবর্তিপাদ সারার্থদর্শিনীতে (১০।৮০।৩০) ভক্তিপ্রতিকৃল আশ্রম ত্যাগের
ও অত্নকৃল আশ্রম গ্রহণের যুক্তিযুক্ততা প্রদর্শন করিয়াছেন।

প্রায়শঃ অক্যান্য বৈষ্ণব ও অবৈষ্ণবসম্প্রদায়ের সাধকমাত্রেই আশ্রমাদির কোন না কোন প্রকার শাস্ত্রীয় ও স্বর্কল্পিত চিহ্নাদি ধারণ করেন। দ্বিজ ব্রহ্মচারীর কাষায়, মাঞ্জিষ্ঠ ও হারিদ্র বস্ত্র ধারণাদি, বানপ্রস্তের নথ-শ্রশ্র-ধারণাদি, সন্যাসীর মৃগচর্ম, ব্যাঘ্রচর্ম, কাষায় বস্ত্র বা তিদগুধারণাদি, কোন কোন সম্প্রদায়ে ভন্মলেপন, জটাজ্ট, কাষ্ঠকৌপীন ধারণাদি কোনটিই শ্রীচৈত্তাচরণাত্মচরগণ স্বীকার করেন নাই। এমন কি, প্রীচৈতগ্রদেব গুরুস্থানীয় প্রীত্রন্ধাননভারতীর চর্মাম্বর পরিত্যাগ করাইয়াছিলেন। শুদ্ধভক্তিপথে প্রবিষ্ট হইয়া কর্মজ্ঞান-যোগাদিমিশ্র ভক্তিপথের কোনরূপ আচার ও চিহ্নাদি শ্রীচৈতগ্যচরণাত্মচরগণ অত্বর্তন করেন নাই। শিখাধারণ, তুলসীমালা-ধারণ, উধ্ব পুণ্ড্রধারণ, ভগবন্নামা-ক্ষরধারণাদি ভক্তিসদাচার-সমূহ হরিতোষণপর শুদ্ধভক্তাঙ্গ বলিয়াই কর্মজানাঙ্গ লিঙ্গের ত্যায় কখনও কোন অবস্থাতেই শুদ্ধ ভক্তিযাজী শ্রীচৈতত্যচরণাত্মচরগণ পরিত্যাগ করেন না। বৈষ্ণব ব্রাহ্মণ বিরক্তবেষ গ্রহণকালে স্থ্র ত্যাগ করেন, কিন্তু শিখা ত্যাগ করেন না। জ্ঞানী সন্ন্যাসী সূত্রের ত্যায় শিখাও ত্যাগ করেন। গোড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ে মন্ত্রদীক্ষাপ্রভাবে যে স্ত্রী-শূদ্রাদির (সর্বেধামেব) দ্বিজত্ব বা বিপ্রতা লাভের কথা উক্ত হইয়াছে, তাহাতেও লৌকিক দিজ বা বিপ্রের তায় স্ত্র ধারণের বিধি ও সদাচার নাই, তাহা শ্রীজীবপাদ তুর্গমসঙ্গমনীতে (১।১।২১) সর্বথা নিষেধ করিয়াছেন। কিন্তু লৌকিক দিজত্বের বা বিপ্রতার বাহ্ লিন্দর্রপ উপনয়নাদি না হইলেও বিষ্ণুমন্ত্রে দীক্ষিত স্ত্রীশূদ্রাদির শ্রীশালগ্রামার্চনে অধিকার, গোপালতাপনীশ্রুতি প্রভৃতি বেদপাঠে অধিকার হয়, ইহাই বিপ্রতার দ্যোতক। অপরপক্ষে অনুপনীত লৌকিক ব্রান্ধণবটুর ও ব্রাহ্মণীর যজ্ঞাদি কর্মে অধিকার হয় না (পূর্বমী ৬।১।২৪ ফ্ত্র)। ইহাই কর্মজ্ঞানাদি পথের লিঙ্গের সহিত হরিতোষণৈকপর ভক্তিসদাচারের পার্থক্য।

বেদপ্রতিপাত এবং তত্তদধিকারীর উপযোগী (ভা ১১।২০।২৬, ১১।২১।২) বর্ণাশ্রমধর্মের বিপর্যয়-সাধন ব। হরিকথায় রুচিবিশিষ্ট ভক্ত্যধিকারীর শিশুশ্রেণীর কর্মাধিকার লইয়া জীবন অতিবাহিত করিবার উপদেশ মহাপ্রভু প্রদান করেন নাই; তিনি রামানন্দ-সংবাদে বর্ণাশ্রমধর্মকে ভাগবতধর্মের সর্বপ্রথমদোপানরূপে নিরূপণ করিয়া উহার যথাযোগ্য স্থান নির্দেশ করিয়াছেন। অপরের অপ্রদেয় যে চরমসাধ্যবস্থ প্রদান করিবার জন্ম শ্রীমন্মহাপ্রভু অবতীর্ণ হইয়াছেন, তাহা কর্মজ্ঞানাদিমিশ্র সাধনের প্রাপ্য নহে, একমাত্র নামসংকীর্তনপ্রধানা রাগময়ী উত্তমা ভক্তির দ্বারাই লভ্য।

শ্রীরূপানুগ ভজন

শ্রীল রঘুনাথ দাস গোস্বামিপাদ—মনঃশিক্ষায় (১২শ শ্লোকে) বলিয়াছেন—
সমূথ-শ্রীরূপানুগ ইহ ভবন্ গোক্লবনে জনো রাধার্কফাতুল-ভজন-রত্বং স
লভতে"—সাধক যথসহ শ্রীরূপানুগ হইলে এই গোক্ল-বনে শ্রীশ্রীরাধার্কফের
অতুলনীয় ভজনরত্ব লাভ করিতে পারেন। শ্রীরূপের যৃথ বা গণের সহিত্
শ্রীরূপের অন্থগ হইতে হইবে। শ্রীল কবিরাজ গোস্বামী শ্রীচৈত্লুচরিতামুতে
(২।১৮।৪৮-৫৩) শ্রীরূপের গণের (শ্রীমথুরায় শ্রীবিট্ঠলেশ্বের গৃহে শ্রীগোপালদর্শনকালে) একটি তালিকা দিয়াছেন। শ্রীসাধনদীপিকায় (৮ম কক্ষায়) প্রামাণিক
বাক্যের একটি উদ্ধৃতিতে দৃষ্ট হয়—

গোপাল-ভট্টো রঘুনাথ-দাসঃ শ্রীলোকনাথো রঘুনাথভট্টঃ। রূপান্থগাস্তে বৃষভান্ধপুত্রী-সেবাপরাঃ শ্রীল-সনাতনাছাঃ॥

শ্রীরূপের গুরুদেব হইয়াও শ্রীসনাতন তাঁহার সকল গ্রন্থের মঙ্গলাচরণে ওবং বিভিন্নস্থানে বিশেষ প্রীতি ও গৌরবের সহিত শ্রীরূপপাদের নামোল্লেখ করিয়াছেন ১১ এবং শ্রীরূপান্থগণও শ্রীরূপাগ্রন্থর শ্রীসনাতনের নামোল্লেখ অধিকাংশ স্থলেই করিয়াছেন।

১০। অবতার্ণো ভক্তরপেণ (বুঃ ভা ১/১/৩) জ্রীদনাতন-টীকা দ্রষ্টব্য।

১১। বিবৃতং চৈতনাদক্ষবরৈঃ এরপ-মহাভাগবতৈঃ (তোষণী ১০।৩২।৮)।

শ্রীরূপ গোস্বামিপাদ শ্রীউজ্জ্বননীলমণির স্থীপ্রকরণে (৮৮ শ্লোক) মণিমঞ্জরীর আদর্শ প্রদর্শন করিয়াছেন। এই আদর্শে শ্রীশ্রীরাধার্রফের সেবাতেই যাঁহাদের অকপট আনন্দ, অন্ত কিছুতেই নহে; এমন কি স্বয়ং শ্রীক্রফের দারা প্রার্থিত বা শ্রীরাধার দারা প্রেরিত বা শুরুষর্গের বিশিষ্ট প্রলোভনের দারা প্ররোচিত হইলেও শ্রীরাধার শ্রীক্রফ-সঙ্গস্থাকেই আত্মস্থাপ্রাপ্তি হইতে অধিকতর জানিয়া সেই শ্রীরাধার দাসী (মঞ্জরী) কথনও অভিসারে স্পৃহা করেন না। শ্রীরাধাম্মেহাধিকা স্থীগণের মধ্যে শ্রীরূপমঞ্জরীই প্রধানা। সেই শ্রীরূপমঞ্জরীপ্রাধার্মেহাধিকা স্থীভাব, সেই স্থীভাবের আত্মগত্যেই শ্রীমন্মহাপ্রভুর প্রদেষ চরমসাধ্য বস্তু লাভ হয়। অতএব শ্রীগোড়ীয়বৈষ্ণবের ভজনপদ্ধতি কেবল রাগাহুগা বা তন্তাবেচ্ছাত্মিকা কামানুগা নহে, তাহা শ্রীরূপানুগাভঙ্জনপদ্ধতি। শ্রীরূপানুগা না হইয়াও যে রাগানুগ বা তন্তাবেচ্ছাত্মিকা কামানুগা ভজন তাহাতে পরম অতুল সাধ্যবস্তু লাভ হইবে না। (সাধনদীপিকা ৮ম ও ১০ম কক্ষা)।

মহাজন পথ ও মত

"সাধু-শাস্ত্র-গুরু-বাক্য, হদ্যে করিয়া ঐক্য, সতত ভাসিব প্রেমমাঝে।"
"মহাজনের যেই পথ, তা'তে হব অন্তরত, পূর্বাপর করিয়া বিচার॥"—
শ্রীরূপান্থগবর শ্রীল ঠাকুর মহাশ্যের এই কয়েকটি উক্তি শ্রীরূপান্থগ-ভজন-পথের পথিকগণের প্রুবতারা-সদৃশ। শ্রীপ্রেমভক্তিচন্দ্রিকায় এতৎপূর্বক্ষিত "গুরুমুখপদ্মবাক্য হদি করি মহাশক্য" প্রতিজ্ঞাটিও অর্থাৎ শ্রীগুরুদেবের উক্তিও যদি (শ্রীরূপান্থগ) স্বসম্প্রদায়ের মূল মহৎ (বড়গোস্বামী) ও শাস্ত্রবাক্যের (তাঁহাদের প্রবর্ত্তি শাস্ত্রের) সহিত সঙ্গত না হয়, তবে তাহা স্বীকার্য্য নহে। পূর্ববর্ত্তী ও পরবর্ত্তী মহাজনগণের প্রদর্শিত পথের বিচার করিয়া মহাজনের পথেই অন্তর্কত হইতে হইবে। শ্রীচক্রবর্তিপাদ টাকায় বলেন, রাগান্থগমার্গে দণ্ডকারণ্য-বাসী ম্নিগণ, বুহদ্বামনপুরাণোক্ত শ্রুতিগণ এবং চন্দ্রকান্তি-জন্মদেব-বিত্যাপতি-চণ্ডীদাস-বিত্তমন্থলাদি মহদ্গণই পূর্বমহাজন আর ষড়গোস্বামী পরমহাজন।

পূর্বমহাজনগণ অধিকাংশই রূপাসিদ্ধ এবং তাঁহাদের সকল আচরণ ও প্রবর্তিতশাস্ত্র সকলের অধিকারোচিত ও গ্রহণযোগ্য নহে। কিন্তু সাক্ষাৎ ভগবৎপার্ঘদ ষড়্গোস্বামী নিত্যসিদ্ধ ব্রজ্জন হইয়াও সাধনসিদ্ধের রীতি স্ব চরিত্রে প্রকাশ এবং সর্বপ্রকার সাধকের উপযোগী শাস্ত্র প্রণয়ন করিয়া লোক-শিক্ষা দিয়াছেন। বিশেষতঃ মহামহৎরূপে প্রচ্ছন্ন স্বয়ংভগবান্ সর্ব-ভগবৎস্বরূপের পরিকরসহ অবতীর্ণ হইবার পর কলহযুগে সর্বাপেক্ষা গুরুত্র ও চির-বিবদমান মহাজন-সমস্থা সম্পূর্ণরূপে নিরাক্বত হইয়াছে। এজগ্র সপরিকর শ্রীকৃষ্ণচৈত্ত সদেবই সমষ্টি-মহাজন (চৈঃ চঃ ২।২৫।৫৭)। অতএক শ্রীচৈত্রচরণাত্রচর ষড়্গোস্বামীর পদান্ধিত পথই ব্রজপ্রেমলিপ্সুগণের অনুসরণীয় মহাজনপথ। তদ্যতীত বা তাহা হইতে কিঞ্চিয়াত্রও ভ্রষ্ট, স্ব-স্ব-কল্পিড যাবতীয় মত ও পথই নবীন মত ও নবীন পথ। (এতৎসহ শ্রীতত্ত্বসন্ভীয় সর্বসংবাদিনীর শান্ত-প্রমাণ-প্রকরণটি বিশেষ আলোচ্য)। শ্রীরূপপাদ বলিয়াছেন, (ভঃ রঃ সিঃ ১।২।১[,] ২)—"ভক্তিরৈকান্তিকীবেয়মবিচারাৎ প্রতীয়তে। বস্তুতস্ত তথা নৈব যদশান্ত্রীয়তেক্ষ্যতে ॥"—আধুনিক মতাত্রবর্ত্তিগণের শ্রীক্লফে ঐকান্তিকী ভক্তির আয়, যাহা প্রতীত হয়, তাহা অবিচারপ্রস্ত ও মহাজন-শাস্তাহগত নহে বলিয়া ঐ ভক্তি বৈধী বা রাগানুগা ত নহেই, পরন্ত মহাজনপথের অনাদরে কল্পিত হওয়ায় তাহাতে কুমার্গে গতিই অবশুস্তাবী।

যড় গোস্বামিবৃন্দের অপ্রকটের কিছুকাল পরে গোস্বামিশান্ত ও গোড়ীয়-বৈষ্ণব ধর্মজ্ঞ এক মহাপণ্ডিত, ত্যাগী ও প্রতিভাশালী ব্যক্তি শ্রীরূপের প্রকৃত মত ও পথের অনুসরণকারিরূপে আপনাকে দাবী করিয়া স্বীয় শ্রীরূপানুগ দীক্ষা-শিক্ষা-গুরুবর্গের তিরোধানের স্থযোগে এক নৃতন মতপ্রচারক সম্প্রদায়ের অধিনায়ক হইয়া উঠেন। তিনি শ্রীরূপের "তদ্ভাবলিপ্সুনা কার্যা ব্রজলোকানুসারতঃ" (ভঃ রঃ সিঃ ১।২।২৯৫) বাক্যের প্রমাণে ব্রজস্থ শ্রীরাধা-চন্দ্রাবলী প্রভৃতির অনুকরণে সাধকদেহেও কায়িকী সেবা কর্ত্ব্য বলিয়া প্রচার করেন। ১২ স্থতরাং

১২। রপ-কবিরাজকৃত সারসংগ্রহঃ—সাধনচতুষ্টয় প্রঃ, কলিকাতা বিশ্ববিঃ। ১৫১-১৬১ পৃঃ

অবিচ্ছিন্ন ধারায় মন্ত্রপ্তর গ্রহণ, শালগ্রাম বা তুলসী সেবাদি যথন গোপীগণ করেন নাই, তথন তাহা কর্তব্য নহে, প্রতিপাদন করেন। তিনি স্বরচিত গ্রন্থাদিতে শ্রীরূপরঘুনাথের প্রতি মৌথিক ঐকান্তিক ভক্তি প্রদর্শন এবং শিক্ষা-গুরুবর্গকেই (দীক্ষাগুরুপরম্পরা নহে) নিজ গুরুরূপে স্থাপন করিয়া প্রকৃত রূপাত্মগ-মত নামে উক্ত নবীন মতবাদ প্রচার করেন। শ্রীনামের ও শ্রীনাম-পরায়ণ বৈষ্ণবের নিকট অপরাধ-ফলে ঐরপ উপশাথার উদ্ভব হয়। (শ্রীনরোত্তম-বিশাসের 'গ্রন্থকর্তার পরিচয়' প্রকরণ এবং রূপকবিরাজক্বত 'সারসংগ্রহ' দ্রন্থব্য)। বিশ্বনাথ চক্রবর্তিপাদ তুর্গমসঙ্গমনীর প্রমাণদারা উক্ত মত খণ্ডনকরিয়াছেন। ১৩

ঞ্জীজীবপাদের অনুশাসন

প্রিরপগোস্বামিপাদ স্বয়ং, গোস্বামিবৃন্দ সকলেই এবং রূপান্থগ-সম্প্রদায়ের প্রত্যেক আচার্যই মহান্ত-মন্ত্রগুরু গ্রহণ করিয়াছেন। শ্রীজীবপাদ ভক্তিসন্দর্ভে (২১০ অনু) বলিয়াছেন,—শ্রবণগুরু ও ভজনগুরু আশ্রয় করাই যথন একান্ত আবশ্রক, তথন মন্ত্রগুরুর চরণাশ্রয়ের যে অবশ্র কর্তব্যতা আছে, তাহা বলাই বাহুল্য—"অতঃ শ্রীমন্ত্রগুরোরাবশ্রকত্বং স্কৃতরামেব।" প্রীতি-সন্দর্ভে (২৯৫ অনু) স্থান্দরেবাথও হইতে "তুলিস গোপীনাং রতিহেতবে" ইত্যাদি প্রমাণে তুলসী-সেবা গোপীগণের পূর্বরাগ আবির্ভাবের কারণরূপে উক্ত ইইয়াছে।

রাধারক্ষের লীলা অবলম্বনে যাঁহারা হিন্দী কাব্য রচনা করিয়াছেন, তন্মধ্যে অপ্টছাপের আটজন কবি (স্থরদাস, কৃন্তনদাস, পরমানন্দদাস, রুক্ষদাস, নন্দদাস, চতুর্ভুজদাস, গোবিন্দম্বামী ও ছীতস্বামী) প্রসিদ্ধি লাভ করিয়াছেন। ই হারা অপ্ট স্থা-স্থীর অবতার বলিয়া প্রচারিত। শুনা যায়, ই হাদের দিনের বেলায় স্থাভাব, রাত্রিতে স্থীভাব। অনেকে পুষ্টিমার্গীয় বলিয়া পরিচিত। পুষ্টিমার্গে কিন্তু পরকীয়া ভাবের কথা নাই এবং রাধারক্ষ যুগল-লীলায় উপাসনারও প্রাধান্ত নাই। শ্রীজীবপাদের অন্থাসনগর্ভ হইতে বিচ্যুত হইবার ফলেই রূপান্থগ সাধনপ্রণালীর নানা প্রকার বিক্বত অনুকরণ যুগধর্মবশতঃ হইতেছে।

ত্রীরূপানুগগণের আদর্শ চরিত্র

নির্মংসর সাধুগণের আচরিত সর্বকাপট্যরহিত পরম ধর্মই ভাগবতধর্ম।
শ্রীজীবপাদ কৌটিল্যকে পরম ছনিবার অপরাধের কার্য বলিয়াছেন (ভক্তিন ১৫৩)।
'কৌটিল্য' নামে প্রসিদ্ধ রাজনীতিবিশারদ চাণক্যের নীতিতেও রাজার আরুকূল্য
'বিষ' বলিয়া কথিত। শুদ্ধ হরিভজন-প্রয়াসীর মধ্যে বিষয়ীর সংস্পর্শজনিত
বিষয়হলাহল ১৪ এবং নামাপরাধ-কালকূটের সংমিশ্রণ ঘটিলে আর রক্ষা নাই।
দেবার আরুক্ল্য-সংগ্রহের ব্যুপদেশে বিষয়ীর বিষদংগ্রহ, তাঁহাদের তোষামোদ,
মহাপ্রভুর কথা প্রচারের মুখোদে নিজ নাম প্রচারের অভিসন্ধি, ঐকান্তিক
গুক্তুভক্তির পোষাকে মাংসর্য্য ও প্রতিহিংসা চরিতার্থ করিবার চেষ্টা, পরোপদেশে
ও পর-দোষ-প্রদর্শনে পাণ্ডিত্য, কিন্তু নিজ আচরণে অক্তর্রপ, ভক্তির বান্তবার্থশীলন
না করিয়া স্ব-সম্প্রদায় সম্বন্ধে মৌথিক গর্ব, অপরের ভক্ত্যুকুষ্ঠানমাত্রের ছিল্রান্থসন্ধান,
পারমার্থিকের সহিত রাজনৈতিক কূট ব্যবহার, শাস্তের সহজ অর্থের ব্যাখ্যান্তর
ও ভগবংপার্যদের পাতিত্যকল্পনা, বাহে পূজা কিন্তু অন্তরে অশ্রদ্ধা ইত্যাদি
চিত্তবৃত্তি ভীষণ অপরাধের ফলজাত কৌটিল্যের উদাহরণ।

কৃটিল ব্যক্তিগণের ভক্তির অনুবৃত্তিও হয় না। "কৃটিলানান্ত ভক্ত্যুথবৃত্তিরপি ন ভবতি। ন হি কুটিলাত্মনাং ভক্তির্ভবতি গোবিন্দে কীত্নং স্মরণং তথা।" (ভক্তিসঃ ১৫৩)। "কৃষ্ণং কীত্যুতস্তথান্থভজতঃ সাশ্রন্ সরোমোদগমান্। বাহাভান্তরয়োঃ সমান্বত কদা বীক্ষামহে বৈষ্ণবান্॥ (চৈঃ চন্দ্রোদয় ২।১১)।

শীরূপপাদ পদ্মপুরাণের প্রমাণ হইতে (ভঃ রঃ সিঃ)।২।২২) বলিয়াছেন, ভুক্তিমৃক্তি-স্পৃহার লেশও থাকিলে ভক্তি রসতা লাভ করিতে পারে না। "ভুক্তিমৃক্তি আদি বাঞ্ছা যদি মনে হয়। সাধন করিলে প্রেম উৎপন্ন না হয়।" মহাপ্রভু স্বয়ং "ন ধনং ন জনং" ইত্যাদি শ্লোকে তাহা শিক্ষা দিয়াছেন এবং শ্রীরূপপাদ বলিয়াছেন (এ ১।২।২৫১)—ধনশিয়াদিভিদ্বির্বা ভক্তিরুপপদ্যতে।

১৪। প্রতিগ্রহ কভু না করিবে রাজধন। বিষয়ীর অন থাইলে ছট্ট হয় মন॥ ইত্যাদি (চৈঃ চঃ ।১২।৫০-৫২)

বিত্রত্বাহত্তমতা হান্যা তত্থাশ্চ নাঙ্গতা॥—ধন ও শিয়াদি দারা যে ভক্তি উৎপন্ন হয়, তাহা কথনও উত্তমা ভক্তির অঙ্গ বলিয়া পরিগণিত হয় না। ঐ স্থানে ভক্তি-শৈথিল্য বশতঃ উত্তমতার হানি হয়। "জ্ঞানকর্মাদ্যনাবৃত্মিত্যাদি গ্রহণেন শৈথিল্যক্তাপি গ্রহণাদ্ ইতি ভাবঃ (প্রীজীব)।—জ্ঞান-কর্মাদি দ্বারা অনাবৃত, এই বাক্যের 'আদি' শব্দে শিথিল্যাকেও গ্রহণ করিতে হইবে। ভগবদ্বহির্ম্থ অন্যান্য গ্রন্থের অনুশীলন, শাস্ত্র-ব্যাখ্যাদির দ্বারা জীবিকা-সংগ্রহ ও মঠাদি ব্যাপারের প্রয়াস রূপপাদ ভাগবত-(৭।১৩৮) প্রমাণ উল্লেখে সর্বতোভাবে নিষেধ করিয়াছেন। ভক্তিদ্বারা জীবিকা ও প্রতিষ্ঠাদি অর্জনকারীকে নিদ্ধাম বা শুদ্ধভক্ত বলা ঘাইবে না। ঐহিকং-নিদ্ধামত্বং ভক্ত্যা জীবিকা-প্রতিষ্ঠাদ্যুপার্জনং যক্তদভাবময়মপি বোদ্ধব্যম্ "বিষ্কৃত্বং যো নোপজীবিতি" ইটি গারুড়ে শুদ্ধ-ভক্তলক্ষণাৎ। ভাগবতেও (৭।১।৪৬) ইহার সমর্থন দৃষ্ট হয়। (ভঃ সঃ ১৬৯)।

কর্মজানাদি-মিশ্রা ভক্তির প্রচারক আচার্যগণ মঠাদি ব্যাপারের অন্থর্বতন করিয়াছেন সত্য, কিন্তু শ্রীচৈতন্মচরগণ উহার অন্থুসরণ করেন নাই। ষড়্গোস্বামীর কোনও মঠ নাই, শ্রীস্বরূপদামোদর-শ্রীভূগর্ভ লোকনাথ-শ্রীপ্রবোধানন্দ
সরস্বতী-শ্রীকৃষ্ণদাস কবিরাজ, শ্রীনরোত্তম ঠাকুর মহাশয়, শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ,
শ্রীবলদেব বিভাভ্ষণ পর্যন্ত কোনও বিরক্ত গৌড়ীয় বৈষ্ণবাচার্যই মঠাদি ব্যাপারের প্রয়াস করেন নাই। "দেবসেবা চল করি বিষয় নাহি কর। বিষয়েতে রাগ দেব সদা পরিহর॥ মঠ-মন্দির দালান বাড়ীর না কর প্রয়াস॥" ইত্যাদি।
(শ্রীভক্তিবিনোদ প্রচারিত প্রেমবিবর্ত্ত)। আচার্যশিরোমণি শ্রীজীবপাদ একজনও
মন্ত্রশিশ্বসিধ বা মঠাদি স্থাপন না করিলেও তাঁহার দ্বারাই মহাপ্রভুর শুদ্ধভক্তির কথা বিশ্বে স্বাধিক প্রচারিত হইয়াছে।

ফলের দারাই বৃক্ষের পরিচয় পাওয়া যায়। শ্রীজীব-শ্রীরঘুনাথভট্ট, শ্রীরঘুনাথ-দাসাদি যাঁহার দীক্ষা ও শিক্ষা-শিশ্যবৃন্দ; শ্রীভূগর্ভ-শ্রীলোকনাথ শ্রীগোপালভট্ট-প্রমুথ নিষ্কিঞ্চন ভক্তিরসিকগণ যাঁহার নিজজন, শ্রীকৃঞ্চাস কবিরাজ-শ্রীহরিদাস

১৫। তেষাং (শ্রীজীবপাদানাং) মন্ত্রশিক্ষাকরণাৎ—সাধনদীপিকা ১ম কক্ষা।

পণ্ডিত-শ্রীগোবিন্দগোস্বামী-শ্রীষাদবাচার্য, শ্রীভগর্ভশিয় শ্রীচৈত্যদাস, শ্রীশ্রীনিবাস, শ্রীনরোত্তম, শ্রীশ্রামচন্দ্র কবিরাজাদি শত শত মহদ্গণ যাঁহার শিয়ান্থশিয়-সম্প্রদায় সেই রূপপাদপদ্মের অসমোধর্মাহাত্ম্য কোনদিন কোনরূপ বিজ্ঞাপনের দ্বারা প্রচার করিতে হয় নাই। তাঁহার শিয়ান্থশিয়-সম্প্রদায়ের অন্তর্বাহ্য অকপট আদর্শ চরিত্র ও অপূর্ব ভজনাদর্শ ই শ্রীরূপপাদপদ্মের শ্রীচরণ-নথজ্যোতির সৌন্দর্যে বিশ্বকে আকর্ষণ করিতেছে। শ্রীরূপকে অগ্রণী করিয়া যাঁহার পরিকরমণ্ডল অবস্থিত, সেই অথণ্ডমণ্ডলেশ্বর শ্রীচৈত্ন্যদেব যে পরতত্ত্বসীমা তাহাও প্রকাশিত হইয়াছে। এইরূপ পরিকর্বৈশিষ্ট্য স্বয়ংরূপতত্ত্ব ব্যতীত কুত্রাপি সম্ভব নহে।

শ্রীরপাত্রগবর শ্রীরঘুনাথ স্বকৃত মনঃশিক্ষায় "অসদার্ত্তা-বেশ্রা বিস্তজ মতি-সর্বস্থরণীঃ" ইত্যাদি উক্তি দারা আমাদিগকে অসদ্বাত্র-গ্রাম্যকথা, প্রজন্প, পরচর্চা, এমন কি মুক্তিকথা, অধিক কি ঐশ্বর্যমার্গীয় ভক্তির কথা হইতে দূরে থাকিবার উপদেশ প্রদান করিয়াছেন। সর্বক্ষণ শ্রীকৃষ্ণনামকীতনিকারীর তাহা আরুষঙ্গিক-ভাবেই সিদ্ধ হয়। শ্রীদাস গোস্বামিপাদ বলিয়াছেন-প্রতিষ্ঠাশারপা কুক্রমাংসভোজিনী জাতীয়া নিল জ্জা কামিনী হৃদ্যে নৃতা করিতে থাকিলে পবিত্র সাধুস্বরূপ যে প্রেম, তাহা কিছুতেই হৃদয় স্পর্শন্ত করিতে পারে না। কনক-কামিনীর প্রতি সময়ান্তরে বিরক্তি আসে, কিন্তু যশঃকামনার প্রতি মহাজ্ঞানীরও, সর্ববিষয়-বিরক্তেরও বিরক্তির উদয় হয় না। 'দেহান্তে লোক খ্যাতিগান করিবে' এই আশা সর্বত্যাগ করিয়াও আমরা ত্যাগ করিতে পারি না। ইহা সর্ব অনর্থের মূল। (মনঃশিক্ষা ৭, শ্রীহরিভক্তিবিলাস ২০।৩৭০)। শ্রীশ্রীগৌর-নিত্যানন্দপার্ষদ শ্রীদদাশিবত মুজ পরমারাধ্যপাদ শ্রীল পুরুষোত্তম ঠাকুর তৎকৃত 'শ্রীহরিভক্তিতত্ত্বদারসংগ্রহে' ভাগবতের (৪।১৫।২৩-২৬) শ্রীপৃথুচরিতের আদর্শ উল্লেখ করিয়া বলিয়াছেন, "ভগবস্তক্ত আত্মস্তবনমপি ন সহতে"— ভগবদ্ধক্ত আত্মপ্রশংসাও সহ্ করেন না। সার্বভৌম সমাট্ শক্ত্যাবেশাবতার পৃথুমহারাজ বলিয়াছেন, সর্বদাই স্তবনীয় উত্তমঃশ্লোক ভগবানের গুণানুবাদ বর্তমান থাকিতে এবং মহাপুরুষ ভগবানের গুণসমূহ নিজে শিরোভূষণ করিতে

পারিলে কোনও অভিজ্ঞ ব্যক্তি (সদ্গুণসমূহ থাকিলেও) নিজ অনুগত ব্যক্তিগণেরও কৃত স্থব শ্রবণ করেন না। প্রসিদ্ধ, সমর্থ ও পরমোদার ব্যক্তিগণ নিজস্তবে লজ্জাবোধ করিয়া উহার নিন্দাই করিয়া থাকেন। শ্রীসার্বভৌম ভট্টাচার্য্য শ্রীমন্মহাপ্রভুর স্থবাত্মক তৃইটি শ্লোক রচনা করিয়া প্রভুর নিকট পাঠাইয়াছিলেন। মহাপ্রভু উক্ত শ্লোক পাঠ করিয়াই পত্রটি ছিড়িয়া ফেলিলেন। স্বয়ং ভগবান্ পর্যান্ত ভক্তের আচরণলীলায় এই আদর্শ প্রদর্শন করিয়াছেন।

बी जिम्न-প्रवानी

শ্রীরপান্থগধারার সদাচারান্থসারে শ্রীমন্ত্রগুরুদেব রুপাপূর্বক দীক্ষা দানকালেই সম্বন্ধ-বিশেষ-জ্ঞান-প্রতিপাদক সিদ্ধ-প্রণালী প্রদান করেন। "দিব্যং জ্ঞানং হৃত্র শ্রীমতি মন্ত্রে ভগবংস্বরূপজ্ঞানম্, তেন ভগবতা সম্বন্ধ বিশেষ-জ্ঞানঞ্চ (শ্রীভক্তিসন্দর্ভ ২৮০ অনু)—দীক্ষা বা দিব্যজ্ঞান-শব্দে শক্তিযুক্ত মন্ত্রে সাক্ষাং শ্রীভগবং-স্বরূপজ্ঞান এবং সেই মন্ত্রের দেবতা শ্রীভগবানের সহিত সাধকের সম্বন্ধ-বিশেষ জ্ঞান বুঝিতে হইতে। শ্রীরূপান্থগধারায় প্রদন্ত কিশোর-গোপালমন্ত্রের দেবতার সহিত যে সম্বন্ধ-বিশেষ-জ্ঞান, তাহা শ্রীপদাপুরাণের পাতালখণ্ডে (৫২।৭-১১) উক্ত হইয়াছে। তাহাই শ্রীগোপীজনবল্লভের সহিত শ্রীমন্ত্রগ্রুক-রূপা স্থীমঞ্জরী-কর্তৃক সাধক-মঞ্জরীর সম্বন্ধ-নাম-রূপ-বয়ঃ-বেশাদির ভাববিশেষ জ্ঞানের সঞ্চার। শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ শ্রীগুরুদেবাস্থকে (৬)—নিকুঞ্জযুনো রতিকেলিসিকৈর্যঃ" ইত্যাদি শ্লোকেও তাহা জ্ঞাপন করিয়াছেন। শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধবকে (ভাঃ ১১।১৫।২৬) বলিয়াছেন—

যথা সঙ্কলয়েদ্ বুদ্যা যদা বা মৎপরঃ পুমান্। ময়ি সত্যে মনো যুঞ্জেথা তংসমুপাশুতে॥

'যথা'স্থানে 'যদা' পাঠান্তরে অকালে কালেইপি বেত্যর্থ: (চক্রবর্তী)। কালেই হউক, আর অকালেই হউক অথবা যেপ্রকারেই হউক, সত্যসন্ধল্ল আমার প্রতি মনোনিবেশ করিয়া পুরুষ মনে যেরূপ সন্ধল্ল করে, সেইরূপই স্বাভীপ্ট লাভ করে।

এই সিদ্ধান্তের সমর্থক ছান্দোগ্যোপনিষদ্ (৩1১৪1১), বৃহদারণ্যকোপনিষদ্

(৪।৪।৫), শ্রীগাতা (৮।৬) ইত্যাদি শাস্ত্রপ্রমাণ শ্রীপ্রাতিদন্দর্ভে (৫১ অয়)
উদ্ধৃত হইয়াছে। শ্রীল ঠাকুর মহাশয়ও বলিয়াছেন—'সাধনে ভাবিবে য়হা,
দিদ্ধ দেহে পাবে তাহা।' কিন্তু অজাতরতি সাধকের পক্ষে দিদ্ধদেহের চিন্তা
ও তদমুরূপ অভিমান কি ব্যর্থ নহে? এখানে জ্ঞাতব্য এই, শ্রীরূপায়ুগধারায়
শ্রীমন্ত্রগুরুদের অজাতরতি সাধক-শিশ্তকেও শাস্ত্রপ্রমাণ ও সদাচারায়্বর্ত্তনে যে দিদ্ধপ্রণালী প্রদান করেন, তয়ধ্য নামসংকীর্তনের অধীনরূপেই স্মরণের উপদেশ—
ইহাই শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (চৈঃ চঃ তাডা২০৭)— য়মানী মানদ হঞা রুফ্তনাম
সদা লবে। ব্রজে রাধারুফ্ত-সেবা মানসে করিবে॥ শ্রীজীবপাদও তাহাই
বিনিয়াছেন,—শুদ্ধান্তঃকরণশ্চেৎ নামকীর্ত্তনাপরিত্যাগেম স্মরণং কুর্য্যাৎ
(ক্রমসন্দর্ভ গারাহ ও ভক্তিদন্দর্ভ ২৭৫)—যদি অন্তঃকরণ শুদ্ধ হইয়া থাকে,
তবে নামকীর্ত্তন অপরিত্যাগে স্মরণ করিবে। নামকীর্ত্তন চিত্তশুদ্ধির অপেক্ষা
করে না। কিন্তু স্মরণমাত্রেই (শ্রীনামস্মরণও) চিত্তশুদ্ধির অপেক্ষাযুক্ত। "নামস্মরণম্ভ শুদ্ধান্তঃকরণতামপেক্ষতে" (ঐ ২৭৬)।

শ্রীভন্তিসন্দর্ভে নাম, রূপ, গুণ, পরিকর ও লীলার যথাক্রম-পরিপাটীতে স্মরণ বিহিত হইয়াছে অর্থাৎ স্মরণের মধ্যেও শ্রীনামেরই স্মরণ হইবে সর্বাগ্রণী। স্মরণ পাঁচ প্রকার—(১) স্মরণ, (২) ধারণা, (৩) ধ্যান, (৪) গ্রুবারু—স্মৃতি এবং (৫) সমাধি। যথাকথঞ্চিদ্ভাবে শ্রীভগবানের নাম, রূপ, গুণ, পরিকর ও লীলার অন্তুসন্ধানই হইতেছে 'স্মরণ'। ইহাই ক্রমশঃ গাঢ়তর হইতে গাঢ়তম অবস্থায় 'সমাধি'। লীলাযুক্ত শ্রীভগবানে তাঁহার লীলা ব্যতীত অন্ত কিছুর স্ফৃতি না হওয়াই সমাধির লক্ষণ—"কচিল্লীলাদিযুক্তে চ তন্মিন্নতাস্ফূতিঃ সমাধিঃ স্থাৎ।" কিন্তু অজাতরতি ও অনর্থযুক্ত ব্যক্তির যথাকথঞ্চিদ্ ভাবেও শ্রীভগবন্ধান-রূপাদির অন্তুসন্ধানরূপ স্মরণ দস্তব নহে। স্মরণে বা ধ্যানে চিত্তের হৈর্য্য একান্ত প্রয়োজন। নাম-সংকীর্ত্তনের দ্বারাই প্রথমেই হয়—"চেতোদর্পণ মার্জ্জনম্"—"সংকীর্ত্তন হৈতে পাপ সংসার-নাশন। চিত্তগুদ্ধি সর্বভক্তিসাধন উদ্যাম।" অতএব অজাতরুচি সাধকেরও শ্রীনামসংকীর্ত্তনরূপ অঙ্গী ভজনের

ফলেই স্মরণাদি ভক্তাঙ্গের স্বাভাবিক বিকাশ ও তাহাতে আবিষ্টতা হয়। ইহাই শ্রীরূপের শ্রীউপদেশামূতের উপদেশ-সার।

"স্থাৎ কৃষ্ণনামচরিতাদি-সিতাপ্যবিতা" (উপদেশামৃত ৭ম) এবং "তরাম-রপ-চরিতাদি" (ঐ ৮ম) ইত্যাদি শ্লোকে শ্রীরপ-পাদ বলিয়াছেন, অবিতারপণ পিত্রের ঘারা উত্তপ্ত জিহ্বায় শ্রীকৃষ্ণের পরমমধুর নামলীলাদিরপ উত্তম মিছরিও তিক্ত বোধ হয়; কিন্তু আদরের সহিত প্রত্যহ সেই শ্রীনাম-লীলাদি-মিছরিই সেবিত হইলে অবিতা-রোগের মূল বিনাশ করে এবং ক্রমে ক্রমে তাহা স্বাহ্ন বোধ হয়। শ্রীকৃষ্ণ-নামকীর্ত্তন-মূথে যথাক্রমে শ্রীকৃষ্ণরপ-লীলাদির স্কৃষ্ণ (নিরপরাধে) কীর্ত্তনে ও অনুস্মরণে জিহ্বা ও মনকে নিয়োগ করিয়া সমর্থা পক্ষে দৈহিকভাবে, অসমর্থ পক্ষে মানসে ব্রজে অবস্থানপূর্বক ব্রজান্থরাগী জনের সাধকদেহে শ্রীপ্রীরপ-সনাতনাদির ও শ্রীরপান্থগবর শ্রীগুরুবর্গের এবং সিদ্ধদেহে শ্রীরপমঞ্জরী ও শ্রীগুরুরপা স্থীমঞ্জরীর আনুগত্যে নিখিল কাল (অষ্টকাল) যাপন করিবে, ইহাই উপদেশ-সার। অতএব একান্ত নামাশ্রয়ী হইয়াই শ্রীরপান্থগিদির প্রণালীর সেবা শ্রীরূপের উপদেশ-সার-নির্য্যাস।

শ্রীল ঠাকুর মহাশ্রের 'প্রার্থনা'র সর্বপ্রথম গীতিটির মধ্যেই শ্রীরূপানুগ-ভজনকারীর প্রথমেই জ্রেন-পরিপাটি স্থসংক্ষেপে সম্পূটিত রহিয়াছে। শ্রীরূপান্থগ-ভজনকারীর প্রথমেই গৌরাঙ্গনাম-কীত না গৌরনাম-কীত নানুশীলনে অপরাধের অপগমে চিত্তপ্রের প্রথম-চিহ্ন দেহে পুলকের আবির্ভাব। "গৌরাঙ্গ বলিতে হবে পুলক শরীর।" তৎপরে "হরি হরি" (আগহরি [ভা ১০।৭২।১৫])—শ্রীগৌরহরি ও শ্রীরূষ্ণহরি এই হই হরিনামের পুনঃপুনঃ কীত নে বিশিপ্টচিত্তপ্রবের চিহ্ন আনন্দাশ্রুকলার উদ্গম, "হরি হরি বলিতে নয়নে ববে নীর।" "রোমহর্ষস্থাবৎ যৎকিঞ্চিতিত্তব্বস্থা চিহ্নম্, আনন্দাশ্রুকলা তু বিশিপ্তস্থা তস্তা চিহ্নম্" (ক্রমসন্দর্ভ ১১।১৪।২৪)। শ্রীগৌরক্রফনামপ্রেমপ্রদাতা নিতাইচাদ—সম্প্রিমন্তগুরুদেবে। শ্রীনামই শ্রীনিত্যানন্দাশ্রিত ব্যঞ্জিমন্তগুরুদেবের শ্রীচরণাশ্রয় করাইয়া পাপেন। "আর কবে নিতাইচাদ

করুণা করিবে। সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হবে। বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হবে মন। কবে হাম হেরব সেই বৃন্দাবন॥" "কথঞ্চিজ্জাতেংপি চিত্তদ্রবে রোমহর্বাদিকে বা ন চেদাশয়গুদ্ধিস্তদাপি ন ভক্তেঃ সম্যুগাবির্ভাব ইতি জ্ঞাপিতম্ আশয়শুদ্ধিনাম চান্ততাৎপর্যপরিত্যাগঃ প্রীতিতাৎপর্যঞ্চ।" (প্রীতিসন্দর্ভ ৬৯)। কোন প্রকারে চিত্তবিগলিত হইলেও বা দেহে পুলকাদির উদ্গম হইলেও যদি চিত্তভদ্দি না হয়, তাহা হইলে তখনও ভক্তির সম্যক আবিভাব হয় নাই, ইহাই জ্ঞাপন করা হইয়াছে। চিত্তশুদ্ধি বলিতে অন্তাৎপর্য (অন্তাভিলাষ) পরিত্যাগ এবং ক্লফপ্রীতি-তাৎপর্যমাত্র জানিতে হইবে। কারণ বিষয়ামুরাগীরও বিষয়ভোগে শরীরে রোমাঞ্চাদি দৃষ্ট হয় কিন্তু তাহাতে অন্তঃকরণ শুদ্ধ হয় না। ভক্তিই একমাত্র প্রাণবিজ্ঞাতা (শ্রীনাথচক্রবর্তীটীকা তা ১১।১৪।২৩)। প্রেম-স্থর্বের কিরণকল্প শুদ্ধসত্ত্বের (সম্বিৎশক্তির বৃত্তির) আবিভাবের উজ্জ্লীকৃতচিত্তে রতি (স্থায়ীভাব) অপেক্ষা অতিশয় চমৎকারিতা ধারণপূর্বক যাহা আসাদিত হয়, তাহাই 'রস'। (ভঃ রঃ সিঃ হা৫।১৩২)। ব্রজ বা বৃন্দাবন অপ্রাক্ত দাদশরস্পীঠ। উজ্জ্লীকৃত চিত্তের রস-সাক্ষাৎকারের পিপাসা স্বাভাবিক। শ্রীশ্রীরপরঘুনাথের চরণে আকুতি বা লোল্যই সেই ভক্তিরসভরা মতির একমাত্র মূল্য। তাঁহাদের ক্লপায়ই যুগলকিশোরের কুঞ্জদেবা-রদের যথাযোগ্য অত্নভব হয় এবং সেই শ্রীশ্রীরূপরঘুনাথের নিরন্তর অকপট আহুগত্যের আশাবন্ধ সাধককে সেবামৃতরসে অভিষিক্ত করিয়া রাখে। এই প্রার্থনাই শ্রীরূপানুগ-সাধকের ভজন। "রূপ-রঘুনাথ বলি হইবে আকৃতি। কবে হাম বুঝাব সে যুগল পিরীতি। রূপ-রঘুনাথপদে রহু মোর আশ। প্রার্থনা করয়ে সদা নরোত্মদাস।"

শ্রীধাম-পুরী, শ্রীরথযাত্রা, শ্রীল স্বরূপদামোদর-তিরোভাব ও শ্রীল কান্মঠাকুরের আবির্ভাব, ২৩আযাঢ়, ১৩৬৬

শ্রীশ্ররপাত্বগ-বৈষ্ণবদাসাত্বদাসগণের শ্রীপদধ্লিকণপ্রার্থী দীনাতিদীন শ্রীস্থন্দরানন্দদাস (বিছাবিনোদ)